জন্মোৎসবকাল

আহ্বান সঙ্গীত

প্রভুর আত্মপ্রকাশ পর্বের আগে

ধুয়ো : মোদের জন্য যিনি জন্ম নিয়েছেন,
এসো, সেই প্রভুর চরণে প্রণিপাত করি।

বিকল্প

ধুয়ো : মোদের জন্যই খ্রীষ্ট জন্ম নিয়েছেন ;
এসো, প্রণিপাত করি।

প্রভুর আত্মপ্রকাশ পর্ব থেকে

ধুয়ো : প্রভু মোদের মাঝে আত্মপ্রকাশ করেছেন ;
এসো, প্রণিপাত করি।

জাগরণীতে স্তোত্র

প্রভুর আত্মপ্রকাশ পর্বের আগে

১। ত্রিত্বের শুভ ছবি, খ্রীষ্ট,
জ্যোতি ও জীবন হয়ে এলে,
এলে মৃত্যুর ঔষধ হয়ে,
পরিত্রাণের দ্বার।

২। স্বর্গদূতরা মর্তে নেমে
ধরছেন এমন স্বর্গীয় সঙ্গীত :
গৌরব পিতার, মানবজাতির
শান্তি আশীর্বাদ।

৩। খড়ে শুয়ে, ছোট্ট শিশু,
তুমি কিন্তু ভুবনেশ্বর,
নির্মলা কুমারীর সন্তান,
প্রেমময় হে।

৪। জন্ম নিলে মোদের দিতে
তব স্বর্গ আবাসরূপে ;
মাংস হয়ে এখন তুমি
মোদের একজন হে।

৫। স্বর্গদূতদের সঙ্গে, এসো,
স্বর্গীয় সঙ্গীত মোরাও ধরি :
পিতা, পুত্র, পবিত্রাত্মার
জয় জয় হোক। (২০শ শতাব্দী)

প্রভুর আত্মপ্রকাশ পর্ব থেকে

১। পন্ডিতগণ শিশুকে দে'খে
সোনা, ধূপ ও গন্ধনির্যাস
উপহার তাঁর কাছে দিয়ে
করিছেন প্রণাম।

২। তব রাজ্য ও মহিমার
চিহ্ন দেখ, ওগো শিশু ;
পিতা তোমায় ত্রিগুণ গৌরব
করিছেন আরোপ।

৩। সোনা বলে : তুমি রাজা,
ধূপের অর্থ : তুমি ঈশ্বর,
গন্ধনির্যাস করে ইঙ্গিত
তব সমাধির।

৪। হে বেথলেহেম, ধন্য তুমি
মহানগরীদের মধ্যে,
তোমার কোলেই হলেন মানুষ
স্বর্গীয় ত্রাণেশ্বর।

৫। তাঁরই হাতে ঈশ্বর পিতা,
সকল নবী সাক্ষীরূপে,

৬। সার্বজনীন তব রাজ্য :
স্বর্গ মর্ত ভূতল সাগর,

বিশ্বের 'পরে রাজ্য ও বিচার
অধিকার দিলেন।

দিবস রাত্রি ঋতু বছর,
জগতের প্রাণী।

৭। আজই করলে আত্মপ্রকাশ,
তব, যীশু, করি স্তুতি,
পরম পিতা ও পবিত্রাত্মার
হোক সমস্তুতি।

(প্রুদেন্তিউস † ৪০৫)

প্রভাতী বন্দনায় স্তোত্র

প্রভুর আত্মপ্রকাশ পর্বের আগে

১। সূর্যের উদয়গিরি অবধি
মর্তের সীমা পর্যন্ত হে,
এসো, কুমারীর জাত নৃপতি
খ্রীষ্টের বন্দনা করি হে।

২। বিশ্বনির্মাতা আজই কী করলেন!
দাসের দেহ গ্রহে তিনি
মাংসের মাধ্যমে মাংসের করলেন ত্রাণ,
করলেন মানুষকে উদ্ধার হে।

৩। শুচি জননীর গর্ভ হল যে
ঐশকৃপার সিন্ধুক হে:
কন্যা কুমারী আদৌ জানতেন না
কেমন অতিথি এলেন যে।

৪। নিষ্পাপ গর্ভ যে হল তৎক্ষণাৎ,
দেখ, ঈশ্বরের মন্দির হে!
নরকে না জেনে, থেকে কুমারী
হলেন সন্তানসম্ভবা হে।

৫। যিনি কুমারীর হলেন গর্ভস্থ
তাঁর সংবাদ দিয়েছিলেন দূত;
গর্ভে অন্তরালবর্তী হয়েও
তাঁকে চিনেছিলেন যোহন।

৬। দেখ, শুইছেন খড়ে যে শিশু,
আছেন জাবপাত্রে খুশি হে,
যিনি মাতার দুধ খেতে চাইছেন,
তিনি তো ভুবনেশ্বর হে।

৭। স্বর্গদূতেরা 'জয়' গাইছেন,
সাধুসাধ্বীদের উল্লাস হে;
প্রথম রাখালদের যিনি পূজিত,
তিনি তো উত্তম রাখাল হে।

৮। 'জয় শ্রীযীশুর' মোরা গাইছি,
তুমি জন্ম আজ নিলে হে;
পরম পিতা ও পরমাত্মার হোক
সমস্তুতি যুগযুগ ধরে।

(সেদুলিউস † ৪৪০)

প্রভুর আত্মপ্রকাশ পর্ব থেকে

১। খ্রীষ্টের অন্বেষ যারা হে,
চোখ তোল তোমরা স্বর্গের দিকে:
দেখবে সেখানে তোমরা যে
ঐশশক্তির লক্ষণ।

২। সূর্য হতে জাজ্বল্যমান
সে-ই যে তারা দিচ্ছে সংবাদ:
এসেছেন এ পৃথিবীতে
মরদেহে ঈশ্বর।

৩। আজ আরব সেই দূর দেশের
জ্যোতিষী তিনজন ঊর্ধ্বপানে
অনুক্ষণ সন্ধান করিছেন
রাজকীয় লক্ষণ।

৪। ইনি কে? তাঁরা জিজ্ঞাসেন,
যিনি জ্যোতিষ্করাজির রাজা,
জ্যোতি তমসা ভয়তে
যাঁকে করে প্রণাম।

৫। এমন বিখ্যাত একজনকে
মোরা অন্বেষি, অমর যিনি,
যিনি সর্বোত্তম, সর্বোচ্চ,
বিশ্ব হতে প্রাচীন।

৬। ইনি সর্বজাতির রাজা,
ইহুদীদের সেই রাজা যিনি
আব্রাহাম ও তাঁর বংশের কাছে
ছিলেন প্রতিশ্রুত।

৭। আজই করলে আত্মপ্রকাশ,
তোমারই, যীশু, করি স্তুতি,
পিতার ও পবিত্র আত্মার
করি সমস্তুতি। (প্রুদেন্তিউস † ৪০৫)

পূর্বাহ্ণ প্রহরে স্তোত্র

১। হৃদির গোপন গুহার মাঝে
পিতা ও পুত্র সহ,
মোদের একত্রিত করতে
এসো, পরম পবন।

২। মোদের চিন্তা কথা কর্মে
তব স্তুতি জাগুক;
মোদের দিব্য প্রেমের শিখায়
সবার হৃদি জ্বলুক।

৩। পিতা ও পুত্রের কথা যেন
জানি তোমার দ্বারা,
তুমি যে উভয়ের আত্মা
বিশ্বাস করব মোরা। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: তৃতীয় ঘণ্টা পালন ক'রে; পৃঃ ৪৩৬।

মধ্যাহ্ন প্রহরে স্তোত্র

১। ঋতুচক্রের সৎ নিয়ন্তা,
জগৎ এতে তৃপ্ত:
প্রভাত কর আলোময়,
দুপুর অগ্নিদীপ্ত।

২। উষ্ণ বিবাদ নিবাও তুমি,
ঘোচাও যত ভ্রান্তি;
দেহে সঞ্চার কর স্বস্তি,
হৃদে পরম শান্তি।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: ষষ্ঠ ঘণ্টা মোদের ডাকছে; পৃঃ ৪৩৭।

অপরাহ্ণ প্রহরে স্তোত্র

১। বিশ্বসৃষ্টির পরম নির্ভর
তোমায়, প্রভু, স্থিতি;
দিনে তো নির্ধারণ কর
ভিন্ন ভিন্ন জ্যোতি।

২। সন্ধ্যায় এমন জ্যোতি দিও
যাতে জীবন নিত্য,
যাতে পুণ্য মৃত্যুর ফলে
চিরগৌরব প্রাপ্য।

৩। শোন যাচনা, স্নেহের পিতঃ,
তুমিও, পুত্র ঈশ্বর,
পিতা ও আত্মার সঙ্গে যিনি
সর্বদা রাজেশ্বর। (সাধু আম্ব্রোজ † ৩৯৭)

বিকল্প: নবম ঘণ্টায়, এসো, করি; পৃঃ ৪৩৮।

সন্ধ্যারতিতে স্তোত্র

প্রভুর আত্মপ্রকাশ পর্বের আগে

১। সকলের মুক্তিদাতা, জগতের পরিত্রাতা,

তোমাকে, যীশু, প্রেরণ করেছেন পিতা ;
জ্যোতিরও সৃষ্টির পূর্বে পরম জ্যোতি তুমি,
পিতারই ঐশগৌরব তোমারও বিভা।

২। পিতারই তুমি জ্যোতি, পিতারই তুমি দীপ্তি,
সকলের তুমি আশা, সকলের কান্তি ;
জগতের চারিপ্রান্তে ডাকি গো কাতর কণ্ঠে,
দাস-দাসী তব মোরা : দান কর শান্তি।

৩। সর্বোত্তম নিখিল স্রষ্টা শ্রীযীশু, কর স্মরণ
কুমারীর গর্ভে নেমে তোমার কী হল :
মোদেরই মরদেহ করেছ তুমি ধারণ,
মোদেরই আপন করে করেছ বরণ।

৪। এই দিবস জগদ্‌জুড়ে সাক্ষ্যদান ক'রে চলে :
পরম পিতার বক্ষনিঃসৃত পুত্র
এসেছ এইদিন বিশ্বের ত্রাণকর্তারূপে তুমি,
চমৎকার নিগূঢ়তত্ত্ব, চমৎকার সত্য।

৫। তোমাকে সূর্য চন্দ্র নক্ষত্র সকল প্রাণী
তোমাকে স্বর্গ মর্ত ভূগর্ভ সাগর
তোমাকে নতুন সুরে শোনায় নবসঙ্গীত :
তুমি যে জন্ম নিলে পরিত্রাণ-সাধক।

৬। তোমারই পুণ্য রক্ত-তরঙ্গ যাদের প্রাণ
করেছে সিঞ্চন, সায়ংসন্ধ্যার এ লগ্নে
জয়রব তুলি মোরা তব এ জন্মদিনে,
তুমি যে নবজাতক মোদেরই ঘরে।

৭। শ্রীযীশু, তব জয় গাইছি স্ফূর্তির সঙ্গে
তুমি যে জন্ম নিলে কুমারী ক্রোড়ে ;
পরম পিতার এবং পরম আত্মার সঙ্গে
তব হোক জয়ধ্বনি চিরকাল ধরে।

(৬ষ্ঠ শতাব্দী)

প্রভুর আত্মপ্রকাশ পর্ব থেকে

১। নিষ্ঠুর হেরোদ বা কেন
খ্রীষ্টকে এত ভয় করছ?
স্বর্গ দান করেন যিনি,
মর্তরাজ্য চান না তিনি।

২। তিনজন জ্যোতিষী আসছেন
দিশারী তারকার পথে,

৩। নদীর জলে ডুব দিচ্ছেন
সনাতন মেষশিশু খ্রীষ্ট :
নিষ্পাপো ছিলেন যিনি,
বিশ্বপাপ হরিছেন তিনি।

৪। দেখ! অলৌকিক কার্য :
জালার জল লাল হয়ে যাচ্ছে,

জ্যোতিতে জ্যোতি খুঁজছেন,
ঈশ্বরকে দান করবেন উপহার।

দেখ! তা আঙুররস হল :
খ্রীষ্টের মহিমা প্রকাশ্য।

৫। আজই করলে আত্মপ্রকাশ,
তব, যীশু, করি স্তুতি,
পিতা ও পবিত্রাত্মার,
এসো, করি সমস্তুতি। (সেদুলিউস † ৪৪০)

২৫শে ডিসেম্বর

প্রভুর জন্মোৎসব

মহাপর্ব

১ম সন্ধ্যারতি

১ম ধুয়ো : আজই * সেই শান্তিরাজের গৌরবময় আবির্ভাব,
যাঁর শ্রীমুখ দেখতে নিখিল বিশ্ব ব্যাকুল। সাম ১১০
২য় ধুয়ো : আজ * শান্তিরাজের গৌরব
নিখিল বিশ্বের সকল রাজার উপর প্রকাশিত। সাম ১১১
৩য় ধুয়ো : মারীয়ার * প্রসবের সময় এখন উপস্থিত।
তিনি তাঁর প্রথমজাত পুত্রকে প্রসব করবেন। সাম ১১২
৪র্থ ধুয়ো : তোমরা * সোজা হয়ে দাঁড়াও, মাথা উচ্চ কর;
কেননা তোমাদের মুক্তি কাছে এসে গেছে। সাম ১১৩
৫ম ধুয়ো : বরেরই মত
বাসর থেকে বেরিয়ে আসেন প্রভু। গীতিকা ফিলি

বাণী পাঠ গা ৪:৪-৫

যখন সময়ের পূর্ণতা এল, তখন ঈশ্বর তাঁর আপন পুত্রকে প্রেরণ করলেন, যিনি নারীগর্ভে জন্ম নিলেন, বিধানের অধীনে জন্ম নিলেন, যেন মূল্য দিয়ে তিনি বিধানের অধীনস্থ যত মানুষের মুক্তিকর্ম সাধন করতে পারেন, যেন আমরা দত্তকপুত্রত্ব লাভ করতে পারি।

শ্লোক

℣ আজ তোমরা জানতে পারবে, * আমাদের প্রভু আসছেন।
℟ আজ তোমরা জানতে পারবে, * আমাদের প্রভু আসছেন।
℣ প্রভাতেই দেখতে পাবে তাঁর গৌরব।
℟ আমাদের প্রভু আসছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ আজ তোমরা জানতে পারবে, * আমাদের প্রভু আসছেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : সূর্য * আকাশে উদীয়মান হলে,
তখনই তোমরা দেখতে পাবে,
বাসর থেকে বেরিয়ে আসা বরেরই মত,
পিতা থেকে আসছেন রাজার রাজা।

মিনতি নিবেদন

যিনি নিজেকে রিক্ত করে দাসের দশা ধারণ করলেন এবং সবদিক দিয়ে পরীক্ষিত হয়েও কোন পাপ করেননি, আসুন, সেই খ্রীষ্টযীশুর দিকে ফিরে প্রার্থনা করি :

তোমার জন্মের খাতিরে, আমাদের ত্রাণ কর, প্রভু।

-নবীরা যে নবীন কালের কথা বলে গেছিলেন, আমাদের এই জগতে এসে তুমিই সেই কালের সূচনা করেছিলে। আশীর্বাদ কর, তোমার ভক্তজন যেন সবসময় নতুন আত্মিক জন্মে নবায়িত হতে পারে।

-তুমি আমাদের মানবীয় দুর্বল অবস্থা আপন করে নিয়েছ। অন্ধের চোখ খুলে দাও, দুর্বলের অন্তর দৃঢ় করে তোল, অসহায়কে সান্ত্বনা দান কর।

-তোমার জন্ম মানুষের ঘরে পরিত্রাণের শুভসংবাদ এনে দিয়েছে। মরণাপন্ন যারা, তাদের স্বর্গীয় জীবনের আশা দান কর।

-তুমি এ পৃথিবীতে নেমে এসেছিলে আমরা যেন স্বর্গে যেতে পারি। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার স্বর্গধামে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, আমরা যারা গভীর আকাঙ্ক্ষার সঙ্গে আমাদের মুক্তিকর্মের প্রতীক্ষায় রয়েছি, তুমি প্রতিটি বছর এই আমাদের আনন্দিত করে থাক। আশীর্বাদ কর: আমরা আনন্দিত মনে যাঁকে আজ মুক্তিসাধকরূপে বরণ করি, তোমার সেই একমাত্র পুত্র যখন বিচারকরূপে আসবেন, তখনও আমরা যেন নির্ভয়ে তাঁর দিকে তাকাতে পারি।

সমাপনী অনুষ্ঠান

যাঁরা নিশিজাগরণী ও নৈশ মিসায় অংশ দেন না, তাঁরা সমাপনী অনুষ্ঠান পালন করবেন।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : মোদের জন্যই খ্রীষ্ট জন্ম নিয়েছেন ;
এসো, প্রণিপাত করি। সাম ৯৫

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো : প্রভু * বলেছেন আমায় :
তুমি আমার পুত্র, আমি আজ তোমাকে জন্ম দিলাম। সাম ২
২য় ধুয়ো : বরেরই মত
বাসর থেকে বেরিয়ে আসেন প্রভু। সাম ১৯
৩য় ধুয়ো : তোমার ওষ্ঠ * প্রসাদে উচ্ছ্বসিত,
পরমেশ্বর তোমাকে আশিসধন্য করেছেন চিরকালের মত। সাম ৪৫

℣ বাণী হলেন মাংস। আল্লেলুইয়া।
℟ তিনি আমাদের মাঝে বাস করলেন। আল্লেলুইয়া।

২য় পর্ব

১ম ধুয়ো : তোমার মন্দিরে
আমরা তোমার কৃপার কথা ধ্যান করি, পরমেশ্বর। সাম ৪৮
২য় ধুয়ো : তাঁর জীবনকালে * মহাশান্তি হবে প্রস্ফুটিত,
তিনি পৃথিবী জুড়ে আধিপত্য করবেন। সাম ৭২
৩য় ধুয়ো : প্রভু * জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। আল্লেলুইয়া। সাম ৯৮

℟ তাঁর মধ্যে ছিল জীবন ;
℣ জীবন ছিল মানুষের আলো।

৩য় পর্ব

ধুয়ো : প্রভু * যেরুসালেমের উপর
প্রবাহিত করবেন নদীর মত শান্তি ও পরিত্রাণ।

জয়গান **গীতিকা ইসা ২৬:১-৪,৭-৯,১২**

সেই নগরীর প্রাচীর বারোটা ভিত্তির উপরে স্থাপিত (প্রত্যা ২১:১৪)।

আমাদের শক্তিশালী এক নগরী আছে,
ত্রাণস্বরূপ তিনি প্রাচীর ও প্রাকার-বেষ্টনী দিলেন।
খুলে দাও নগরদ্বার,
প্রবেশ করুক সেই ধর্মময় জাতি যে বিশ্বস্ততা বজায় রাখে।

যার মন সুস্থির, তুমি তাকে পূর্ণ শান্তিতেই পালন করবে,
কারণ সে তোমাতেই ভরসা রাখে,
তোমরা প্রভুতে ভরসা রেখ চিরকাল ধরে,
প্রভুই তো শাশ্বত শৈল।

ধার্মিকের পথ সমতল পথ,
ধার্মিকের রাস্তা তুমি কর সরল-সোজা।
সত্যি, তোমার বিচারগুলির পথে আমরা তোমার প্রত্যাশায় রয়েছি, প্রভু,
তোমার নাম, তোমার স্মৃতিই আমাদের প্রাণের অভিলাষ।

রাতে তোমাকেই আকাঙ্ক্ষা করে আমার প্রাণ,
প্রভাতে আমার আত্মা তোমার অন্বেষণ করে,
কারণ যখন তোমার বিচারগুলি পৃথিবীতে আসে,
তখন জগতের অধিবাসীরা ধর্মময়তায় উদ্বুদ্ধ হয়।

প্রভু, তুমি আমাদের মঞ্জুর করবে শান্তি,
কারণ তুমিই তো সম্পন্ন কর আমাদের সকল কাজ।

প্রভুর আগমন **গীতিকা ইসা ৪০:১-৮**

প্রভুর বাণী চিরস্থায়ী। এটি সেই সুসমাচারের বাণী যা তোমাদের কাছে প্রচারিত হয়েছে (১ পি ১:২৫)।

'সান্ত্বনা দাও, আমার জাতিকে সান্ত্বনা দাও,
—একথা বলছেন তোমাদের পরমেশ্বর—
যেরুসালেমের হৃদয়ের কাছে কথা বল,
তার কাছে একথা প্রচার কর :

তার কঠোর দাসত্বকাল পূর্ণ হল,
দেওয়াই হল তার শঠতার দাম,
কারণ তার সকল পাপের জন্য
প্রভুর হাত থেকেই সে পেল দ্বিগুণ শাস্তি।'

এক কণ্ঠস্বর চিৎকার করে বলে : †
'মরুপ্রান্তরে প্রভুর জন্য পথ প্রস্তুত কর,

মরুভূমিতে আমাদের পরমেশ্বরের জন্য রাস্তা সমতল কর।
উঁচু করা হোক প্রতিটি উপত্যকা,
নিচু করা হোক প্রতিটি পর্বত, প্রতিটি উপপর্বত,

অসমতল ভূমি হোক সমতল,
শৈলশিরা হয়ে উঠুক সমভূমি।
তখনই প্রকাশ পাবে প্রভুর গৌরব, †
মানবকুল সবাই মিলে তার দর্শন পাবে,
কারণ প্রভুর মুখ কথা উচ্চারণ করল।'

এক কণ্ঠস্বর বলে, 'চিৎকার কর!'
আর আমি বলি, 'চিৎকার করে কী বলব?'
'প্রতিটি মানুষ ঘাসের মত,
আর তার সমস্ত কান্তি মাঠের ফুলের মত।

শুষ্ক হয় ঘাস, ম্লান হয় ফুল,
কারণ প্রভুর ফুৎকার তার উপর বয়ে যায়।
—সত্যি, মানবকুল ঘাসেরই মত। †
শুষ্ক হয় ঘাস, ম্লান হয় ফুল,
কিন্তু আমাদের পরমেশ্বরের বাণী চিরস্থায়ী।'

স্বর্গীয় সুখ **গীতিকা ইসা ৬৬:১০-১৪ক**

ঊর্ধ্বলোকের যেরুসালেম স্বাধীন; আর সে আমাদের জননী (গা ৪:২৬)।

যেরুসালেমের সঙ্গে আনন্দ কর,
তার জন্য মেতে ওঠ তোমরা সবাই, যারা তাকে ভালবাস।
তার সঙ্গে মহোল্লাসে উল্লসিত হও তোমরা সবাই,
যারা তার উপর বিলাপ করেছিলে।

তবেই তার সান্ত্বনার বুক চুষে খেয়ে তোমরা পরিতৃপ্ত হবে,
তার অফুরন্ত প্রাচুর্য চুষে পান ক'রে তোমরা উৎফুল্ল হবে।
কারণ প্রভু একথা বলছেন: †
দেখ, আমি তার উপর প্রবাহিত করব নদীর মতই শান্তি,
প্লাবিনী স্রোতস্বতীর মতই জাতি-বিজাতির গৌরব।

তোমরা চুষে খাবে, বাহুতে করে তোমাদের বহন করা হবে,
কোলের উপরে তোমাদের নাচানো হবে।
মা যেমন নিজের ছেলেকে সান্ত্বনা দেয়, †
আমি তেমনি তোমাদের সান্ত্বনা দেব;
যেরুসালেমেই তোমরা সান্ত্বনা পাবে।

এসব-কিছু দেখে উল্লসিত হবে তোমাদের হৃদয়,
তোমাদের সর্বাঙ্গ নবীন ঘাসের মত তেজময় হয়ে উঠবে।

ধুয়ো: প্রভু যেরুসালেমের উপর
প্রবাহিত করবেন নদীর মত শান্তি ও পরিত্রাণ।

℣ শেষযুগের এই দিনগুলিতে ঈশ্বর আমাদের কাছে সেই পুত্রে কথা বলেছেন
℟ যাঁর দ্বারাই তিনি যুগগুলো রচনা করলেন।

নিশিজাগরণীর পর পরে যদি মধ্যরাত্রির মিসা অনুষ্ঠিত হয়, তবে নিম্নের অংশগুলি বাতিল করে ‘জয় পরমেশ্বরের’ নিয়ে মিসা পালন করা হয়।

স্তোত্র

তুমি ঈশ্বর, তোমারই করি প্রশংসাগান,
তুমি প্রভু, তা-ই আমরা করি স্বীকার,
তুমি সনাতন পিতা,
তোমাকে নিখিল বিশ্ব করে পূজা।

স্বর্গীয় দূতবৃন্দ, ঊর্ধ্বলোকের শক্তিবাহিনী,
খেরুব ও সেরাফদূত নিত্য করেন প্রচার:
‘পবিত্র, পবিত্র, পবিত্র প্রভু, সেনাবাহিনীর পরমেশ্বর,
স্বর্গমর্ত তোমার গৌরব ও মহিমায় পরিপূর্ণ।’

প্রেরিতদূতেরা গৌরবের কণ্ঠে,
নবীরা সমস্বরে,
সাদা কাপড় পরা সেই সাক্ষ্যমর সেনাদল
তোমারই স্তুতি করেন গান।

পবিত্র তোমার মণ্ডলী বিশ্বব্যাপী করে প্রচার:
‘হে পিতা, অসীম রাজমহিমা তোমার,
তোমার সত্যময় ও একমাত্র পুত্র সবারই পূজনীয়,
সহায়কই পবিত্র আত্মা।’

হে খ্রীষ্ট, তুমি গৌরবের রাজা,
পিতার সনাতন পুত্র তুমি,
তুমি মানুষকে মুক্তি দেবার জন্য
করনি উপেক্ষা কুমারীর গর্ভ।

তুমি মৃত্যুর অঙ্কুশ ক’রে জয়
বিশ্বাসীদের জন্য স্বর্গরাজ্য দিলে খুলে।
স্বর্গীয় গৌরবে পিতার ডান পাশেই সমাসীন তুমি,
তুমি আসবে—বিশ্বাস করি—বিচারকরূপে।

এসো, প্রভু, তোমার অমূল্য রক্তে যাদের করেছ মুক্ত,
এসো, তোমার এই জনগণের সহায় থেকো তুমি,
তোমার কৃপায় যেন নিখিল সাধুসাধ্বীর সঙ্গে
আমরাও শাশ্বত গৌরবের যোগ্য হয়ে উঠি। (৪র্থ শতাব্দী)

বিকল্প অতিরিক্ত অংশ, পৃঃ ১০৬২।

সুসমাচার ঘোষণা, মথি ১:১-২৫ অথবা মথি ১:১৮-২৫।

স্তোত্র

প্রশংসার যোগ্য,
স্তবস্তুতির যোগ্য,
গৌরবের যোগ্য,
তুমি যে ঈশ্বর, তুমি যে পিতা,
পবিত্রাত্মায় পুত্রের দ্বারা
যুগে যুগান্তে। আমেন, আমেন।

সমাপন প্রার্থনা (৪র্থ শতাব্দী)

হে ঈশ্বর, তুমি মানব-মর্যাদা অপূর্বভাবে সৃষ্টি করেছ, আর তোমার মুক্তিদানে তা অপূর্বতর ভাবেই নবরূপায়িত করেছ। অনুনয় করি: যিনি আমাদের মানবস্বরূপের সহভাগী হতে প্রসন্ন হলেন, আমরা যেন তাঁর ঐশস্বরূপের সহভাগী হতে পারি।

প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো: বল, রাখাল, * তোমরা কাকে দেখেছ?
বল, পৃথিবীতে কার হয়েছে আবির্ভাব?
আমরা নবজাত একজনকে দেখেছি,
দেখেছি স্বর্গদূতেরা সমস্বরে প্রভুর বন্দনাগান করছেন। আল্লেলুইয়া।

২য় ধুয়ো: ধন্যা মারীয়া * শাশ্বতকালীন রাজার জন্ম দিলেন।
মাতৃত্বের আনন্দ ভোগ ক'রে
তিনি একাধারে কুমারীত্বের মর্যাদার অধিকারিণী।
তেমন কিছু দেখা হয়নি কোনকালে, ঘটবেও না ভাবীকালে। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো: স্বর্গদূত * রাখালদের বললেন,
'আমি তোমাদের মহা আনন্দের এক শুভসংবাদ জানাচ্ছি:
আজ তোমাদের জন্য এক ত্রাণকর্তা জন্মেছেন।'
আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো: আর হঠাৎ * ওই দূতের সঙ্গে স্বর্গীয় এক বিশাল দূতবাহিনী আবির্ভূত হয়ে
এই বলে ঈশ্বরের প্রশংসা করতে লাগল:
'ঊর্ধ্বলোকে ঈশ্বরের গৌরব!
ইহলোকে তাঁর প্রসন্নতার পাত্র মানুষের জন্য শান্তি!' আল্লেলুইয়া।

৫ম ধুয়ো: এক শিশু * জন্ম নিয়েছেন আমাদের জন্য।
তাঁর নাম হবে 'শক্তিশালী ঈশ্বর'। আল্লেলুইয়া।

বাণী পাঠ **হিব্রু ১:১-২**

ঈশ্বর, যিনি প্রাচীনকালে বহুবার বহুরূপে পিতৃপুরুষদের কাছে নবীদের মধ্যে কথা বলেছিলেন, শেষযুগের এই দিনগুলিতে আমাদের কাছে সেই পুত্রে কথা বলেছেন যাঁকে তিনি সমস্ত কিছুর উত্তরাধিকারী রূপে নিযুক্ত করলেন ও যাঁর দ্বারা যুগগুলো রচনা করলেন।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: ঊর্ধ্বলোকে ঈশ্বরের গৌরব!
ইহলোকে তাঁর প্রসন্নতার পাত্র মানুষের জন্য শান্তি! আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি আমাদের পরিত্রাণ সাধন করার জন্য মানুষ হয়ে জন্ম নিলেন, আসুন, ঐশবাণী সেই খ্রীষ্টরাজের প্রশংসাবাদ করে বলি:

তোমার আগমনের জন্য, প্রভু, পৃথিবী মেতে উঠুক।

-হে ঈশ্বরপুত্র, তুমি আমাদের ত্রাণ করতে এলে। মণ্ডলী যেন সকল জাতির কাছে তোমার পরিত্রাণের শুভসংবাদ প্রচার করে।

-হে ন্যায়ের সূর্য, তুমি আমাদের উদ্ভাসিত করতে এলে। যারা এখনও তোমাকে না জেনে অন্ধকারে চলে, আমরা যেন তাদের কাছে তোমার জ্যোতি দান করি।

-হে সনাতন শিশু, পবিত্র আত্মা থেকে বিচ্ছিন্ন না হয়েও তুমি কুমারীর গর্ভে জন্ম নিলে। তোমার জন্মের শুভফলে এই জগতে যেন শান্তি প্রতিষ্ঠিত হয়।

-হে গৌরবের রাজা, আমাদের মঙ্গলের জন্য তুমি নিজেকে নমিত করেছিলে। বিশ্বমঙ্গলের জন্য আমরাও যেন নিজেদের বিলিয়ে দিতে পারি।

-স্বর্গদূতদের সঙ্গে, ধন্যা মারীয়া ও পুণ্যবান যোসেফের সঙ্গে আজ আমরা তোমার জন্মের জন্য আনন্দ করি। এই আনন্দ যেন কখনও ফুরিয়ে না যায়।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আমরা আজ তোমার দেহধারী বাণীর নবীন আলোতে উদ্ভাসিত। অনুনয় করি: বিশ্বাসের মধ্য দিয়ে আমাদের অন্তরে যা জ্বলে উঠেছে, তা যেন আমাদের কাজকর্মেও উজ্জ্বল ভাবে প্রকাশ পায়।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: ধন্যা মারীয়া * শাশ্বতকালীন রাজার জন্ম দিলেন।
মাতৃত্বের আনন্দ ভোগ ক'রে
তিনি একাধারে কুমারীত্বের মর্যাদার অধিকারিণী।
তেমন কিছু দেখা হয়নি কোনকালে, ঘটবেও না ভাবীকালে। আল্লেলুইয়া।

বাণী পাঠ তীত ২:১১-১২

ঈশ্বরের অনুগ্রহ প্রকাশিত হয়েছে ও সমস্ত মানুষের জন্য পরিত্রাণ এনে দিয়েছে। এই অনুগ্রহ আমাদের এই শিক্ষা দেয়, ভক্তিহীনতা ও পার্থিব যত অভিলাষ অস্বীকার ক'রে আমরা যেন এই বর্তমান যুগে আত্মসংযত, ধর্মময় ও ভক্তিময় জীবন যাপন করি।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;
℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি মানব-মর্যাদা অপূর্বভাবে সৃষ্টি করেছ, আর তোমার মুক্তিদানে তা অপূর্বতর ভাবেই নবরূপায়িত করেছ। অনুনয় করি: যিনি আমাদের মানবস্বরূপের সহভাগী হতে প্রসন্ন হলেন, আমরা যেন তাঁর ঐশস্বরূপের সহভাগী হতে পারি।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: স্বর্গদূত * রাখালদের বললেন,
'আমি তোমাদের মহা আনন্দের এক শুভসংবাদ জানাচ্ছি:
আজ তোমাদের জন্য এক ত্রাণকর্তা জন্মেছেন।' আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ যোহন ৪:৯**

এতেই আমাদের প্রতি ঈশ্বরের ভালবাসা প্রকাশিত হয়েছে : ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে জগতে প্রেরণ করেছেন তাঁর দ্বারাই আমরা যেন জীবন পাই।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া ;
℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

সমাপন প্রার্থনা : পূর্বাহ্ণ প্রহরের সমাপন প্রার্থনা ব্যবহারযোগ্য।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : এক শিশু * জন্ম নিয়েছেন আমাদের জন্য।
তাঁর নাম হবে 'শক্তিশালী ঈশ্বর'। আল্লেলুইয়া।

বাণী পাঠ **শিষ্য ১০:৩৬**

ঈশ্বর ইস্রায়েল সন্তানদের কাছে বাণী প্রেরণ করলেন, এবং তাদেরই কাছে যীশুখ্রীষ্ট দ্বারা এই শান্তির শুভসংবাদ বহন করা হল যে, ইনিই সকলের প্রভু।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সমাপন প্রার্থনা : পূর্বাহ্ণ প্রহরের সমাপন প্রার্থনা ব্যবহারযোগ্য।

২য় সন্ধ্যারতি

১ম ধুয়ো : তোমার পরাক্রমের দিনে—পবিত্রতার মহিমায়—রাজ-অধিকার তোমার,
উষার গর্ভ থেকে শিশিরের মত জন্ম দিয়েছি তোমায়। সাম ১১০
২য় ধুয়ো : প্রভু * তাঁর আপন জাতির কাছে মুক্তি পাঠিয়ে দিলেন,
আপন সন্ধি জারি করলেন চিরকালের মত। সাম ১১১
৩য় ধুয়ো : ন্যায়নিষ্ঠদের জন্য * অন্ধকারে এবার আলোর উদ্ভাস :
প্রভু দয়াবান, স্নেহশীল, ধর্মময়। সাম ১১২
৪র্থ ধুয়ো : প্রভুর কাছে রয়েছে কৃপা,
তাঁর কাছের মুক্তি মহান। সাম ১৩০
৫ম ধুয়ো : বাণী * অনাদিকাল থেকে ঈশ্বর,
তিনি জগৎত্রাতা। গীতিকা কল

বাণী পাঠ **১ যোহন ১:১-৩**

যা আদি থেকে ছিল, যা আমরা শুনেছি, যা নিজেদের চোখেই দেখেছি, যা আমরা চোখ নিবদ্ধ রেখেই দেখেছি ও আমাদের হাত সেই জীবনবাণীর যা স্পর্শ করেছে, আমরা তারই বিষয়ে কথা বলছি। কেননা সেই জীবন সত্যিই আত্মপ্রকাশ করেছিল ; আমরা তা দেখেছি, তার বিষয়ে সাক্ষ্য দিচ্ছি আর তোমাদের কাছে সেই অনন্ত জীবনেরই সংবাদ জানাচ্ছি যা পিতামুখী ছিল ও আমাদের কাছে আত্মপ্রকাশ করেছে—যা আমরা দেখেছি ও শুনেছি, তোমাদের কাছে তারই সংবাদ জানাচ্ছি, তোমরাও যেন আমাদের জীবনের সহভাগী হতে পার ; পিতার সঙ্গে ও তাঁর পুত্র যীশুখ্রীষ্টের সঙ্গেই আমাদের এই জীবন-সহভাগিতা।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: আজ খ্রীষ্ট জন্ম নিলেন; * আজ পরিত্রাতা আবির্ভূত হলেন;
আজ স্বর্গদূতেরা মর্তে আনন্দগান করেন;
আজ ধার্মিক সকল উল্লসিত মনে বলে ওঠে,
ঊর্ধ্বলোকে ঈশ্বরের গৌরব, আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি আজ আমাদের জন্য জন্ম নিলেন, আসুন, সর্বসৃষ্টির সঙ্গে ভক্তিভরে আমাদের সেই ভাই ও ত্রাণকর্তা যীশুকে পূজা করে বলি:

তোমার এ জন্মদিনে, প্রভু, জগৎ যেন দেখতে পায় শান্তি।

-তোমার জন্মের জন্য মণ্ডলী আজ অত্যন্ত আনন্দিত। তোমার অশেষ আশিসধারায় তাকে ধন্য করে তোল।

-হে আমাদের উত্তম পালক ও পরিচালক, পোপ মহোদয় ও বিশপবর্গকে প্রজ্ঞাদানে ধন্য কর, তাঁরা যেন তোমার অনুগ্রহদান বিশ্বস্তভাবে বিতরণ করতে পারেন।

-হে শাশ্বতকালীন রাজা, মানুষ হওয়ায় তুমি মানবজীবনের অনিত্য আয়ুষ্কালের অভিজ্ঞতা করতে ইচ্ছা করেছ। কৃপা কর, আমরা যেন চিরকালের মতই তোমার সনাতন আনন্দলোকে স্থান পেতে পারি।

-কাল পূর্ণ হলে তুমি কুলপতি ও নবীদের সকল প্রত্যাশা পূর্ণ করেছ। যাঁরা এখনও তোমার আগমনের অপেক্ষায় আছেন, তাঁদের কাছে পরিত্রাতারূপে আত্মপ্রকাশ কর।

-তুমি মানবজাতিকে পাপ ও মৃত্যু থেকে মুক্ত করে দিয়েছ। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার অমৃতধামে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি মানব-মর্যাদা অপূর্বভাবে সৃষ্টি করেছ, আর তোমার মুক্তিদানে তা অপূর্বতর ভাবেই নবরূপায়িত করেছ। অনুনয় করি: যিনি আমাদের মানবস্বরূপের সহভাগী হতে প্রসন্ন হলেন, আমরা যেন তাঁর ঐশস্বরূপের সহভাগী হতে পারি।

জন্মোৎসবের পরবর্তী রবিবার

যীশু, মারীয়া ও যোসেফের পবিত্র পরিবার

পর্ব

প্রভুর জন্মোৎসব মহাপর্ব ও ১লা জানুয়ারীর মধ্যে যদি কোন রবিবার না পড়ে, তাহলে এ পর্বটি ৩০শে ডিসেম্বরেই পালিত হবে। তখন ১ম সন্ধ্যারতি বাতিল করা হবে।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি আমাদের সামনে পবিত্র পরিবারের উজ্জ্বল আদর্শ তুলে ধরতে প্রসন্ন হয়েছ। সদয় হয়ে আশীর্বাদ কর, তাঁদের মত আমরাও যেন পারিবারিক জীবনের গুণাবলি অনুশীলনে ও পারস্পরিক ভালবাসার বন্ধনে আবদ্ধ হয়ে এমন জীবন যাপন করি, যার ফলে একদিন তোমার গৃহের আনন্দে শাশ্বত পুরস্কার লাভ করতে পারি।

১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১১২।

বাণী পাঠ **২ করি ৮:৯**

তোমরা আমাদের প্রভু যীশুখ্রীষ্টের অনুগ্রহের কথা জান: ধনবান হয়েও তোমাদের জন্য তিনি নিজেকে দরিদ্র করেছিলেন, যেন তাঁর সেই দরিদ্রতায়ই তোমরা ধনবান হয়ে উঠতে পার।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * তিনি আমাদের মাঝে বাস করলেন।
℟ বাণী হলেন মাংস। * তিনি আমাদের মাঝে বাস করলেন।
℣ আমরা সকলে তাঁর পূর্ণতা থেকে পেয়েছি অনুগ্রহধারা:
℟ তিনি আমাদের মাঝে বাস করলেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * তিনি আমাদের মাঝে বাস করলেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: সবকিছুর উপর * তখন নিস্তব্ধতাই বিরাজ করছে,
রজনী তখন অর্ধপথ পেরিয়ে যাচ্ছে,
এমন সময় তোমার সর্বশক্তিমান বাণী, প্রভু,
রাজাসন ছেড়ে নেমে এলেন। আল্লেলুইয়া।

আহ্বান সঙ্গীত

ধুয়ো: মারীয়া ও যোসেফের কাছে যিনি বাধ্য ছিলেন;
এসো, ঈশ্বরপুত্র সেই খ্রীষ্টের চরণে প্রণিপাত করি। সাম ৯৫

জাগরণী

স্তোত্র

১। কত মধুর মোদের লাগে
নাজারেথের কথা বলা:
যীশুর গুপ্ত জীবনযাপন,
এসো, এসো, করি গান।

২। কাঠের কাজে ধন্য যোসেফ
শ্রীযীশুকে করেন দক্ষ,
কাজই শিখছেন পুণ্য বালক,
সাধু যোসেফ প্রীত হে।

৩। যত্ন করেন ধন্যা মাতা,
পুত্র ও স্বামী তাঁরই চিন্তা;
তাঁদের শ্রমে আরাম দেওয়া:
এটি তাঁরই বাসনা।

৪। ভাবনা-চিন্তায় নিমজ্জিত,
কাজে-কর্মে শ্রান্ত মোরা;
মোদের দিকে চেয়ে দেখ
ওগো, পুণ্য পরিবার।

৫। পুণ্য জীবনের আদর্শ
মোদের জন্য তুমি, যীশু;
পিতা ও পবিত্রাত্মার সঙ্গে
তুমি নিত্য বিরাজমান। (১৩শ লিও † ১৯০৩)

১ম পর্ব

১ম ধুয়ো : দাউদসন্তান যোসেফ,
তোমার স্ত্রী মারীয়াকে গ্রহণ করে নিতে ভয় করো না,
কেননা তাঁর গর্ভে যা জন্মেছে,
তা পবিত্র আত্মার প্রভাবেই হয়েছে। আল্লেলুইয়া। সাম ২৪
২য় ধুয়ো : যোসেফ * ঘুম থেকে জেগে উঠে,
প্রভুর দূত তাঁকে যেমন আদেশ করেছিলেন,
তিনি সেইমত করলেন :
তিনি নিজ স্ত্রীকে গ্রহণ করে নিলেন। সাম ৪৬
৩য় ধুয়ো : রাখালেরা * সেখানে ছুটে গিয়ে
মারীয়া, যোসেফ ও জাবপাত্রে শোয়ানো শিশুটিকে খুঁজে পেল। সাম ৮৭

℣ তোমার সকল সন্তান প্রভুর কাছেই শিক্ষা পাবে ;
℟ তোমার সন্তানদের মহা সমৃদ্ধি হবে।

২য় পর্ব

১ম ধুয়ো : সিমেয়োন * যীশুকে কোলে নিলেন,
ও ঈশ্বরের স্তুতিবাদ করে বলে উঠলেন :
হে মহাপ্রভু, এখন তোমার এই দাসকে শান্তিতে বিদায় দাও। সাম ৪৫
২য় ধুয়ো : এ শিশু * ইস্রায়েলের মধ্যে
অনেকের পতন ও উত্থানের জন্য নিরূপিত,
ইনি হবেন অস্বীকৃত এক চিহ্ন। সাম ৪৮
৩য় ধুয়ো : প্রভুর বিধান অনুসারে * সবকিছু সমাধা করার পর
তাঁরা গালিলেয়ায়, নিজেদের শহর নাজারেথে ফিরে গেলেন। সাম ৮৫

℣ সন্তান আমার, শোন, আমার কথা গ্রহণ করে নাও,
℟ তবে তোমার জীবনের বছরগুলি বহুসংখ্যক হবে।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১০০।

ধুয়ো : সত্যি তুমি এমন ঈশ্বর * যিনি লুকিয়ে থাকেন,
ওগো ইস্রায়েলের পরমেশ্বর, পরিত্রাতা।

℣ তুমি যত বড় হও, তত বিনম্রতার সঙ্গে ব্যবহার কর,
℟ তবে প্রভুর কাছে অনুগ্রহ পাবে।

স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ১০২।
সুসমাচার ঘোষণা, যোহন ২০:১৯-৩১।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ১০৩।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। ওগো পিতার দীপ্তি খ্রীষ্ট,
ওগো মরিয়ম, ঈশ্বর-মাতা,

২। তেমন গৃহে সকল পুণ্যের
ফুল-পল্লবতে পূর্ণ,

ওগো যোসেফ, দু'জন ব্যক্তির
বিশ্বাসপূর্ণ আশ্রয়দাতা।

৩। স্বর্গীয় দূতগণ হয়ে বিস্মিত
ঈশ্বরপুত্রের করেন পূজা :
তিনি দাস-রূপ গ্রহণ করে
দাস-দাসীর করেন সেবা।

৪। নম্র যোসেফ চালান সংসার,
তাঁরই কথায় বালক চলেন ;
মাতা ঘরে হয়ে ব্যস্ত
সেই দুইজনকে সেবা করেন।

সেইখান থেকে হয় নির্গত
কৃপাধারার আসল উৎস।

৫। ত্রিব্যক্তিত্ব পুণ্য সংসার,
তাঁদের গৃহে সদাই কান্তি,
সেইখান থেকে হল শুরু
মোদের মুক্তি, পরম শান্তি।

৬। ওগো যীশু, মাতা, যোসেফ,
তোমরা সকলের আদর্শ,
মোদের গৃহের 'পরে তোমরা
আশিসধারা কর বর্ষণ।

৭। ওগো ঈশ্বরপুত্র যীশু,
তব স্তুতি করি মোরা ;
তব পিতামাতার যাচনায়
স্বর্গগৃহে থাকব সদা। (২০শ শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : গাব্রিয়েল দূত * প্রেরিত হলেন কুমারী মারীয়ার কাছে ;
তিনি যোসেফের বাগ্‌দত্তা বধূ ছিলেন।

২য় ধুয়ো : তুমি * তাঁর নাম যীশু রাখবে,
কারণ তিনিই নিজ জনগণকে তাদের পাপ থেকে ত্রাণ করবেন। আল্লেলুইয়া।

৩য় ধুয়ো : প্রভু * তাঁকে দান করবেন তাঁর পিতৃপুরুষ দাউদের সিংহাসন।
তিনি রাজত্ব করবেন চিরকাল।

৪র্থ ধুয়ো : তিনিই তো * ঐশপ্রকাশে বিজাতীয়দের উদ্বুদ্ধ করার সেই আলো
ও তোমার আপন জনগণ ইস্রায়েলের গৌরব।

৫ম ধুয়ো : যীশু * তাঁদের সঙ্গে নাজারেথে ফিরে গেলেন ;
তাঁদের প্রতি বাধ্য হয়ে থাকতেন।

বাণী পাঠ **দ্বিঃবিঃ ৫:১৬**

তোমার পরমেশ্বর প্রভুর আজ্ঞামত তোমার পিতা ও তোমার মাতাকে গৌরব আরোপ করবে, তোমার পরমেশ্বর প্রভু তোমাকে যে দেশভূমি দিচ্ছেন, সেই দেশভূমিতে যেন দীর্ঘজীবী হও ও তোমার মঙ্গল হয়।

শ্লোক

℣ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
℟ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
℣ তুমি তো মারীয়া ও যোসেফের বাধ্য ছিলে।
℟ আমাদের প্রতি দয়া কর।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।

জাখারিয়ার গীতিকার ধুয়ো

ক। যাকোব * মারীয়ার স্বামী যোসেফের পিতা।
এই মারীয়ার গর্ভে খ্রীষ্ট বলে অভিহিত যীশুর জন্ম হয়।

খ। প্রাচীন মানুষ * শিশুকে কোলে করে বহন করছিলেন,
শিশুই কিন্তু ছিলেন প্রাচীনের অবলম্বন।
নিত্যকুমারী মারীয়া যে পুত্রসন্তান প্রসব করলেন,
তিনি তাঁকে পূজা করেন।
গ। বালক যীশু * যেরুসালেমে রয়ে গেলেন,
কিন্তু তাঁর পিতামাতা তা জানতেন না।
যীশু সহযাত্রীদের সঙ্গে আছেন মনে ক'রে
তাঁরা আত্মীয়স্বজন ও পরিচিত লোকদের মধ্যে তাঁকে খোঁজ করতে লাগলেন।

মিনতি নিবেদন

মানবপরিবারে যিনি মানুষ হলেন, আসুন, ঐশবাণী সেই ঈশ্বরপুত্র খ্রীষ্টকে পূজা করে বলি:

হে বাধ্য ও বিনম্র যীশু, তোমার মণ্ডলীকে পবিত্র করে তোল।

-হে যীশু, তুমি পিতার সনাতন বাণী হয়েও মারীয়া ও যোসেফের বাধ্য হয়ে নম্র জীবন যাপন করেছিলে। আমরাও যেন বাধ্যতা ও বিনম্রতার পথে চলি।

-তুমি যা বলছিলে, যা করছিলে, ধন্যা মারীয়া তা নিজ অন্তরে গেঁথে রাখতেন। তাঁর আদর্শে আমরাও যেন তোমার বাণী ধ্যানে তৃপ্তি পাই।

-বিশ্বস্রষ্টা হয়েও তুমি এই জগতে এসে কাঠমিস্ত্রীর কাজ শিখেছিলে। আমরা যেন হাতের কাজ লজ্জাকর মনে না করি, বরং দক্ষতার সঙ্গেই যেন কাজ করি।

-তুমি ঈশ্বর ও মানুষের সামনে জ্ঞানে ও অনুগ্রহে বেড়ে উঠছিলে। আমরাও যেন সকলের মঙ্গল সাধনে তোমার মত বেড়ে উঠতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: গাব্রিয়েল দূত * প্রেরিত হলেন কুমারী মারীয়ার কাছে;
তিনি যোসেফের বাগ্‌দত্তা বধূ ছিলেন।

বাণী পাঠ **কল ৩:১২-১৩**

ঈশ্বরের মনোনীতজন, তাঁর পবিত্রজন ও তাঁর ভালবাসার পাত্র বলে, তোমরা গভীর করুণা, মঙ্গলময়তা, বিনম্রতা, কোমলতা ও সহিষ্ণুতা পরিধান কর। পরস্পরের প্রতি ধৈর্যশীল হও। আর কারও প্রতি কোন অভিযোগ থাকলে একে অপরকে ক্ষমা কর। যেহেতু প্রভু নিজে তোমাদের ক্ষমা করেছেন, সেজন্য তোমরাও সেইমত ক্ষমা কর।

℣ প্রভু আমাদের দেখিয়ে দেবেন তাঁর মার্গসকল;
℟ আমরা যেন তাঁর সকল পথ ধরে চলতে পারি।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: তুমি * তাঁর নাম যীশু রাখবে,
কারণ তিনিই নিজ জনগণকে তাদের পাপ থেকে ত্রাণ করবেন। আল্লেলুইয়া।

বাণী পাঠ **কল ৩:১৪-১৫**

সমস্ত কিছুর উপরে ভালবাসাকেই পরিধান কর, কারণ ভালবাসাই পরম সিদ্ধির বন্ধন। এবং খ্রীষ্টের শান্তি তোমাদের হৃদয়ে রাজত্ব করুক; কেননা এই উদ্দেশ্যেই তোমরা একদেহে আহূত হয়েছ। তোমরা সর্বদাই কৃতজ্ঞ হয়ে থেকো।

℣ তরুণ বয়স থেকেই আমি দুঃখী, মরণমুখী;

℟ অবনমিত হবার পর আমি উন্নীত হয়েছি।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : প্রভু * তাঁকে দান করবেন তাঁর পিতৃপুরুষ দাউদের সিংহাসন।
তিনি রাজত্ব করবেন চিরকাল।

বাণী পাঠ **কল ৩:১৭**

কথায় বা কাজে তোমরা যা কিছু কর, সবই যেন প্রভু যীশুর নামেই হয়—তাঁর মধ্য দিয়ে পিতা ঈশ্বরের কাছে ধন্যবাদ-স্তুতি স্বরূপ।

℣ তোমার সকল সন্তান প্রভুর কাছেই শিক্ষা পাবে ;
℟ তোমার সন্তানদের মহা সমৃদ্ধি হবে।

২য় সন্ধ্যারতি

স্তোত্র

১। ওগো স্বর্গীয় ধন্য জ্যোতি,
মানবজাতির পরম আশা,
যীশু, তুমি জন্ম থেকেই
ঘরে পেলে ভালবাসা।

২। ওগো মরিয়ম, প্রসাদপূর্ণা,
শুচি বুকে নেবার তাঁকে
যোগ্য তুমি, শুধু তুমি,
এখন আদর কর তাঁকে।

৩। ওগো যোসেফ, ধার্মিক পুরুষ,
পুণ্য পরিবারের পালক,
তোমায় 'বাবা' নাম ধ'রে
ডাকেন এখন ঐশ বালক।

৪। যেসে-বংশের মরিয়ম, যোসেফ,
তোমাদের সম্মুখে আমরা ;
এই দিবসে মোদের যাচনা
প্রীতির সঙ্গে শোন তোমরা।

৫। পুণ্য ঘরে যা ফুটেছে,
সকল পুণ্যের যে প্রসাদ,
মোদের ঘরেও ফুটুক সে ফুল :
তখন করব শান্তি আস্বাদন।

৬। পিতামাতার প্রতি, যীশু,
কত বাধ্য ছিলে তুমি ;
পিতা ও পরমাত্মার সঙ্গে
হোক চিরন্তন তব স্তুতি।

১ম ধুয়ো : যাকোব * মারীয়ার স্বামী যোসেফের পিতা। (১৩শ লিও † ১৯০৩)
এই মারীয়ার গর্ভে খ্রীষ্ট বলে অভিহিত যীশুর জন্ম হয়। সাম ১১০
২য় ধুয়ো : যোসেফ উঠে * সেই রাতে শিশুটিকে ও তাঁর মাকে সঙ্গে নিয়ে
মিশরে চলে গেলেন। সাম ১১৩
৩য় ধুয়ো : বালক যীশু * প্রজ্ঞায় ও বয়সে
এবং ঈশ্বর ও মানুষের সামনে অনুগ্রহে বেড়ে উঠতে লাগলেন। সাম ১২২
৪র্থ ধুয়ো : রাখালেরা * সেখানে ছুটে গিয়ে
মারীয়া, যোসেফ ও জাবপাত্রে শোয়ানো শিশুটিকে খুঁজে পেল। সাম ১২৭
৫ম ধুয়ো : যীশু * যখন প্রচারকর্ম আরম্ভ করেন, তখন তাঁর বয়স ত্রিশ বছর।
তিনি, লোকদের ধারণায়, যোসেফের সন্তান। আল্লেলুইয়া। গীতিকা এফে

বাণী পাঠ **ফিলি ২:৬-৭**

অবস্থায় ঈশ্বর হয়েও খ্রীষ্ট ঈশ্বরের সঙ্গে তাঁর সমতুল্যতাকে আঁকড়ে ধরার বস্তু মনে করলেন না ; বরং দাসের অবস্থা ধারণ করে ও মানুষের সাদৃশ্য আপন করে তিনি নিজেকে রিক্ত করলেন ; তিনি আকারে প্রকারে মানুষের মত আবির্ভূত হলেন।

শ্লোক

প্র খ্রীষ্ট সবদিক দিয়ে ভাইদের মত হলেন, * যেন ঈশ্বরের দয়া প্রকাশ পেতে পারে।

উ খ্রীষ্ট সবদিক দিয়ে ভাইদের মত হলেন, * যেন ঈশ্বরের দয়া প্রকাশ পেতে পারে।

প্র পৃথিবীতে আবির্ভূত হয়ে মানবের মধ্যে বাস করলেন,

উ যেন ঈশ্বরের দয়া প্রকাশ পেতে পারে।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ খ্রীষ্ট সবদিক দিয়ে ভাইদের মত হলেন, * যেন ঈশ্বরের দয়া প্রকাশ পেতে পারে।

কুমারী মারীয়ার গীতিকার ধুয়ো

ক। বৎস, * আমাদের প্রতি এ তোমার কেমন ব্যবহার?
দেখ, তোমার পিতা ও আমি ব্যাকুল হয়েই তোমাকে খুঁজছিলাম।

খ। পিতামাতা * শিশু যীশুকে মন্দিরে নিয়ে গেলেন;
সিমেয়োন তাঁকে কোলে নিলেন,
ও ঈশ্বরের স্তুতিবাদ করে বলে উঠলেন,
হে মহাপ্রভু, এখন তোমার এই দাসকে শান্তিতে বিদায় দাও।

গ। বৎস, * আমাদের প্রতি এ তোমার কেমন ব্যবহার?
দেখ, তোমার পিতা ও আমি ব্যাকুল হয়েই তোমাকে খুঁজছিলাম।
কেন আমাকে খুঁজছিলে?
তোমরা কি জানতে না যে, আমাকে আমার পিতার গৃহেই থাকতে হবে?

মিনতি নিবেদন

মানবপরিবারে যিনি মানুষ হতে ইচ্ছা করলেন, আসুন, কৃতজ্ঞতার সঙ্গে সেই ঈশ্বরপুত্র যীশুখ্রীষ্টকে পূজা করে বলি:

হে প্রভু, বিশ্বের সকল পরিবার আশীর্বাদ কর।

-তুমি মাতা মারীয়া ও সাধু যোসেফের প্রতি বাধ্য ছিলে। যাঁরা আমাদের পরিচালক, তাঁদের প্রতি বাধ্যতা ও সম্মান দেখাতে আমাদের শেখাও।

-তুমি আদর্শ সন্তানের মত মাতা মারীয়া ও সাধু যোসেফকে ভালবেসেছিলে। আশীর্বাদ কর, যেন সকল পরিবারে ভালবাসা ও শান্তি বিরাজ করে।

-তুমি দেখিয়েছিলে, তোমার প্রথম কর্তব্য পিতা ঈশ্বরকে পূজা করা। সাহায্য কর, সকল পরিবারে যেন ঈশ্বর পূজিত ও সম্মানিত হন।

-তিন দিন ধরে তোমাকে খোঁজ করার পর, তোমার পিতামাতা তোমাকে মন্দিরেই খুঁজে বার করেছিলেন। প্রজ্ঞা দান কর, আমরাও যেন সর্বপ্রথমে ঈশ্বরের রাজ্য খোঁজ করি।

-তুমি ধন্যা মারীয়া ও সাধু যোসেফকে তোমার সঙ্গে স্বর্গধামে স্থান দিয়েছ। কৃপা কর, আমাদের পরলোকগত সকল ভাইবোনও যেন তোমার মহিমার সহভাগী হতে পারেন।

২৬শে ডিসেম্বর

অপরাহ্ণ প্রহর পর্যন্ত সাধু স্তেফানের পর্বের ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৯৩১।

সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৬।

বাণী পাঠ **১ যোহন ১:৫খ,৭**

ঈশ্বর আলো, তাঁর মধ্যে কোন অন্ধকার নেই। আমরা যদি আলোতে চলি—আলোতেই আছেন তিনি!—

তাহলে পরস্পরের সঙ্গে আমাদের সহভাগিতা আছে আর তাঁর পুত্র যীশুর রক্ত সমস্ত পাপ থেকে আমাদের শোধন করে।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: সবকিছুর উপর * তখন নিস্তব্ধতাই বিরাজ করছে,
রজনী তখন অর্ধপথ পেরিয়ে যাচ্ছে,
এমন সময় তোমার সর্বশক্তিমান বাণী, প্রভু,
রাজাসন ছেড়ে নেমে এলেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি আমাদের মাঝে বাস করেন এবং পরিত্রাতারূপে আমাদের চালিত করেন, আসুন, ঈশ্বরের বাণী সেই খ্রীষ্টের উপর আস্থা রেখে বলি:

প্রভু, অনিষ্ট থেকে আমাদের রক্ষা কর।

-আমাদের জন্য তুমি দেহধারণ করেছ, মানুষের মত হয়েই জীবনযাপন করেছ, তোমার জীবন পিতারই চরণে নিবেদিত ছিল।

-আমাদের জন্য তুমি জীবনকালে অনেক কষ্ট সহ্য করেছ, ঐশরাজ্যের কথা প্রচার করেছ, পাপীদের ভালবেসেছ।

-আমাদের জন্য তুমি যন্ত্রণাভোগ করেছ, ক্রুশবিদ্ধ হয়েছ, সমাহিত হয়েছ।

-আমাদের জন্য তুমি পুনরুত্থান করেছ, স্বর্গারোহণ করেছ, পবিত্র আত্মাকে দান করেছ।

-এখন তুমি স্বর্গীয় গৌরবে ভূষিত। আমাদের মৃত ভাইবোনদের সঙ্গে আমাদেরও একদিন তোমার গৌরবধামে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: প্রাচীন বন্দিদশায় যারা পাপের জোয়ালে বশীভূত, মানবদেহে তোমার একমাত্র পুত্রের নবজন্মের গুণে তারা যেন মুক্তি পেতে পারে।

২৭শে ডিসেম্বর

অপরাহ্ণ প্রহর পর্যন্ত সাধু যোহনের পর্বের ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৯৩৫।

সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৬।

বাণী পাঠ **রো ৮:৩-৪**

ঈশ্বর পাপময় মাংসের সাদৃশ্যে পাপার্থে বলিরূপে আপন পুত্রকে পাঠিয়ে মাংসে পাপের উপরে বিচার সম্পন্ন করেছেন, যেন বিধানের লক্ষ্য সেই যে ধর্মময়তা, তা আমাদেরই মধ্যে পূর্ণতা লাভ করে, যারা মাংসের বশে নয়, বরং আত্মারই বশে চলি।

শ্লোক

প্র বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র তিনি আমাদের মাঝে বাস করলেন।
উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: হে ঈশ্বরজননী কুমারী মারীয়া,
সমগ্র বিশ্ব নিজের মধ্যে যাঁকে ধারণ করতে পারে না,
তিনি মানুষ হয়ে তোমারই গর্ভে নিজেকে আবদ্ধ করলেন।
কুমারী হয়ে থেকে তুমি গর্ভবতী হলে,
কুমারী হয়ে থেকে তুমি পুত্রকে প্রসব করলে।

মিনতি নিবেদন

তাঁর অগাধ প্রেমে যিনি আপন পুত্রকে আমাদের মাঝে পাঠিয়েছেন, আসুন, ভক্তিভরে সেই করুণাময় পিতার কাছে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার পুত্রের অনুগ্রহ আমাদের অন্তরে নিত্য বিরাজ করুক।

-হে প্রেমময় ঈশ্বর, যারা এখনও অন্ধকারে বসে আছে, তুমি তো তাদের প্রতি দয়া দেখাও। বিশ্বের পরিত্রাণের জন্য আমাদের এ প্রার্থনা গ্রহণ কর।

-বিশ্বজুড়ে বিস্তৃত তোমার মণ্ডলীর কথা স্মরণে রাখ। খ্রীষ্টভক্তদের অন্তরে একতা ও শান্তি সঞ্চার কর।

-তোমার পরম শান্তি বিশ্বের প্রান্তসীমায় বিস্তারিত হোক। সকল জাতির মানুষকে খ্রীষ্টবিশ্বাসে চালিত কর।

-যাঁরা সমাজে পরিচালনার ভারপ্রাপ্ত, তাঁদের উপর ঐশআত্মার প্রজ্ঞা বর্ষণ কর, তাঁরা যেন ন্যায় ও ভ্রাতৃত্বের ভিত্তিতে এক নতুন সমাজ গড়ে তুলতে পারেন।

-তুমি জগতের কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছ। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার শাশ্বত শান্তিধামে গ্রহণ কর।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি সত্য ধর্মবিশ্বাসের সূচনা ও তার সিদ্ধি তোমার পুত্রের মানবজন্মেই প্রতিষ্ঠিত করেছ। আশীর্বাদ কর: যাঁর মধ্যে সমস্ত মানবপরিত্রাণের পূর্ণতা বিরাজিত, আমরা যেন সেই খ্রীষ্টের আপনজন বলে পরিগণিত হতে পারি।

২৮শে ডিসেম্বর

অপরাহ্ণ প্রহর পর্যন্ত নিরপরাধী পবিত্র শিশুগণের পর্বের ব্যবস্থা অনুসরণীয়, পৃঃ ৯৩৭।

সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৬।

বাণী পাঠ **এফে ২:৩খ-৫**

অন্যান্য সকলের মত আমরাও স্বভাবত ঐশক্রোধের পাত্র ছিলাম। কিন্তু ঈশ্বর, দয়ায় ঐশ্বর্যবান হওয়ায়, যে মহা ভালবাসায় আমাদের ভালবাসলেন, অপরাধের ফলে মৃত ছিলাম যে আমরা এই আমাদের তিনি খ্রীষ্টের সঙ্গে

সঞ্জীবিত করে তুললেন—অনুগ্রহেই তোমরা পরিত্রাণকৃত!

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: কুমারী মারীয়া * হলেন ঈশ্বরজননী,
শিশু যীশু স্তনপান করছেন তাঁর কোলে।
যিনি আমাদের ত্রাণ করতে এলেন,
এসো, সেই খ্রীষ্টকে পূজা করি।

মিনতি নিবেদন

পিতা ঈশ্বর এই জগতে তাঁর আপন পুত্রকে প্রেরণ করেছিলেন, বিধানের অধীনে জাত হয়ে তিনি যেন বিধানের অধীনস্থ যত মানুষের মুক্তিকর্ম সাধন করতে পারেন। আসুন, তাঁর কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, তোমার পুত্রের অনুগ্রহ আমাদের অন্তরে নিত্য বিরাজ করুক।

-খ্রীষ্টভক্তদের অন্তরে খ্রীষ্টবিশ্বাস গভীরতর করে তোল। যিনি তাদের জন্য মানুষ হলেন, তাঁর কথা অনুক্ষণ স্মরণে রেখে তারা যেন সর্বদা তোমার প্রতি কৃতজ্ঞতা জানায়।

-তোমার পুত্রের মধ্য দিয়ে তুমি মানবদশার সহভাগী হয়েছ। গরিব, অসুস্থ, বৃদ্ধ, নিরাশ যত মানুষকে সান্ত্বনা দান কর।

-তোমার পুত্রকে জীবনের প্রথম লগ্ন থেকেই প্রতিকূল অবস্থার সম্মুখীন হতে হল। নির্যাতিত, অত্যাচারিত, প্রবাসী, সমাজচ্যুত, কারারুদ্ধ যত মানুষের উপর সদয় দৃষ্টিপাত কর।

-তোমার পুত্রের জন্মদিনে তোমার স্বর্গদূতেরা স্বর্গীয় সঙ্গীত গান করলেন। তোমার কৃপায় আমাদের পরলোকগত ভাইবোনেরাও যেন চিরকালের মত স্বর্গীয় বন্দনায় যোগ দিতে পারেন।

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তুমি মানব-মর্যাদা অপূর্বভাবে সৃষ্টি করেছ, আর তোমার মুক্তিদানে তা অপূর্বতর ভাবেই নবরূপায়িত করেছ। অনুনয় করি: যিনি আমাদের মানবস্বরূপের সহভাগী হতে প্রসন্ন হলেন, আমরা যেন তাঁর ঐশস্বরূপের সহভাগী হতে পারি।

জন্মোৎসব-অষ্টাহের পঞ্চম দিন

২৯শে ডিসেম্বর

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান দৃশ্যাতীত পরমেশ্বর, তোমার আলোর আগমনে তুমি জগতের তমসা দূর করে দিয়েছ। মিনতি করি: প্রসন্নতার চোখে আমাদের দিকে চেয়ে দেখ, আমরা যেন তোমার একমাত্র পুত্রের জন্ম-মাহাত্ম্য যথাযোগ্য বন্দনাগানে উদ্‌যাপন করতে পারি।

আহ্বান সঙ্গীত **সাম ৯৫**

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো : হে তোরণ, * উত্তোলন কর শির!
প্রবেশ করুন গৌরবের রাজা। সাম ২৪
২য় ধুয়ো : আমার খ্রীষ্ট * আমাকে ডাক দিয়ে বলবে, আল্লেলুইয়া;
তুমি আমার পিতা। আল্লেলুইয়া। সাম ৮৯
৩য় ধুয়ো : সেনাবাহিনীর প্রভু * আমাদের সঙ্গে আছেন,
যাকোবের পরমেশ্বর আমাদের দুর্গ। সাম ৪৬

℣ তাঁর পবিত্রধাম থেকে বেরিয়ে আসছেন প্রভু;
℟ আসছেন আপন জাতিকে করতে পরিত্রাণ।

২য় পর্ব

১ম ধুয়ো : মর্ত থেকে * সত্য হবে অঙ্কুরিত,
স্বর্গ থেকে ধর্মময়তা বাড়াবে মুখ। সাম ৮৫
২য় ধুয়ো : আকাশমণ্ডল আনন্দ করুক, * পৃথিবী মেতে উঠুক
সেই প্রভুর সম্মুখে যিনি আসছেন। সাম ৯৬
৩য় ধুয়ো : প্রভুর জন্মলগ্নে * স্বর্গদূতেরা গান করছিলেন,
আমাদের পরমেশ্বরেরই তো পরিত্রাণ। আল্লেলুইয়া। সাম ৯৯

℣ রাখালেরা শিশুটিকে দে'খে, আল্লেলুইয়া;
℟ তাঁর বিষয়ে তাদের যা বলা হয়েছিল, তা তারা প্রকাশ করল। আল্লেলুইয়া।

২য় পর্ব শেষে 'তুমি ঈশ্বর' স্তোত্রটি গান করা যেতে পারে, পৃঃ ১০২।

প্রভাতী বন্দনা

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের প্রভাতী বন্দনার ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৩।

বাণী পাঠ **হিব্রু ১:১-২**

ঈশ্বর, যিনি প্রাচীনকালে বহুবার বহুরূপে পিতৃপুরুষদের কাছে নবীদের মধ্যে কথা বলেছিলেন, শেষযুগের এই দিনগুলিতে আমাদের কাছে সেই পুত্রে কথা বলেছেন যাঁকে তিনি সমস্ত কিছুর উত্তরাধিকারী রূপে নিযুক্ত করলেন ও যাঁর দ্বারা যুগগুলো রচনা করলেন।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : রাখালেরা * একে অপরকে বলল,
চল, আমরা বেথলেহেম পর্যন্ত যাই ;
এই যে ঘটনার কথা প্রভু আমাদের জানালেন,
তা গিয়ে দেখি।

মিনতি নিবেদন

ঈশ্বর তাঁর দয়ায় আমাদের কাছে শান্তিরাজ সেই খ্রীষ্টকে প্রেরণ করলেন। আসুন, বিশ্বাস ও ভক্তি ভরে ঘোষণা করি :

ঈশ্বরের প্রসন্নতার পাত্র মানুষের জন্য শান্তি !

-হে পবিত্রতম পিতা, তোমার মন্ডলী তোমার পরিত্রাণদায়ী প্রেমের কথা স্মরণ করছে; প্রসন্ন হয়ে তুমি আমাদের এই স্তুতিবন্দনা গ্রহণ কর।

-যাঁকে তুমি পাঠাবে বলে আদি থেকেই প্রতিশ্রুতি দিয়েছিলে, সেই মুক্তিদাতার আলো সকল মানুষকে উদ্ভাসিত করুক।

-কুলপতি ও নবীরা যে মসীহের কথা পূর্বঘোষণা করেছিলেন, ইহুদী জাতি তাঁকে বিশ্বাসের সঙ্গে গ্রহণ করুন।

-তোমার পুত্রের জন্মের কথা স্বর্গদূতেরা ঘোষণা করলেন, প্রেরিতদূতেরা তা প্রচার করলেন, ধর্মশহীদেরা তার বিষয়ে সাক্ষ্য দিলেন : এই শান্তির শুভসংবাদ সারা বিশ্বে ধ্বনিত হোক।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : ধন্যা মারীয়া * শাশ্বতকালীন রাজার জন্ম দিলেন।
মাতৃত্বের আনন্দ ভোগ ক'রে
তিনি একাধারে কুমারীত্বের মর্যাদার অধিকারিণী।
তেমন কিছু দেখা হয়নি কোনকালে, ঘটবেও না ভাবীকালে। আল্লেলুইয়া।

বাণী পাঠ **তীত ২:১১-১২**

ঈশ্বরের অনুগ্রহ প্রকাশিত হয়েছে ও সমস্ত মানুষের জন্য পরিত্রাণ এনে দিয়েছে। এই অনুগ্রহ আমাদের এই শিক্ষা দেয়, ভক্তিহীনতা ও পার্থিব যত অভিলাষ অস্বীকার ক'রে আমরা যেন এই বর্তমান যুগে আত্মসংযত, ধর্মময় ও ভক্তিময় জীবন যাপন করি।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া ;
℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : স্বর্গদূত * রাখালদের বললেন,
'আমি তোমাদের মহা আনন্দের এক শুভসংবাদ জানাচ্ছি :
আজ তোমাদের জন্য এক ত্রাণকর্তা জন্মেছেন।' আল্লেলুইয়া।

বাণী পাঠ **১ যোহন ৪:৯**

এতেই আমাদের প্রতি ঈশ্বরের ভালবাসা প্রকাশিত হয়েছে : ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে জগতে প্রেরণ করেছেন তাঁর দ্বারাই আমরা যেন জীবন পাই।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া ;
℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো :　　এক শিশু * জন্ম নিয়েছেন আমাদের জন্য।
তাঁর নাম হবে 'শক্তিশালী ঈশ্বর'। আল্লেলুইয়া।

বাণী পাঠ　　　　**শিষ্য ১০:৩৬**

ঈশ্বর ইস্রায়েল সন্তানদের কাছে বাণী প্রেরণ করলেন, এবং তাদেরই কাছে যীশুখ্রীষ্ট দ্বারা এই শান্তির শুভসংবাদ বহন করা হল যে, ইনিই সকলের প্রভু।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৬।

বাণী পাঠ　　　　**১ যোহন ১:১-৩**

যা আদি থেকে ছিল, যা আমরা শুনেছি, যা নিজেদের চোখেই দেখেছি, যা আমরা চোখ নিবদ্ধ রেখেই দেখেছি ও আমাদের হাত সেই জীবনবাণীর যা স্পর্শ করেছে, আমরা তারই বিষয়ে কথা বলছি। কেননা সেই জীবন সত্যিই আত্মপ্রকাশ করেছিল; আমরা তা দেখেছি, তার বিষয়ে সাক্ষ্য দিচ্ছি আর তোমাদের কাছে সেই অনন্ত জীবনেরই সংবাদ জানাচ্ছি যা পিতামুখী ছিল ও আমাদের কাছে আত্মপ্রকাশ করেছে—যা আমরা দেখেছি ও শুনেছি, তোমাদের কাছে তারই সংবাদ জানাচ্ছি, তোমরাও যেন আমাদের জীবনের সহভাগী হতে পার; পিতার সঙ্গে ও তাঁর পুত্র যীশুখ্রীষ্টের সঙ্গেই আমাদের এই জীবন-সহভাগিতা।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : স্বর্গরাজ * কুমারীর গর্ভে জন্ম নিতে চাইলেন,
তিনি যেন পতিত মানবকে স্বর্গরাজ্যে ফিরিয়ে আনতে পারেন।

মিনতি নিবেদন

দীনদরিদ্রের কাছে শুভসংবাদ প্রচারের জন্য যিনি তাঁর আপন পুত্রকে জগতে প্রেরণ করলেন, আসুন, এ সান্ধ্য স্তুতিবন্দনার জন্য সম্মিলিত হয়ে আমরা সেই করুণাময় পিতাকে ডাকি :

পিতা, দয়া কর।

-হে পিতা, তুমি যে তোমার পুত্রকে আমাদের দান করেছ, তার জন্য আমরা তোমাকে ধন্যবাদ জানাই। বিশ্বজগৎকে তাঁর জন্মের আনন্দে উদ্ভাসিত কর।

-তুমি যীশুকে পাঠিয়েছ অনুগ্রহকালের কথা ঘোষণা করতে। সবাই যেন স্বর্গীয় শান্তি উপভোগ করতে পারে।

-রাখালেরা জাবপাত্রে শোয়ানো শিশুটিকে ঈশ্বর বলে চিনতে পেরেছিল। আমাদের বিশ্বাস গভীরতর করে তোল, আমরাও যেন যীশুর কথা সরলভাবে প্রচার করতে পারি।

-তুমি সকল মানুষকে অন্ধকার থেকে ঐশআলোতে আহ্বান কর। তোমার আশীর্বাদে আমরা যেন সুসমাচারের

নির্ভীক সাক্ষী হতে পারি।

-তুমি যীশুতে সেই আলো জ্বালিয়েছ, যে আলো সকল জাতিকে উদ্ভাসিত করে। আমাদের পরলোকগত ভাইবোনেরা যেন যুগযুগ ধরে তোমার শ্রীমুখের গৌরব দর্শন করতে পারেন।

জন্মোৎসব-অষ্টাহের ষষ্ঠ দিন

৩০শে ডিসেম্বর

প্রভুর জন্মোৎসব যদি রবিবারে পড়ে, তাহলে এদিনে, ১ম সন্ধ্যারতি বাতিল ক'রে **পবিত্র পরিবার** পর্ব (পৃঃ ১০৭) উদ্‌যাপিত হবে। অন্যথা নিম্নের ব্যবস্থা পালনীয়।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: প্রাচীন বন্দিদশায় যারা পাপের জোয়ালে বশীভূত, মানবদেহে তোমার একমাত্র পুত্রের নবজন্মের গুণে তারা যেন মুক্তি পেতে পারে।

আহ্বান সঙ্গীত **সাম ৯৫**

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো: হে তোরণ, * উত্তোলন কর শির!
প্রবেশ করুন গৌরবের রাজা। সাম ২৪
২য় ধুয়ো: আমার খ্রীষ্ট * আমাকে ডাক দিয়ে বলবে, আল্লেলুইয়া;
তুমি আমার পিতা। আল্লেলুইয়া। সাম ৮৯
৩য় ধুয়ো: সেনাবাহিনীর প্রভু * আমাদের সঙ্গে আছেন,
যাকোবের পরমেশ্বর আমাদের দুর্গ। সাম ৪৬

℣ আমরা তাঁর গৌরব প্রত্যক্ষ করলাম, আল্লেলুইয়া;
℟ এমন গৌরব যা ঈশ্বরের সেই একমাত্র পুত্রেরই সমুচিত গৌরব। আল্লেলুইয়া।

২য় পর্ব

১ম ধুয়ো: মর্ত থেকে * সত্য হবে অঙ্কুরিত,
স্বর্গ থেকে ধর্মময়তা বাড়াবে মুখ। সাম ৮৫
২য় ধুয়ো: আকাশমণ্ডল আনন্দ করুক, * পৃথিবী মেতে উঠুক
সেই প্রভুর সম্মুখে যিনি আসছেন। সাম ৯৬
৩য় ধুয়ো: প্রভুর জন্মলগ্নে * স্বর্গদূতেরা গান করছিলেন,
আমাদের পরমেশ্বরেরই তো পরিত্রাণ। আল্লেলুইয়া। সাম ৯৯

℣ প্রভু জ্ঞাত করেছেন, আল্লেলুইয়া;
℟ আপন পরিত্রাণ। আল্লেলুইয়া।

২য় পর্ব শেষে 'তুমি ঈশ্বর' স্তোত্রটি গান করা যেতে পারে, পৃঃ ১০২।

প্রভাতী বন্দনা

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের প্রভাতী বন্দনার ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৩।

বাণী পাঠ **ইসা ৯:৫**

এক শিশু জন্ম নিয়েছেন আমাদের জন্য, এক পুত্রসন্তানকে দেওয়া হয়েছে আমাদের, তাঁর কাঁধে রয়েছে আধিপত্য-ভার, তাঁর নাম রাখা হল 'আশ্চর্য মন্ত্রণাদাতা, শক্তিশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ'।

শ্লোক

প্র প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: প্রভুর জন্মলগ্নে * স্বর্গদূতবৃন্দ সমস্বরে গান করতে লাগলেন,
সিংহাসনে সমাসীন আমাদের পরমেশ্বর এবং মেষশাবকেরই তো পরিত্রাণ।

মিনতি নিবেদন

পরম পিতা যাঁকে মানবজাতির নবীকরণের প্রবর্তকরূপে নিযুক্ত করেছেন, আসুন, সেই খ্রীস্টের কাছে প্রার্থনা করি:

ঈশ্বরপুত্র খ্রীস্ট, আমাদের প্রার্থনা শোন।

-তুমি অনাদিকাল থেকে পিতার সঙ্গে ছিলে; কাল পূর্ণ হলে মানুষ হলে। আমাদের অন্তরে প্রকৃত ভ্রাতৃপ্রেম সঞ্চার কর।

-তুমি নিজেকে রিক্ত করলে আমরা যেন তোমার গৌরবলাভে ধনবান হই; নিজেকে নমিত করলে আমরা যেন তোমার ঐশমর্যাদার অংশী হই। কৃপা কর, আমরা যেন তোমার বাণী বিশ্বস্তভাবে মেনে চলতে পারি।

-যারা অন্ধকারে ও মৃত্যু-ছায়ায় ছিল, তুমি তাদের উদ্ভাসিত করলে। আমাদের উপর তোমার সত্য ও শান্তির আত্মাকে বর্ষণ কর।

-তোমার বাণী গ্রহণের জন্য আমাদের নতুন হৃদয় দান কর। সাহায্য কর, যে বিশ্বাস আমরা কথায় ঘোষণা করি, তা যেন কাজেও বাস্তবায়িত করতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: ধন্যা মারীয়া * শাশ্বতকালীন রাজার জন্ম দিলেন।
মাতৃত্বের আনন্দ ভোগ ক'রে
তিনি একাধারে কুমারীত্বের মর্যাদার অধিকারিণী।
তেমন কিছু দেখা হয়নি কোনকালে, ঘটবেও না ভাবীকালে। আল্লেলুইয়া।

বাণী পাঠ **দ্বিঃবিঃ ৪:৭**

এমন কোন্ বড় দেশ আছে, যার দেবতা তার তত নিকটবর্তী, আমাদের পরমেশ্বর প্রভু আমাদের যত নিকটবর্তী যখনই আমরা তাঁকে ডাকি?

প্র প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;

উ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: স্বর্গদূত * রাখালদের বললেন,
'আমি তোমাদের মহা আনন্দের এক শুভসংবাদ জানাচ্ছি:
আজ তোমাদের জন্য এক ত্রাণকর্তা জন্মেছেন।' আল্লেলুইয়া।

বাণী পাঠ **ইসা ১২:৫-৬**

প্রভুর স্তবগান কর, তিনি যে সাধন করেছেন মহিমময় কাজ, সারা পৃথিবী জুড়ে একথা জ্ঞাত হোক। সানন্দে

চিৎকার কর, জাগাও হর্ষধ্বনি, সিয়োন অধিবাসী, কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;

℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : এক শিশু * জন্ম নিয়েছেন আমাদের জন্য।
তাঁর নাম হবে 'শক্তিশালী ঈশ্বর'। আল্লেলুইয়া।

বাণী পাঠ **তোবিত ১৪:৮-৯**

বিজাতিরা তাদের যত মূর্তি পরিত্যাগ করবে, তারা যেরুসালেমে এসে বসবাস করবে। পৃথিবীর সকল রাজা ইস্রায়েলের রাজাকে আরাধনা করে যেরুসালেমে আনন্দ করবেন।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।

℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের ২য় সন্ধ্যারতির ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৬।

বাণী পাঠ **২ পি ১:৩-৪**

তাঁর ঐশপরাক্রম গুণে খ্রীষ্ট আমাদের জীবন ও ভক্তি সংক্রান্ত সমস্ত কিছুই দান করেছেন; তা করেছেন তাঁরই বিষয়ে আমাদের জ্ঞানলাভ দ্বারা, যিনি আপন গৌরব ও মাহাত্ম্যে আমাদের আহ্বান করেছেন। এ দ্বারাই তাঁর মহামূল্যবান ও সুমহান যত প্রতিশ্রুতি আমাদের দান করা হয়েছে, উচ্ছৃঙ্খল দুর্মতির কারণে জগতে উপস্থিত সেই অবক্ষয় এড়িয়ে তোমরা যেন তোমাদের পাওয়া সেই প্রতিশ্রুতি দ্বারা ঐশস্বরূপের সহভাগী হয়ে উঠতে পার।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হে ঈশ্বরজননী, * তোমার জয় হোক!
তুমিই যে খ্রীষ্টকে জন্ম দিলে।
তোমার মহিমাকীর্তনে রত তোমার এই জনগণকে রক্ষা কর।

মিনতি নিবেদন

যিনি তাঁর আপন জাতিকে পরিত্রাণের পথে চালিত করার জন্য বেথলেহেমে জন্ম নিলেন, আসুন, ইস্রায়েলের মেষপালক সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি:

হে প্রভু, তোমার প্রেম আমাদের মাঝে নিত্য বিরাজ করুক।

-হে সর্বজাতির প্রতীক্ষিত পরিত্রাতা, যে সকল দেশ এখনও তোমার বাণী শোনেনি, তাদের উপর তোমার শুভসংবাদের আলো বিকশিত কর, সকল মানুষকে তোমার বুকে আকর্ষণ কর।

-পৃথিবীর সকল প্রান্তেই তোমার মণ্ডলীকে বিস্তারিত কর, যেন মানবজাতি একই আত্মার প্রেরণায় এক পরিবার হতে পারে।

-হে রাজাধিরাজ, জগতের সকল নেতার মন উদ্বুদ্ধ কর, তাঁরা যেন দেশের কল্যাণ, ন্যায় ও শান্তি প্রতিষ্ঠার জন্যই

নেতৃত্ব নেন।

-হে পরাক্রমশালী শাসনকর্তা, হে দুর্বলদের শক্তি, পরীক্ষার সময়ে সহায় হও, পতনের দিনে সাহায্য কর, বিপদের সামনে নিরাপদে রাখ। যারা নিরাশায় রয়েছে, তাদের আশ্বাস দাও, অত্যাচারিতদের সান্ত্বনা দাও।

-হে দীনদুঃখীর সান্ত্বনাদানকারী, মরণাপন্ন মানুষের শেষ আকাঙ্ক্ষা মঞ্জুর কর। অফুরন্ত জীবন-জলের উৎসের ধারে তাদের চালিত কর।

জন্মোৎসব-অষ্টাহের সপ্তম দিন

৩১শে ডিসেম্বর

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তুমি সত্য ধর্মবিশ্বাসের সূচনা ও তার সিদ্ধি তোমার পুত্রের মানবজন্মেই প্রতিষ্ঠিত করেছ। আশীর্বাদ কর: যাঁর মধ্যে সমস্ত মানবপরিত্রাণের পূর্ণতা বিরাজিত, আমরা যেন সেই খ্রীষ্টের আপনজন বলে পরিগণিত হতে পারি।

আহ্বান সঙ্গীত সাম ৯৫

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো: হে তোরণ, * উত্তোলন কর শির!
প্রবেশ করুন গৌরবের রাজা। সাম ২৪
২য় ধুয়ো: আমার খ্রীষ্ট * আমাকে ডাক দিয়ে বলবে, আল্লেলুইয়া;
তুমি আমার পিতা। আল্লেলুইয়া। সাম ৮৯
৩য় ধুয়ো: সেনাবাহিনীর প্রভু * আমাদের সঙ্গে আছেন,
যাকোবের পরমেশ্বর আমাদের দুর্গ। সাম ৪৬

℣ আপন শক্তিশালী বাণীতে যিনি বিশ্বকে সুস্থির রাখেন, আল্লেলুইয়া,
℟ তিনি ঊর্ধ্বলোকে মহামহিমের ডান পাশেই সমাসীন। আল্লেলুইয়া।

২য় পর্ব

১ম ধুয়ো: মর্ত থেকে * সত্য হবে অঙ্কুরিত,
স্বর্গ থেকে ধর্মময়তা বাড়াবে মুখ। সাম ৮৫
২য় ধুয়ো: আকাশমণ্ডল আনন্দ করুক, * পৃথিবী মেতে উঠুক
সেই প্রভুর সম্মুখে যিনি আসছেন। সাম ৯৬
৩য় ধুয়ো: প্রভুর জন্মলগ্নে * স্বর্গদূতেরা গান করছিলেন,
আমাদের পরমেশ্বরেরই তো পরিত্রাণ। আল্লেলুইয়া। সাম ৯৯

℣ এই দিনগুলিতে ঈশ্বর আমাদের কাছে সেই পুত্রে কথা বলেছেন, আল্লেলুইয়া;
℟ যাঁর দ্বারা যুগগুলো রচনা করলেন। আল্লেলুইয়া।

২য় পর্ব শেষে 'তুমি ঈশ্বর' স্তোত্রটি গান করা যেতে পারে, পৃঃ ১০২।

প্রভাতী বন্দনা

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের প্রভাতী বন্দনার ব্যবস্থা পালনীয়, পৃঃ ১০৩।

বাণী পাঠ **ইসা ৪:২-৩**

সেদিন প্রভুর সেই বীজাঙ্কুর কান্তিতে ও গৌরবে বেড়ে উঠবে; ইস্রায়েলের যারা রেহাই পাবে, তখন দেশভূমির ফল হবে তাদের গর্ব, তাদের ভূষণ। সিয়োনে যাদের অবশিষ্ট রাখা হবে, যেরুসালেমে যে কেউ বাকি থাকবে, তারা পবিত্র বলে অভিহিত হবে,—অর্থাৎ তারা, যেরুসালেমে জীবিত থাকবে বলে যাদের নাম লেখা আছে।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: আর হঠাৎ * ওই দূতের সঙ্গে স্বর্গীয় এক বিশাল দূতবাহিনী আবির্ভূত হয়ে
এই বলে ঈশ্বরের প্রশংসা করতে লাগল:
'উর্ধ্বলোকে ঈশ্বরের গৌরব!
ইহলোকে তাঁর প্রসন্নতার পাত্র মানুষের জন্য শান্তি!' আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

সকল মানুষের পরিত্রাণের জন্য যাঁর ভালবাসা প্রকাশ পেয়েছে, আসুন, সেই খ্রীষ্ট প্রভুর কাছে বিনীতভাবে প্রার্থনা জানাই:

জীবনময় ঈশ্বরের পুত্র, আমাদের দয়া কর।

-হে খ্রীষ্ট, তুমি ঈশ্বরের মহিমার প্রতিবিম্ব, তোমার বাণীশক্তিতে তুমি জগৎকে সঞ্জীবিত করে রাখ। সেই বাণীর আলোতে আমাদের জীবন আলোকিত কর।

-হে খ্রীষ্ট, তুমি বিশ্বত্রাতা। সকল মানুষকে প্রকৃত মুক্তি দান কর, তারা যেন অবাধে তোমার বাণী অনুসারে চলতে পারে।

-ঈশ্বরপুত্র হয়েও তুমি বেথলেহেমে সেই গোশালায় গরিব অবস্থায় জন্ম নিলে। তোমার মণ্ডলী যেন তোমার আদর্শে দরিদ্রতা ভালবাসে।

-হে দাউদসন্তান, তোমাতেই সকল নবীর প্রতিশ্রুতি পূর্ণতা লাভ করেছে। তোমার কৃপায় ইহুদী জাতি যেন তোমাকে মসীহ ও ত্রাণকর্তা বলে গ্রহণ করে।

-অনেকে তোমাকে উত্তম নবী ও চরম বিচারকর্তা বলে স্বীকার করে। তাদের মন উদ্বুদ্ধ কর, তারা যেন তোমাকে ঈশ্বর বলেও স্বীকার করে।

পূর্বাহ্ন প্রহর

ধুয়ো: ধন্যা মারীয়া * শাশ্বতকালীন রাজার জন্ম দিলেন।
মাতৃত্বের আনন্দ ভোগ ক'রে
তিনি একাধারে কুমারীত্বের মর্যাদার অধিকারিণী।
তেমন কিছু দেখা হয়নি কোনকালে, ঘটবেও না ভাবীকালে। আল্লেলুইয়া।

বাণী পাঠ **ইসা ৪৫:১৩**

আমিই এই মানুষকে জাগিয়ে তুলেছি ধর্মময়তার উদ্দেশ্যে, আমি তার সকল পথ সরল করব। সে আমার নগরী পুনর্নির্মাণ করবে, আমার নির্বাসিতদের ফিরিয়ে দেবে, বিনামূল্যে, বিনা পুরস্কারেই তাদের ফিরিয়ে দেবে; একথা

বলছেন সেনাবাহিনীর প্রভু।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;

℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: স্বর্গদূত * রাখালদের বললেন,
'আমি তোমাদের মহা আনন্দের এক শুভসংবাদ জানাচ্ছি:
আজ তোমাদের জন্য এক ত্রাণকর্তা জন্মেছেন।' আল্লেলুইয়া।

বাণী পাঠ **ইসা ৪৮:২০**

আনন্দোচ্ছ্বাসের কণ্ঠে একথা ঘোষণা কর, তা প্রচার কর, পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত কথাটা ব্যাপ্ত কর; বল: 'প্রভু তাঁর আপন দাস যাকোবের মুক্তি পুনঃসাধন করেছেন।'

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;

℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: এক শিশু * জন্ম নিয়েছেন আমাদের জন্য।
তাঁর নাম হবে 'শক্তিশালী ঈশ্বর'। আল্লেলুইয়া।

বাণী পাঠ **ইসা ৬৫:১**

যারা আমার কাছে কোন যাচনা রাখত না, তাদের আমি নিজের উদ্দেশ পেতে দিয়েছি; যারা আমার খোঁজ করত না, তাদের আমি নিজেকে খুঁজে পেতে দিয়েছি; যে জাতি আমার নাম করত না, আমি তাকে বলেছি, 'এই যে আমি আছি, এই যে আমি আছি।'

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।

℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

১লা জানুয়ারী

জন্মোৎসব-অষ্টাহের অষ্টম দিন

পবিত্রা ঈশ্বরজননী মারীয়া

মহাপর্ব

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, ধন্যা মারীয়ার উর্বর কুমারীত্বে তুমি শাশ্বত পরিত্রাণের পরমদান মানবজাতির কাছে মঞ্জুর করেছ। অনুনয় করি: তোমার অনুগ্রহে আমরা যখন তাঁর দ্বারা জীবনের উৎস তোমার পুত্রকে পেয়েছি, তখন যেন তাঁর সহায়তাও উপলব্ধি করতে পারি।

১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১৩২।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: আনন্দের সঙ্গে, এসো,
ঈশ্বরজননী নিত্যকুমারী ধন্যা মারীয়ার মহাপর্ব উদ্‌যাপন করি।

মিনতি নিবেদন

মানুষে মানুষে যিনি শান্তির বন্ধন, সর্বজাতির মানুষকে যিনি এক জাতিতে একত্রিত করতে এসেছেন, আসুন, সেই ধন্য প্রভু যীশু খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

হে প্রভু, শান্তি দান কর।

-হে প্রভু, আমাদের মধ্যে এসে তুমি পিতার প্রেম প্রকাশ করেছ। কৃপা কর, আমরা যেন তাঁর অশেষ উপকারের জন্য তাঁকে অনুক্ষণ ধন্যবাদ জানাই।

-তুমি চেয়েছ, তোমার জননী প্রসাদপূর্ণা হবেন। সেই ঐশপ্রসাদে সকল মানুষকে ধন্য কর।

-এই জগতে এসে তুমি পরিত্রাণের শুভসংবাদ প্রচার করেছ। সেই প্রভাবে মানুষের অন্তর যেন তোমাকে এবং সকল মানুষকে গ্রহণ করে।

হে প্রভু, শান্তি দান কর।

-ধন্যা মারীয়ার গর্ভে জন্ম নিয়ে তুমি প্রতিটি মানুষের ভাই হতে চেয়েছ। আশীর্বাদ কর, মানবজাতির মধ্যে যেন ভ্রাতৃত্বের মনোভাব বিকশিত হয়।

-হে ন্যায়ের সূর্য, হে মানবসমাজের প্রত্যাশা, সকল মৃত মানুষের উপর বিকিরণ কর তোমার শাশ্বত জ্যোতি।

আহ্বান সঙ্গীত

ধুয়ো : এসো, ঈশ্বরজননী নিত্যকুমারী ধন্যা মারীয়ার মহাপর্ব উদ্‌যাপন করি ;
এসো, তাঁর সন্তান খ্রীষ্ট প্রভুর চরণে প্রণিপাত করি। সাম ৯৫

জাগরণী

স্তোত্র

১। যেসের মূলকান্ড, দেখ,
আজই পল্লব দিলেন হে!
কুমারীত্ব অক্ষুণ্ন রেখে
মরিয়ম হলেন মাতা হে।

২। জ্যোতির যিনি সৃষ্টিকর্তা,
তিনি এখন জাবপাত্রে ;
পিতার সঙ্গে যিনি স্রষ্টা
তিনি মাতার কোলেই হে।

৩। দশ আজ্ঞা দিলেন যিনি,
বিধির যিনি প্রণেতা,
এবার বিধির অধীন হয়ে
তিনি হলেন মানুষ হে।

৪। রাতের অন্ত, মৃত্যুর বিনাশ,
জ্যোতি ও ত্রাণের জন্ম হে!
মরিয়ম হলেন ঈশ্বরমাতা :
সবে এসে দেখ হে।

৫। সুকুমারীর সন্তান, যীশু,
তব স্তুতি করি হে ;
পিতা ও আত্মার সঙ্গে তুমি
যুগে যুগে ধন্য হে। (৭ম শতাব্দী)

১ম পর্ব

১ম ধুয়ো : কুমারীটি গর্ভবতী হয়ে * একটি পুত্রসন্তান প্রসব করবেন ;
তিনি তাঁর নাম রাখবেন ইম্মানুয়েল। সাম ২৪

২য় ধুয়ো : আনন্দিতা হও, হে অনুগৃহীতা! * প্রভু তোমার সঙ্গে আছেন।
নারীকুলে তুমি ধন্যা, এবং ধন্য তোমার গর্ভফল। সাম ৮৭

৩য় ধুয়ো :   ভয় করো না, মারীয়া।
তুমি তো ঈশ্বরের কাছে অনুগ্রহই পেয়েছ।
দেখ, গর্ভধারণ করে তুমি একটি পুত্রসন্তান প্রসব করবে।
তিনি পরাৎপরের পুত্র বলে অভিহিত হবেন।   সাম ৯৯

℣ আমি জলস্রোতের কূলে রোপিত গোলাপফুলেরই মত ফুটে উঠলাম ;
℟ আঙুরলতারই মত আমি সুবাস ছড়িয়ে দিলাম।

২য় পর্ব

১ম ধুয়ো :   কুমারী মারীয়া, * সুখী তুমি!
তুমি যে বিশ্বস্রষ্টাকে গর্ভে ধারণ করলে। সাম ৪৫
২য় ধুয়ো :   যিনি * তোমাকে গড়লেন, তুমি তাঁকে জন্ম দিলে।
তুমি কুমারী থাকবে চিরকাল। সাম ৮৫
৩য় ধুয়ো :   হে কন্যা, * প্রভুর আশিসপাত্র তুমি ;
তুমিই আমাদের দান করেছ জীবনের ফল।   সাম ৯৬

℣ আমার ফল সোনা ও মূল্যবান মুক্তার চেয়ে শ্রেয় ;
℟ আমার ফসলও যাচাই করা রুপোর চেয়ে শ্রেয়।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১০০।

ধুয়ো :   হে নির্মলা জননী, * হে উর্বরা কুমারী মারীয়া!
কুমারী হয়ে থেকে তুমি বিনা যন্ত্রণায় পরিত্রাতাকে প্রসব করলে।

℣ বাণী হলেন মাংস। আল্লেলুইয়া।
℟ তিনি আমাদের মাঝে বাস করলেন। আল্লেলুইয়া।

স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ১০২।
সুসমাচার ঘোষণা, লুক ২:১৬-২১ অথবা লুক ২:১-১৪।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ১০৩।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। সুকুমারী করলেন প্রসব :
যীশু বিশ্বে প্রবেশ করলেন।
যিনি সুকুমারী ছিলেন,
তিনি সুকুমারী থাকলেন।

২। যিনি বর, ত্রাণকর্তা, স্রষ্টা,
মণ্ডলীর বীরপুরুষ যিনি,
পরমেশ্বর যাঁরই জনক
নারীগর্ভেই জাত তিনি।

৩। মাতার যিনি মহাগৌরব,
ভক্তের অমিত আশা যিনি,
মানব-ঘরে প্রবেশ ক'রে
মোদের ধন্য করলেন তিনি।

৪। উল্লাস কর, সকল মানুষ :
এবার এলেন বিশ্বত্রাতা।
তিনি যাদের স্রষ্টা হলেন,
এখন তাদের মুক্তিদাতা।

৫। আত্মার কনের শুচি গর্ভে
যিনি হলেন আজ জনিত,

ঈশ্বর যাঁরই পরম পিতা,
সেই শ্রীখ্রীষ্ট হোন পূজিত। (৯ম শতাব্দী)

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : আহা! কী বিস্ময়কর বিনিময়! * মানবজাতির যিনি স্রষ্টা,
মানবদেহ ধারণ ক'রে তিনি কুমারী-কোলে জন্ম নিতে চাইলেন।
মানবীয় মধ্যস্থ ছাড়া মানুষ হয়ে
তিনি তাঁর আপন ঈশ্বরত্বকে আমাদের দান করলেন।

২য় ধুয়ো : তুমি * যখন কুমারী-গর্ভে অনির্বচনীয়ভাবে জন্ম নিলে,
তখন পূর্ণ হল শাস্ত্রের বচন :
মানবজাতিকে ত্রাণ করতে তুমি নেমে এলে তৃণভূমির উপর বর্ষার মত।
হে আমাদের পরমেশ্বর, তোমার গৌরব হোক!

৩য় ধুয়ো : মোশী * যেমন সেই ঝোপকে
জ্বলন্ত অথচ অক্ষত অবস্থায় দেখলেন,
আমরা তেমনি তোমার গৌরবময় কুমারীত্ব অক্ষুণ্নই বলে স্বীকার করি।
হে বন্দিতা ঈশ্বরজননী, আমাদের হয়ে প্রার্থনা কর।

৪র্থ ধুয়ো : যেসের মূলকাণ্ডের পল্লবটি * উৎপন্ন হলেন,
যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন :
কুমারী পরিত্রাতাকে প্রসব করলেন।
হে আমাদের পরমেশ্বর, তোমার গৌরব হোক!

৫ম ধুয়ো : দেখ, * ধন্যা মারীয়া সেই পরিত্রাতাকে প্রসব করলেন,
যাঁকে দেখে যোহন বলে উঠলেন :
ওই দেখ! ঈশ্বরের মেষশাবক,
জগতের পাপ যিনি হরণ করেন। আল্লেলুইয়া।

বাণী পাঠ **মিখা ৫:২,৩,৪ক**

যতদিন প্রসব-বেদনাগ্রস্ত নারীর প্রসব না হয়, ততদিন ধরে প্রভু ইস্রায়েলকে পরিত্যাগ করবেন। তখন তাঁর ভাইদের অবশিষ্ট অংশ ইস্রায়েল সন্তানদের সঙ্গে সম্মিলিত হয়ে ফিরে আসবে। তিনি দাঁড়িয়ে তাঁর আপন মেষপালকে প্রভুর শক্তিতেই, তাঁর পরমেশ্বর প্রভুর নামের মহিমায়ই পালন করবেন। আর তিনি নিজেই হবেন শান্তি।

শ্লোক

প্র প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
উ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।
উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : আজ * বিস্ময়কর রহস্য প্রচারিত হচ্ছে,
অভিনব কিছু ঘটছে আজ : ঈশ্বর হলেন মানুষ :
তিনি যা ছিলেন, তা হয়ে থাকলেন ; যা ছিলেন না, তা ধারণ করলেন।
এতে ঐশ ও মানব স্বরূপের মিশ্রণ নেই, বিচ্ছিন্নতাও নেই :
দ্বৈতস্বরূপের অধিকারী হয়েও তিনি অনন্য মানবেশ্বর।

মিনতি নিবেদন

যিনি পবিত্র আত্মার প্রভাবে কুমারী মারীয়ার গর্ভে জন্ম নিলেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি :

হে কুমারী মারীয়ার সন্তান, দয়া কর।

-হে আশ্চর্য মন্ত্রণাদাতা, হে শান্তিরাজ, তোমার শান্তি যেন এই জগতে বাস্তব রূপ ধারণ করে।

-হে মানবেশ্বর, তুমি তোমার বন্ধুত্ব আমাদের দান করেছ। আমরা যেন পবিত্র জীবন যাপনেই তোমার বন্ধুত্বের যোগ্য পাত্র হতে পারি।

-নারীগর্ভে জন্ম নিয়ে তুমি আমাদের মত হতে ইচ্ছা করলে। আমরাও যেন তোমার মত হতে পারি।

-এ জগতে এসে তুমি আমাদের সহনাগরিক হতে চাইলে। আমরাও যেন একদিন স্বর্গধামে গিয়ে তোমার সহনাগরিক হতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : আহা! কী বিস্ময়কর বিনিময়! * মানবজাতির যিনি স্রষ্টা,
মানবদেহ ধারণ ক'রে তিনি কুমারী-কোলে জন্ম নিতে চাইলেন।
মানবীয় মধ্যস্থ ছাড়া মানুষ হয়ে
তিনি তাঁর আপন ঈশ্বরত্বকে আমাদের দান করলেন।

বাণী পাঠ **জেফা ৩:১৪,১৫খ**

সানন্দে চিৎকার কর, সিয়োন কন্যা; জয়ধ্বনি তোল, ইস্রায়েল। আনন্দ কর, সমস্ত হৃদয় দিয়ে উল্লাস কর, যেরুসালেম কন্যা : প্রভুই তোমার অন্তঃস্থলে রাজা, হে ইস্রায়েল!

℟ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া ;
℣ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : মোশী * যেমন সেই ঝোপকে
জ্বলন্ত অথচ অক্ষত অবস্থায় দেখলেন,
আমরা তেমনি তোমার গৌরবময় কুমারীত্ব অক্ষুণ্ণই বলে স্বীকার করি।
হে বন্দিতা ঈশ্বরজননী, আমাদের হয়ে প্রার্থনা কর।

বাণী পাঠ **জাখা ৯:৯ক**

সিয়োন কন্যা, মহা উল্লাসে মেতে ওঠ; সানন্দে চিৎকার কর, যেরুসালেম কন্যা। এই দেখ! তোমার রাজা তোমার কাছে আসছেন। তিনি ধর্মময়, তিনি বিজয়ভূষিত।

℟ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া ;
℣ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ন প্রহর

ধুয়ো : যেসের মূলকাণ্ডের পল্লবটি * উৎপন্ন হলেন,
যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন :
কুমারী পরিত্রাতাকে প্রসব করলেন।
হে আমাদের পরমেশ্বর, তোমার গৌরব হোক!

বাণী পাঠ **বারুক ৫:৩-৪**

হে যেরুসালেম, আকাশের নিচে যত জাতি রয়েছে, ঈশ্বর তাদের দেখাবেন তোমার প্রভা, এবং ঈশ্বর চিরকালের মত তোমার এই নাম রাখবেন : ন্যায়ের শান্তি, ধর্মিষ্ঠতার গৌরব।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

২য় সন্ধ্যারতি

স্তোত্র

১। সৃষ্টির পূর্বে পিতার বক্ষ থেকে জাত,
তাঁরই নাম আদি-অন্ত,
প্রাক্তন ভাবী বর্তমান সবকিছুর তিনি
হচ্ছেন উৎস এবং অন্ত।

২। ক্ষয়শীল রূপ মরদেহ ধারণ করলেন
আদমবংশ পাছে মরে,
অধোলোকে পাপপ্রাপ্ত মানবজাতির
মুক্তিকর্ম সাধন করেন।

৩। ধন্য ধন্য সেই জনম, সদা ধন্য :
পরমাত্মার শক্তি দ্বারা
সুকুমারী মোদের ত্রাতার জন্ম দিলেন :
মুক্তি পাব শিশু দ্বারা।

৪। প্রাচীনকালে যাঁকে দেখার উৎসুক ছিলেন
কুলপতি নবী সকল,
শিশুরূপে তিনি এবার মোদের ঘরে :
পূজা করে বিশ্বজগৎ।

৫। এসো, সবে পরম পিতার করি স্তুতি,
শিশু আজ সবার পূজিত,
সুকুমারীর বর সহায়ক পরমাত্মা
চিরকাল হোন সঙ্কীর্তিত। (প্রুদেন্তিউস † ৪০৫)

১ম ধুয়ো : আহা! কী বিস্ময়কর বিনিময়! * মানবজাতির যিনি স্রষ্টা,
মানবদেহ ধারণ ক'রে তিনি কুমারী-কোলে জন্ম নিতে চাইলেন।
মানবীয় মধ্যস্থ ছাড়া মানুষ হয়ে
তিনি তাঁর আপন ঈশ্বরত্বকে আমাদের দান করলেন। সাম ১১০
২য় ধুয়ো : তুমি * যখন কুমারী-গর্ভে অনির্বচনীয়ভাবে জন্ম নিলে,
তখন পূর্ণ হল শাস্ত্রের বচন :
মানবজাতিকে ত্রাণ করতে তুমি নেমে এলে তৃণভূমির উপর বর্ষার মত।
হে আমাদের পরমেশ্বর, তোমার গৌরব হোক! সাম ১১৩
৩য় ধুয়ো : মোশী * যেমন সেই ঝোপকে
জ্বলন্ত অথচ অক্ষত অবস্থায় দেখলেন,
আমরা তেমনি তোমার গৌরবময় কুমারীত্ব অক্ষুণ্ণই বলে স্বীকার করি।
হে বন্দিতা ঈশ্বরজননী, আমাদের হয়ে প্রার্থনা কর। সাম ১২২

৪র্থ ধুয়ো : যেসের মূলকাণ্ডের পল্লবটি * উৎপন্ন হলেন,
যাকোবকুল থেকে তারাটি উদিত হলেন :
কুমারী পরিত্রাতাকে প্রসব করলেন।
হে আমাদের পরমেশ্বর, তোমার গৌরব হোক! সাম ১২৭
৫ম ধুয়ো : দেখ, * ধন্যা মারীয়া সেই পরিত্রাতাকে প্রসব করলেন,
যাঁকে দেখে যোহন বলে উঠলেন :
ওই দেখ! ঈশ্বরের মেষশাবক,
জগতের পাপ যিনি হরণ করেন। আল্লেলুইয়া। গীতিকা এফে

বাণী পাঠ **গা ৪:৪-৫**

যখন সময়ের পূর্ণতা এল, তখন ঈশ্বর তাঁর আপন পুত্রকে প্রেরণ করলেন, যিনি নারীগর্ভে জন্ম নিলেন, বিধানের অধীনে জন্ম নিলেন, যেন মূল্য দিয়ে তিনি বিধানের অধীনস্থ যত মানুষের মুক্তিকর্ম সাধন করতে পারেন, যেন আমরা দত্তকপুত্রত্ব লাভ করতে পারি।

শ্লোক

প্র বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র তিনি আমাদের মাঝে বাস করলেন।
উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আহা, * এই জন্ম কতই না রহস্যময়!
ঈশ্বরের মন্দির কুমারী-গর্ভ হয়ে মানবদেহের স্পর্শে হয়নি কলুষিত।
সর্বজাতি এসে বলবে,
হে প্রভু, তোমার গৌরব হোক!

মিনতি নিবেদন

কুমারী মারীয়া যাঁকে গর্ভে ধারণ করে জন্ম দিলেন, আসুন, ঈশ্বরপুত্র ইম্মানুয়েল সেই খ্রীষ্টের কাছে প্রার্থনা করি :

হে কুমারী মারীয়ার সন্তান, আমাদের প্রার্থনা শোন।

-তুমি কুমারী মারীয়াকে মাতৃমর্যাদায় ভূষিত ক'রে ধন্য করলে। একই মর্যাদায় ভূষিত বলে মণ্ডলীও যেন নিজেকে ধন্য মনে করে।

-হে শান্তিরাজ, তোমার রাজ্য ন্যায় ও শান্তি-রাজ্য। আমরা যেন মানবজাতির মধ্যে ন্যায় ও শান্তি প্রতিষ্ঠার জন্য নিত্য ব্যস্ত থাকি।

-তুমি সকল মানুষকে নিয়ে তোমার আপন পবিত্র জাতি গড়ে তুলতে এ জগতে এলে। আশীর্বাদ কর, বিশ্বের সর্বজাতি যেন একমাত্র মহাপরিবারের বন্ধনে একত্রিত হয়ে ন্যায় ও শান্তি প্রতিষ্ঠায় সফল হয়।

হে কুমারী মারীয়ার সন্তান, আমাদের প্রার্থনা শোন।

-মানবপরিবারে তোমার জন্মের মধ্য দিয়ে তুমি পরিবার ধন্য ও পবিত্র করেছ। তোমার আশীর্বাদে সকল পরিবারে যেন একতা ও শান্তি বিরাজ করে।

-আমাদের মত জন্ম নিয়ে তুমি আমাদের মানবদশার সহভাগী হতে চাইলে। আমাদের পরলোকগত ভাইবোনেরা যেন স্বর্গধামে নবজন্ম লাভ ক'রে তোমার ঐশগৌরবের সহভাগী হতে পারেন।

২য় রবিবার

প্রভুর আত্মপ্রকাশ মহাপর্ব ৬ই জানুয়ারীতে পালিত হলে, তবে এ রবিবার ২রা ও ৫ই জানুয়ারীর মধ্যে পড়ে। সামসঙ্গীতমালা (এবং প্রয়োজন হলে ধুয়ো) ২য় সপ্তাহের রবিবারের ব্যবস্থা অনুসারে।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, হে বিশ্বাসীদের প্রাণের দীপ্তি, প্রসন্ন হয়ে নিখিল বিশ্বকে তোমার গৌরবে পূর্ণ কর, সকল জাতির মানুষের কাছে তোমার আলোর বিভায় দেখা দাও।

১ম সন্ধ্যারতি

সঙ্গীতমালার ধুয়োগুলো ২য় সন্ধ্যারতি অনুসারে, পৃঃ ১৩৭।

বাণী পাঠ — ১ যোহন ৫:২০

আমরা জানি যে ঈশ্বরের পুত্র এসেছেন এবং সেই সত্যময় ঈশ্বরকে জানবার জ্ঞান আমাদের দিয়েছেন। আর আমরা সেই সত্যময়ে আছি, তাঁর পুত্র সেই যীশুখ্রীষ্টে আছি ব'লে। তিনিই সত্যকার ঈশ্বর, তিনিই অনন্ত জীবন।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: খ্রীষ্ট সম্বন্ধে * তোমাদের ধারণা কী?
তিনি দাউদের সন্তান হলে,
তবে কেনই বা দাউদ পবিত্র আত্মার প্রেরণায় তাঁকে প্রভু বলেন?

মিনতি নিবেদন

যিনি নিজেকে রিক্ত করে দাসের দশা ধারণ করলেন এবং সবদিক দিয়ে পরীক্ষিত হয়েও কোন পাপ করেননি, আসুন, সেই খ্রীষ্টযীশুর দিকে ফিরে প্রার্থনা করি:

তোমার জন্মের খাতিরে আমাদের ত্রাণ কর, প্রভু।

-নবীরা যে নবীন কালের কথা বলে গেছিলেন, আমাদের এই জগতে এসে তুমিই সেই কালের সূচনা করেছিলে। আশীর্বাদ কর, তোমার ভক্তজন যেন সবসময় নতুন আত্মিক জন্মে নবায়িত হতে পারে।

-তুমি আমাদের মানবীয় দুর্বল অবস্থা আপন করে নিয়েছ। অন্ধ মানুষের চোখ খুলে দাও, দুর্বলের অন্তর দৃঢ় করে তোল, অসহায়কে সান্ত্বনা দান কর।

-তোমার জন্ম মানুষের ঘরে পরিত্রাণের শুভসংবাদ এনে দিয়েছে। মরণাপন্ন যারা, তাদের স্বর্গীয় জীবনের আশা দান কর।

-তুমি এ পৃথিবীতে নেমে এসেছিলে আমরা যেন স্বর্গে যেতে পারি। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার স্বর্গধামে গ্রহণ কর।

জাগরণী

১ম পর্বের পদ

২রা জানুয়ারী : ℣ আদমসন্তানদের মধ্যে তুমি সুন্দরতম,
℟ তোমার ওষ্ঠ প্রসাদে উচ্ছ্বসিত।
৩রা জানুয়ারী : ℣ ঈশ্বরের পুত্র এসে
℟ সত্যময় ঈশ্বরকে জানবার জ্ঞান আমাদের দিয়েছেন।
৪ঠা জানুয়ারী : ℣ তাঁর মধ্যে ছিল জীবন,
℟ জীবন ছিল মানুষে আলো।
৫ই জানুয়ারী : ℣ যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য ;
℟ প্রভুই ঈশ্বর, তিনিই আমাদের আলো দান করেন।

২য় পর্বের পদ

২রা জানুয়ারী : ℣ প্রভুর উদ্দেশে গান গাও, ধন্য কর তাঁর নাম ;
℟ দিনের পর দিন প্রচার করে যাও তাঁর পরিত্রাণ।
৩রা জানুয়ারী : ℣ তাঁর নামে বিশ্বাসী যারা,
℟ তিনি তাদের দিলেন ঈশ্বরসন্তান হওয়ার অধিকার।
৪ঠা জানুয়ারী : ℣ তিনিই ছিলেন সত্যকার আলো,
℟ যা প্রত্যেক মানুষকে আলোকিত করে।
৫ই জানুয়ারী : ℣ যে আমার অনুসরণ করে, সে অন্ধকারে চলবে না,
℟ কিন্তু জীবনের আলো পাবে।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১০০।

ধুয়ো : আল্লেলুইয়া, * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ প্রভু জ্ঞাত করেছেন, আল্লেলুইয়া,
℟ আপন পরিত্রাণ। আল্লেলুইয়া।

স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ১০২।
সুসমাচার ঘোষণা, যোহন ২১:১-১৪।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ১০৩।

প্রভাতী বন্দনা

১ম ধুয়ো : ধার্মিকের জন্য * এখন আলোর উদয় :
জগৎত্রাতা জন্ম নিলেন। আল্লেলুইয়া।
২য় ধুয়ো : যে জাতি * অন্ধকারে পথ চলত,
তারা মহান এক আলো দেখতে পেল।
৩য় ধুয়ো : যেরুসালেমের সঙ্গে * আনন্দ কর ;
প্রভু তার উপর প্রবাহিত করলেন নদীর মতই শান্তি।
৪র্থ ধুয়ো : এসো, * আমাদের পরমেশ্বর প্রভুর করি স্তুতিগান।
৫ম ধুয়ো : আমাদের মাঝে * ঈশ্বর-থেকে-ঈশ্বর জন্ম নিলেন,
সেই জ্যোতি-থেকে-জ্যোতি যা আদিতে ছিলেন।

বাণী পাঠ **হিব্রু ১:১-২**

ঈশ্বর, যিনি প্রাচীনকালে বহুবার বহুরূপে পিতৃপুরুষদের কাছে নবীদের মধ্যে কথা বলেছিলেন, শেষযুগের এই দিনগুলিতে আমাদের কাছে সেই পুত্রে কথা বলেছেন যাঁকে তিনি সমস্ত কিছুর উত্তরাধিকারী রূপে নিযুক্ত করলেন ও যাঁর দ্বারা যুগগুলো রচনা করলেন।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: হে চিরবিশ্বস্ত কুমারী,
তুমি দেহধারী ঐশবাণীকে প্রসব করলে;
প্রসবের পরেও তোমার কুমারীত্ব অক্ষুণ্ন থাকল।
আমরা সমস্বরে তোমাকে বলি: নারীকুলে তুমি ধন্যা!

মিনতি নিবেদন

আদিতে যিনি ঈশ্বরের সঙ্গে ছিলেন আর একদিন আমাদের পরিত্রাণের জন্য মানুষ হলেন, আসুন, সেই ঐশবাণীর প্রশংসাবাদ করে বলি:

হে প্রভু, তোমার আগমনের জন্য পৃথিবী আনন্দ করুক।

-হে সনাতন বাণী, তুমি জগৎকে ঐশআশিসধারা দানে আনন্দিত করেছ। তোমার আগমনের অনুগ্রহে আমাদের প্রাণ আনন্দিত করে তোল।

-হে বিশ্বত্রাতা, তোমার আগমনে আমরা দেখতে পেলাম, ঈশ্বর আপন প্রতিশ্রুতি পূরণে বিশ্বস্ত। আশীর্বাদ কর, আমরাও যেন দীক্ষাস্নানের প্রতিশ্রুতি পূরণে একই বিশ্বস্ততা দেখাতে পারি।

-তুমি স্বর্গদূতদের মাধ্যমে মানুষের কাছে শান্তির কথা ঘোষণা করেছ। আমাদের জীবন তোমার শান্তিতে রক্ষা কর।

-তুমি সত্যকার আঙুরলতা, যে লতা অনন্ত পরিত্রাণের ফল ফলায়। সাহায্য কর, আমরা যেন জীবন্ত ও ফলপ্রসূ শাখার মত তোমার সঙ্গে সদা সংযুক্ত থাকতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ **তীত ২:১১-১২**

ঈশ্বরের অনুগ্রহ প্রকাশিত হয়েছে ও সমস্ত মানুষের জন্য পরিত্রাণ এনে দিয়েছে। এই অনুগ্রহ আমাদের এই শিক্ষা দেয়, ভক্তিহীনতা ও পার্থিব যত অভিলাষ অস্বীকার ক'রে আমরা যেন এই বর্তমান যুগে আত্মসংযত, ধর্মময় ও ভক্তিময় জীবন যাপন করি।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;

℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ **১ যোহন ৪:৯**

এতেই আমাদের প্রতি ঈশ্বরের ভালবাসা প্রকাশিত হয়েছে: ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে জগতে প্রেরণ করেছেন তাঁর দ্বারাই আমরা যেন জীবন পাই।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;

℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ন প্রহর

ধুয়ো: আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ **শিষ্য ১০:৩৬**

ঈশ্বর ইস্রায়েল সন্তানদের কাছে বাণী প্রেরণ করলেন, এবং তাদেরই কাছে যীশুখ্রীষ্ট দ্বারা এই শান্তির শুভসংবাদ বহন করা হল যে, ইনিই সকলের প্রভু।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।

℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

২য় সন্ধ্যারতি

১ম ধুয়ো: যার প্রস্তুতি * প্রাচীনকাল থেকে,
সনাতন আনন্দের সেই নবমুক্তির দিন আমাদের উপর উদিত হল।
২য় ধুয়ো: পরমেশ্বর এবার * তাঁর কৃপা ও বিশ্বস্ততা পাঠিয়েছেন।
৩য় ধুয়ো: পৃথিবীতে * রাজাধিরাজ প্রভু আমাদের জন্য জন্ম নিলেন:
দেখ, বিশ্বপরিত্রাণ ও আমাদের মুক্তি এবার এসে গেছে। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো: কুমারী * ঐশবাণীকে গর্ভে ধারণ ক'রে কুমারীত্ব অক্ষুণ্ন রাখলেন;
তিনি রাজাধিরাজকে প্রসব করলেন।
৫ম ধুয়ো: পরমেশ্বর * তাঁর আপন পুত্রকে প্রেরণ করলেন,
আমরা যেন দত্তকপুত্রত্ব লাভ করতে পারি।

বাণী পাঠ **১ যোহন ১:১-৩**

যা আদি থেকে ছিল, যা আমরা শুনেছি, যা নিজেদের চোখেই দেখেছি, যা আমরা চোখ নিবদ্ধ রেখেই দেখেছি ও আমাদের হাত সেই জীবনবাণীর যা স্পর্শ করেছে, আমরা তারই বিষয়ে কথা বলছি। কেননা সেই জীবন সত্যিই আত্মপ্রকাশ করেছিল; আমরা তা দেখেছি, তার বিষয়ে সাক্ষ্য দিচ্ছি আর তোমাদের কাছে সেই অনন্ত জীবনেরই সংবাদ জানাচ্ছি যা পিতামুখী ছিল ও আমাদের কাছে আত্মপ্রকাশ করেছে—যা আমরা দেখেছি ও শুনেছি, তোমাদের কাছে তারই সংবাদ জানাচ্ছি, তোমরাও যেন আমাদের জীবনের সহভাগী হতে পার; পিতার সঙ্গে ও তাঁর পুত্র যীশুখ্রীষ্টের সঙ্গেই আমাদের এই জীবন-সহভাগিতা।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : আহা, * এই জন্ম কতই না রহস্যময়!
ঈশ্বরের মন্দির কুমারী-গর্ভ হয়ে মানবদেহের স্পর্শে হয়নি কলুষিত।
সর্বজাতি এসে বলবে,
হে প্রভু, তোমার গৌরব হোক!

মিনতি নিবেদন

যিনি আমাদের জন্য জন্ম নিলেন, আসুন, সর্বসৃষ্টির সঙ্গে ভক্তিভরে আমাদের সেই ভাই ও ত্রাণকর্তা যীশুকে পূজা করে বলি :

তোমার জন্মদিনের ফলে, প্রভু, জগৎ যেন দেখতে পায় শান্তি।

-তোমার জন্মের জন্য মণ্ডলী আজ অত্যন্ত আনন্দিত। তোমার অশেষ আশিসধারায় তাকে ধন্য করে তোল।

-হে আমাদের উত্তম পালক ও পরিচালক, পোপ মহোদয় ও বিশপবর্গকে প্রজ্ঞাদানে ধন্য কর, তাঁরা যেন তোমার অনুগ্রহদান বিশ্বস্তভাবে বিতরণ করতে পারেন।

-হে শাশ্বতকালীন রাজা, মানুষ হওয়ায় তুমি মানবজীবনের অনিত্য আয়ুষ্কালের অভিজ্ঞতা করতে ইচ্ছা করেছ। কৃপা কর, আমরা যেন চিরকালের মতই তোমার সনাতন আনন্দলোকে স্থান পেতে পারি।

-কাল পূর্ণ হলে তুমি কুলপতি ও নবীদের সকল প্রত্যাশা পূর্ণ করেছ। যাঁরা এখনও তোমার আগমনের অপেক্ষায় আছেন, তাঁদের কাছে পরিত্রাতারূপে আত্মপ্রকাশ কর।

-তুমি মানবজাতিকে পাপ ও মৃত্যু থেকে মুক্ত করে দিয়েছ। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার অমৃতধামে গ্রহণ কর।

আত্মপ্রকাশ পর্বের পূর্ববর্তী সপ্তাহ

২রা জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে প্রভু, অনুনয় করি : তোমার ভক্তদের কাছে অলঙ্ঘ্য ও দৃঢ় বিশ্বাস মঞ্জুর কর : যারা তোমার একমাত্র পুত্রকে তোমার শাশ্বত গৌরবের সহভাগী বলে ও কুমারী-গর্ভে প্রকৃত মানুষরূপেই সঞ্জাত বলে স্বীকার করে, তারা যেন ইহলোকের যত বিপদ থেকে মুক্ত হয়ে পরলোকের চির আনন্দের অংশী হতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ আদমসন্তানদের মধ্যে তুমি সুন্দরতম,
℟ তোমার ওষ্ঠ প্রসাদে উচ্ছ্বসিত।

২য় পর্ব ℣ প্রভুর উদ্দেশে গান গাও, ধন্য কর তাঁর নাম;
℟ দিনের পর দিন প্রচার করে যাও তাঁর পরিত্রাণ।

স্মরণ উপলক্ষে, পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ ইসা ৪৯:৮-৯

আমি তোমাকে গড়েছি, জনগণের জন্য সন্ধিরূপে তোমাকে নিযুক্ত করেছি, তুমি যেন দেশের পুনরুত্থান সাধন কর, যেন সেই উৎসন্ন সম্পদ পুনরধিকার কর, তুমি যেন বন্দিদের বল, 'বেরিয়ে এসো,' যারা অন্ধকারে রয়েছে, তাদের যেন বল, 'আলোতে এসো।'

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: যিনি * আমার পরে আসছেন, তিনি আমার আগেও ছিলেন।
আমি তাঁর জুতোর বাঁধন খুলবার যোগ্য নই।

মিনতি নিবেদন

যিনি মানবেশ্বর, যিনি নব-আদম, যিনি আমাদের জন্য নবজীবনের উৎস হলেন, আসুন, সেই প্রভু যীশুখ্রীষ্টের কাছে প্রার্থনা করি:

তোমার জনগণকে ত্রাণ কর, প্রভু।

-হে ন্যায়ের সূর্য খ্রীষ্ট, প্রাক্তন সন্ধির পূর্ণতা দেবার জন্য তুমি আমাদের মানবীয় স্বরূপে তোমার ঐশমহিমা প্রকাশ করলে। তোমার আলো আমাদের উপর বিকিরণ কর।

-স্বর্গদূতেরা তোমার মহিমাকীর্তন করলেন, রাখালেরা তোমার কথা প্রচার করলেন, সিমেয়োন ও আন্না তোমাকে ত্রাণকর্তা বলে স্বীকার করলেন। ইহুদী জাতিও তোমাকে গ্রহণ করুক।

-তোমার জন্মলগ্নে স্বর্গদূতবাহিনী ঘোষণা করলেন, ঊর্ধ্বলোকে গৌরব, ইহলোকে শান্তি। এ শান্তি জগদ্‌জুড়ে বিস্তার লাভ করুক।

-তুমি দ্বিতীয় আদম: এতে মানবজাতির নবরূপায়ণ ঘটেছে। যারা এখনও পাপের দাসত্বে বাস করে, তাদের কাছে মুক্তির আশা এনে দাও।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ ১ তি ১:১৫

একথা বিশ্বাস্য ও সম্পূর্ণ গ্রহণযোগ্য যে, খ্রীষ্টযীশু এই জগতে এলেন পাপীদের পরিত্রাণ করতে।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;

℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ **প্রত্যা ২১:২৩-২৪**

সেই নগরীতে আলো দেবার জন্য সূর্য বা চাঁদের দরকার হয় না, কেননা স্বয়ং ঈশ্বরের গৌরব নগরীকে উদ্ভাসিত করে রাখে এবং স্বয়ং মেষশাবকই তার প্রদীপ। নগরীর সেই আলোতে সর্বজাতি চলতে থাকবে, এবং পৃথিবীর রাজারা নিজেদের ঐশ্বর্য নিয়ে আসবেন।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;

℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ **১ যোহন ১:৫**

যে সংবাদ তাঁর কাছ থেকে শুনেছি ও তোমাদের কাছে জানাচ্ছি, তা এ: ঈশ্বর আলো, তাঁর মধ্যে কোন অন্ধকার নেই।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।

℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

বাণী পাঠ **কল ১:১৩-১৫**

ঈশ্বর অন্ধকারের কর্তৃত্ব থেকে আমাদের নিস্তার করে তাঁর সেই প্রিয়তম পুত্রের রাজ্যে স্থানান্তর করেছেন, যাঁর দ্বারা আমরা ভোগ করি মুক্তি, অর্থাৎ পাপমোচন। তিনি তো অদৃশ্য ঈশ্বরের প্রতিমূর্তি, তিনি তো নিখিল সৃষ্টির প্রথমজাত।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: সানন্দে চিৎকার কর, * জাগাও আনন্দধ্বনি, সিয়োন অধিবাসী,
কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।

মিনতি নিবেদন

ঈশ্বর, যিনি প্রাচীনকালে বহুবার বহুরূপে নবীদের মধ্য দিয়ে পিতৃপুরুষদের কাছে কথা বলেছিলেন, শেষযুগের এই দিনগুলিতে তাঁর পুত্রেরই মধ্য দিয়ে আমাদের কাছে কথা বলেছেন। আসুন, সেই ত্রাণকর্তা যীশুকে ডাকি:

হে প্রভু, দয়া কর।

-তোমার মন্ডলীর জন্য প্রার্থনা করি, তার সন্তানেরা যেন সাহসের সঙ্গেই ত্রাণকর্তার নামের বিষয়ে সাক্ষ্যদান করে।

-তোমার বাণীপ্রচারকদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন আশ্বাস নিয়ে সকলের কাছে ত্রাণকর্তার নাম প্রচার করেন।

-অসুস্থ ও বৃদ্ধ ব্যক্তিদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন ভক্তির সঙ্গে ত্রাণকর্তার নাম ক'রে সুস্থতা লাভ করেন।

-নির্যাতিত খ্রীষ্টবিশ্বাসীদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন ত্রাণকর্তার নামের জন্য যত পরীক্ষা সহিষ্ণুতার সঙ্গে সহ্য করেন।

-নিরাশ হয়ে যাঁরা আত্মহত্যা করেছেন, তাঁদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন ত্রাণকর্তার নামের খাতিরে স্বর্গীয় দয়া পেতে পারেন।

৩রা জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার মঙ্গলবিধানে তোমার পুত্র আদিপাপের অভিশাপ থেকে মুক্ত হয়ে পবিত্রা এক কুমারীর গর্ভে অপরূপভাবে জন্ম গ্রহণ করেছেন। আশীর্বাদ কর: তাঁর প্রবর্তিত নবসৃষ্টির স্পর্শে আমরাও যেন সেই প্রাচীন কলুষ থেকে মুক্তি পেতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   *প্র* ঈশ্বরের পুত্র এসে

উ   সত্যময় ঈশ্বরকে জানবার জ্ঞান আমাদের দিয়েছেন।

২য় পর্ব   *প্র* তাঁর নামে বিশ্বাসী যারা,

উ   তিনি তাদের দিলেন ঈশ্বরসন্তান হওয়ার অধিকার।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ   **ইসা ৬২:১১-১২**

সিয়োন কন্যাকে তোমরা বল, 'দেখ, তোমার পরিত্রাতা আসছেন! দেখ, তাঁর মজুরি আছে তাঁর সঙ্গে; তাঁর আগে আগে চলছে তাঁর আপন পুরস্কার।' তারা এই নামেই আখ্যাত হবে: পবিত্র জাতি, প্রভুর বিমুক্ত।

শ্লোক

প্র প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: পরমেশ্বর * খ্রীষ্টকে দান করলেন দাউদের সিংহাসন:
তিনি তাঁর আপন জনগণের উপর রাজত্ব করবেন চিরকাল।

মিনতি নিবেদন

যিনি মানুষ হয়ে আমাদের মানবস্বরূপ নবায়ন করলেন, আসুন, আনন্দচিত্তে আমাদের ত্রাণকর্তা সেই ঈশ্বরপুত্র খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

আমাদের সঙ্গে থাক, ইম্মানুয়েল।

-হে জীবনময় ঈশ্বরের পুত্র, পিতার জ্যোতির প্রতিবিম্ব, গৌরবের রাজা, ন্যায়ের সূর্য, কুমারী মারীয়ার সন্তান যীশু,

তোমার আগমনের আলোতে এদিন উদ্ভাসিত কর।

-হে আশ্চর্য মন্ত্রণাদাতা, পরাক্রমশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ, তোমার পুণ্য মানবতার আদর্শে আমাদের দেখাও পরিত্রাণের পথ।

-হে সর্বশক্তিমান, সহিষ্ণু, বাধ্য, কোমলপ্রাণ, বিনম্র যীশু, সকল মানুষকে দেখাও তোমার প্রেমের শক্তি।

-হে দীনদরিদ্রদের পিতা, ভক্তদের গৌরব, উত্তম মেষপালক, সত্যকার আলো, অসীম প্রজ্ঞা, পথ ও জীবন যীশু, তোমার আদর্শে মন্ডলীকে দরিদ্রতা ভালবাসতে শেখাও।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ **ইসা ২:৩-৪**

সিয়োন থেকেই বেরিয়ে আসবে নির্দেশবাণী, যেরুসালেম থেকেই প্রভুর বাণী। তিনি দেশে দেশে বিচার সম্পাদন করবেন, বহু জাতির বিবাদ মিটিয়ে দেবেন। তারা নিজেদের খড়্গ পিটিয়ে পিটিয়ে করবে লাঙলের ফলা, নিজেদের বর্শাকে করবে কাস্তে। এক দেশ অন্য দেশের বিরুদ্ধে খড়্গ উঁচু করবে না, তারা রণশিক্ষাও আর করবে না।

প্র প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া ;
উ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ **ইসা ৯:১**

যে জাতি অন্ধকারে পথ চলত, তারা মহান এক আলো দেখতে পেল ; যারা মৃত্যু-ছায়ার দেশে বসে ছিল, তাদের উপর আলো জ্বলে উঠল।

প্র পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া ;
উ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ **ইসা ৬০:৪-৫**

হে যেরুসালেম, তোমার সন্তানেরা দূর থেকে আসবে, তোমার কন্যাদের বাহুতে ক'রে বহন করা হবে। তা দেখে তুমি উজ্জ্বল হয়ে উঠবে, তোমার অন্তর দুলে উঠবে, উথলেই উঠবে, কারণ সমুদ্রের যত ধন তোমার কাছে ভেসে আসবে, দেশগুলির ঐশ্বর্য তোমার কাছে এসে পৌঁছবে।

প্র কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
উ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ যোহন ১:৫খ,৭**

ঈশ্বর আলো, তাঁর মধ্যে কোন অন্ধকার নেই। আমরা যদি আলোতে চলি—আলোতেই আছেন তিনি!—তাহলে পরস্পরের সঙ্গে আমাদের সহভাগিতা আছে আর তাঁর পুত্র যীশুর রক্ত সমস্ত পাপ থেকে আমাদের শোধন করে।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: দেখ, * ধন্যা মারীয়া সেই পরিত্রাতাকে প্রসব করলেন,
যাঁকে দেখে যোহন বলে উঠলেন:
ওই দেখ! ঈশ্বরের মেষশাবক,
জগতের পাপ যিনি হরণ করেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

খ্রীষ্টের জন্মের মধ্য দিয়ে ঈশ্বরের জনগণ নবজীবন পেল। আসুন, কৃতজ্ঞচিত্তে বলি:

হে প্রভু, তোমার জন্মের পুণ্যে বিশ্বে প্রবেশ করুক আনন্দ-সুখ।

-হে খ্রীষ্ট, তুমি পবিত্র মণ্ডলীর স্থাপনকর্তা ও তার উত্তম পালক। তোমার ভক্তদের তোমার প্রেমে বলবান করে তোল।

-হে মানবেশ্বর, আমাদেরও পিতার সঙ্গে তোমার ঐশজীবনের সহভাগী কর।

-দেহধারণ ক'রে তুমি হলে ঈশ্বর ও মানুষের মধ্যে পুনর্মিলনের মধ্যস্থ। তোমার মণ্ডলীতে যাঁরা পৌরোহিত্য-সেবায় নিযুক্ত, তোমার আশীর্বাদে তাঁদের জীবন যেন তোমার জীবনের মত আত্মনিবেদিত হয়।

-তোমার দেহধারণের ফলে মানবজাতির নবযুগের সূচনা হয়েছে। কৃপা কর, সকল জাতি যেন তোমার পরিত্রাণের ফল ভোগ করতে পারে।

-জন্মগ্রহণ ক'রে তুমি মৃত্যুর শৃঙ্খল ছিন্ন করেছ; আমাদের পরলোকগত ভাইবোনদের পাপদণ্ড থেকে মুক্ত কর।

৪ঠা জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: বিশ্বমুক্তির জন্য তুমি নবীন স্বর্গীয় আলোরূপে যে পরিত্রাণ প্রেরণ করেছ, তা যেন আমাদের অন্তর উদ্দীপিত করার জন্য নিত্যই উদিত হয়।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ তাঁর মধ্যে ছিল জীবন,
℟ জীবন ছিল মানুষের আলো।

২য় পর্ব ℣ তিনিই ছিলেন সত্যকার আলো,
℟ যা প্রত্যেক মানুষকে আলোকিত করে।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৪৫:২২-২৩**

আমার দিকে ফিরে তাকাও, তবেই ত্রাণ পাবে তোমরা, হে পৃথিবীর সকল প্রান্ত, কারণ আমিই ঈশ্বর, আর কেউ নয়! নিজের দিব্যি দিয়ে করেছি শপথ, আমার মুখ থেকে যে সত্য বাণী বের হয় তার অন্যথা হবে না— প্রতিটি জানু আমার সম্মুখে আনত হবে, প্রতিটি জিহ্বা আমার দিব্যি দিয়ে শপথ করবে।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: যাঁর মধ্যে * ঈশ্বরত্বের পূর্ণতা বিরাজিত,
আমাদের ঈশ্বর সেই খ্রীষ্ট আমাদের মানবস্বরূপের দীনতা ধারণ ক'রে
নবমানুষ হয়ে জন্ম নিলেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি মানবদেহে আবির্ভূত হলেন, যিনি স্বর্গদূতদের নিত্যদর্শন, যাঁর কথা সর্বজাতির কাছে প্রচারিত হল, আসুন, সেই ঐশবাণী যীশুখ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

হে ঈশ্বরপুত্র, আমরা তোমাকে পূজা করি।

-হে বিশ্বত্রাতা, তুমি কুমারীর গর্ভে মানবদেহ ধারণ করেছ। তাঁর প্রার্থনার পুণ্য ফলে তোমার দেওয়া নবজীবন আমাদের অন্তরে সদা নবীন করে রাখ।

-হে দিব্য সূর্য, তুমি তো পৃথিবীর উপর অনন্ত পরিত্রাণের আলো বিকিরণ কর। এ নতুন দিন উজ্জ্বল কর, আমাদের জীবন উদ্ভাসিত কর।

-হে ঈশ্বরপুত্র, তুমি মানুষের কাছে পিতার প্রেম প্রকাশ করেছ। আশীর্বাদ কর, আমাদের ভাইবোনেরা যেন আমাদের ভ্রাতৃপ্রেমে তোমার উপস্থিতির লক্ষণ পায়।

-হে দীনবন্ধু, হে ভাই যীশু, তুমি আমাদের সঙ্গে বাস করতে ইচ্ছা করেছ। আমরা যেন তোমার বন্ধুত্ব ও তোমার ভ্রাতৃত্বের যোগ্য হতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ **যেরে ৩১:৭-৮**

যাকোবের জন্য তোমরা সানন্দে চিৎকার কর, সর্বদেশের মধ্যে প্রধান যে দেশ তার উদ্দেশে উচ্চধ্বনি তোল, ঘোষণা কর, প্রশংসাবাদ কর, চিৎকার করে বল: প্রভু তাঁর আপন জনগণকে, ইস্রায়েলের অবশিষ্ট অংশকে ত্রাণ করেছেন। দেখ, আমি উত্তর দেশ থেকে তাদের ফিরিয়ে আনছি, পৃথিবীর প্রান্তসীমা থেকে তাদের জড় করছি।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া ;
℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ **যেরে ৩১:১১-১২**

প্রভু যাকোবের মুক্তি সাধন করলেন, তার চেয়ে শক্তিশালীর হাত থেকে তাকে উদ্ধার করলেন। তারা এসে সিয়োনের উঁচুস্থানে সানন্দে চিৎকার করবে, প্রভুর মঙ্গলময়তার জন্য তারা উজ্জ্বল হয়ে উঠবে।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া ;
℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ন প্রহর

ধুয়ো : আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ **জাখা ৮:৭-৮**

দেখ, আমি পুব ও পশ্চিম দেশ থেকে আমার আপন জনগণকে ত্রাণ করব : আমি তাদের ফিরিয়ে আনব আর তারা যেরুসালেমের অন্তঃস্থলে বাস করবে; তারা হবে আমার আপন জনগণ, আর আমি হব বিশ্বস্ততায় ও ধর্মময়তায় তাদের আপন পরমেশ্বর।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

বাণী পাঠ **রো ৮:৩-৪**

ঈশ্বর পাপময় মাংসের সাদৃশ্যে পাপার্থে বলিরূপে আপন পুত্রকে পাঠিয়ে মাংসে পাপের উপরে বিচার সম্পন্ন করেছেন, যেন বিধানের লক্ষ্য সেই যে ধর্মময়তা, তা আমাদেরই মধ্যে পূর্ণতা লাভ করে, যারা মাংসের বশে নয়, বরং আত্মারই বশে চলি।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।
℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : ঈশ্বর থেকে * উদ্গত হয়ে এসেছি আমি,
আমি তো নিজে থেকে আসিনি,
কিন্তু যিনি আমার পিতা,
তিনিই আমাকে পাঠিয়েছেন।

মিনতি নিবেদন

খ্রীষ্ট আপন জীবন উৎসর্গ করলেন যেন নবজাতি-রূপে তাঁর অনুগামীরা এই জগতে ন্যায় ও শান্তির সাধক হয়। আসুন, এ সন্ধ্যালগ্নে প্রার্থনার জন্য সম্মিলিত হয়ে ভক্তিভরে মিনতি জানাই :

হে প্রভু, দয়া কর।

-তোমার মণ্ডলীর জন্য প্রার্থনা করি, তার সন্তানেরা যেন নবজীবনে নবজন্ম লাভ করে।

-গরিব, অসহায়, কারারুদ্ধদের জন্য প্রার্থনা করি, তারা যেন আমাদের যত্নে তোমারই যত্নের স্পর্শ পেতে পারে।

-আমাদের নিজেদের জন্য ও আমাদের আত্মীয়স্বজনদের জন্য প্রার্থনা করি, আমাদের বিশ্বাস যেন সদা গভীরতর হয়ে ওঠে।

-আমাদের পরলোকগত ভাইবোনদের জন্য প্রার্থনা করি, তাঁরা যেন তোমার শ্রীমুখের দর্শন পেয়ে অনন্ত শান্তি-সুখ ভোগ করতে পারেন।

৫ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার একমাত্র পুত্রের মানবজন্মে তুমি তোমার জনগণের মুক্তিকর্ম অপূর্বভাবে আরম্ভ করেছিলে। অনুনয় করি: তোমার জনগণকে দৃঢ় বিশ্বাস মঞ্জুর কর, তারা যেন তাঁর পরিচালনায় প্রতিশ্রুত গৌরবের পুরস্কার পেতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব　℣ যিনি প্রভুর নামে আসছেন, তিনি ধন্য ;

℟ প্রভুই ঈশ্বর, তিনিই আমাদের আলো দান করেন।

২য় পর্ব　℣ যে আমার অনুসরণ করে, সে অন্ধকারে চলবে না,

℟ কিন্তু জীবনের আলো পাবে।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **প্রজ্ঞা ৭:২৬-২৭**

প্রজ্ঞা সনাতন জ্যোতির প্রতিবিম্ব, ঈশ্বরের কর্মসাধনার কলঙ্কমুক্ত দর্পণ, তাঁর মঙ্গলময়তার প্রতিমূর্তি। যদিও একক, তবু সবকিছুই করতে সক্ষম; নিজে অভিন্ন হয়ে থেকেও সবকিছু নবীন করে তোলে, ও যুগের পর যুগ পুণ্যবানদের প্রাণে প্রবেশ ক'রে তাদের করে তোলে ঈশ্বরের বন্ধু, তাদের করে তোলে নবী।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : যেরুসালেমের সঙ্গে আনন্দ কর,
তার জন্য মেতে ওঠ তোমরা সবাই, যারা তাকে ভালবাস।
তার সঙ্গে মহোল্লাসে উল্লসিত হও।

মিনতি নিবেদন

যাঁকে পরম পিতা আমাদের প্রজ্ঞা, ধর্মিষ্ঠতা ও মুক্তি বলে অধিষ্ঠিত করেছেন, আসুন, সেই ত্রাণকর্তা যীশুর প্রশংসাবাদ করে বলি :

হে প্রভু, তোমার আগমনের পুণ্যে আমাদের ত্রাণ কর।

-হে বিশ্বরাজ, রাখালেরা একটি জাবপাত্রেই তোমাকে খুঁজে পেয়েছিল। আশীর্বাদ কর, আমরা যেন তোমার আদর্শে দরিদ্রতা ও বিনম্রতা ভালবাসি।

-হে স্বর্গেশ্বর, তুমি স্বর্গীয় আসন ছেড়ে এ পৃথিবীতে নেমে এসেছিলে। তোমার সহায়তায় আমরা যেন প্রতিটি গরিব মানুষের মধ্যে তোমাকে চিনতে পারি।

-হে সনাতন জ্যোতি, হে পবিত্রতা ও ন্যায়ের আদর্শ যীশু, তোমার ভক্তজনেরা যেন অর্থলালসার জালে না পড়ে।

-হে মণ্ডলীর আত্মিক বর, তোমার প্রেমশক্তিতে তোমার কনে এ মণ্ডলীকে সুস্থির করে রাখ।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ এজে ২০:৪১-৪২

যখন জাতিসকলের মধ্য থেকে তোমাদের বের করে আনব, যখন তোমাদের জড় করব সেই সমস্ত দেশ থেকে যেখানে তোমরা বিক্ষিপ্ত ছিলে, তখন আমি সুরভিত সুগন্ধির মত প্রসন্নতার সঙ্গে তোমাদের গ্রহণ করে নেব: জাতিগুলির দৃষ্টিগোচরে আমি তোমাদের দ্বারা নিজেকে পবিত্র বলে দেখাব। তখন তোমরা জানবে যে, আমিই প্রভু।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;
℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ এজে ৩৪:১১-১২

আমি নিজেই আমার মেষপাল খোঁজ করব, তার দিকে দৃষ্টি রাখব। বিক্ষিপ্ত পালের মধ্যে থাকার সময়ে পালক যেমন মেষগুলির খোঁজখবর রাখে, তেমনি আমি আমার মেষগুলির খোঁজখবর রাখব। মেঘাচ্ছন্ন ও অন্ধকারময় দিনে তারা যেখানে বিক্ষিপ্ত হয়ে পড়েছিল, সেই সমস্ত জায়গা থেকে আমি তাদের উদ্ধার করব।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;
℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ **মিখা ২:১২**

হে যাকোব, আমি নিশ্চয়ই তোমার সমস্ত লোকজনকে জড় করব; হে ইস্রায়েলের অবশিষ্ট অংশ, আমি নিশ্চয়ই তোমাকে সংগ্রহ করব। ঘেরিতে মেষগুলির মত, চারণভূমিতে গবাদি পশুর মত আমি তাদের একত্রে মিলিত করব।

প্র কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।

উ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ যোহন ৫:২০**

আমরা জানি যে ঈশ্বরের পুত্র এসেছেন এবং সেই সত্যময় ঈশ্বরকে জানবার জ্ঞান আমাদের দিয়েছেন। আর আমরা সেই সত্যময়ে আছি, তাঁর পুত্র সেই যীশুখ্রীষ্টে আছি ব'লে। তিনিই সত্যকার ঈশ্বর, তিনিই অনন্ত জীবন।

শ্লোক

প্র বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র তিনি আমাদের মাঝে বাস করলেন।

উ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: যাঁর কথা * মোশী ও নবীরাও লিখেছিলেন, আমরা তাঁর সন্ধান পেয়েছি।
তিনি যোসেফের ছেলে, নাজারেথের যীশু।

মিনতি নিবেদন

কুমারী মারীয়া যাঁরই জন্ম দিলেন, আসুন, সেই খ্রীষ্টকে পূজা করে বলি:

হে কুমারী মারীয়ার সন্তান, আমাদের প্রার্থনা শোন।

-তুমি মাতা মারীয়া ও সাধু যোসেফের প্রতি বাধ্য ছিলে। যাঁরা আমাদের পরিচালক, তাঁদের প্রতি বাধ্যতা ও সম্মান দেখাতে আমাদের শেখাও।

-তুমি আদর্শ সন্তানের মত মাতা মারীয়া ও সাধু যোসেফকে ভালবেসেছিলে। আশীর্বাদ কর, যেন সকল পরিবারে ভালবাসা ও শান্তি বিরাজ করে।

-তুমি দেখিয়েছিলে, তোমার প্রথম কর্তব্য পিতা ঈশ্বরকে পূজা করা। সাহায্য কর, সকল পরিবারে ঈশ্বর যেন পূজিত ও সম্মানিত হন।

-তিন দিন ধরে তোমাকে খোঁজ করার পর, তোমার পিতামাতা তোমাকে মন্দিরেই খুঁজে বার করেছিলেন। প্রজ্ঞা দান কর, আমরাও যেন সর্বপ্রথমে ঈশ্বরের রাজ্য খোঁজ করি।

-তুমি ধন্যা মারীয়া ও সাধু যোসেফকে তোমার সঙ্গে স্বর্গধামে গ্রহণ করেছ। কৃপা কর, আমাদের পরলোকগত সকল ভাইবোনও যেন তোমার মহিমার সহভাগী হতে পারেন।

৬ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে প্রভু, প্রসন্ন হয়ে তোমার ভক্তদের উপর তোমার আলো বর্ষণ কর, তোমার গৌরবের দীপ্তিতে তাদের হৃদয়

নিত্যই উদ্দীপিত কর, তারা যেন তাদের ত্রাণকর্তাকে অনুক্ষণ স্বীকার ক'রে সত্যকার গভীরতর ভক্তিতেই তাঁকে আঁকড়ে থাকতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   ৠ এই পবিত্র দিন আমাদের আলোকিত করেছে ;

ৡ   এসো, সর্বজাতি, প্রভুকে পূজা কর।

২য় পর্ব   ৠ প্রভুর উদ্দেশে গান গাও, ধন্য কর তাঁর নাম ;

ৡ   দিনের পর দিন প্রচার করে যাও তাঁর পরিত্রাণ।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৬১:১-২ক**

প্রভু পরমেশ্বরের আত্মা আমার উপর অধিষ্ঠিত, কেননা প্রভুই আমাকে তৈলাভিষিক্ত করেছেন। তিনি আমাকে প্রেরণ করেছেন দীনদুঃখীদের কাছে শুভসংবাদ দিতে, ভগ্নহৃদয় মানুষকে সারিয়ে তুলতে, বন্দিদের কাছে মুক্তি, এবং কারারুদ্ধদের কাছে স্বাধীনতা ঘোষণা করতে, প্রভুর প্রসন্নতা-বর্ষ ঘোষণা করতে।

শ্লোক

ৠ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ৡ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ৠ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

ৡ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

ৠ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

ৡ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : এই যে আমার সেই দাস,
আমি নিজেই যার নির্ভর ; তিনি আমার মনোনীতজন।
আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি।

মিনতি নিবেদন

আদিতে যিনি ঈশ্বরের সঙ্গে ছিলেন আর একদিন আমাদের পরিত্রাণের জন্য মানুষ হলেন, আসুন, সেই ঐশবাণীর প্রশংসাবাদ করে বলি :

হে প্রভু, তোমার আগমনের জন্য পৃথিবী আনন্দ করুক।

-হে সনাতন বাণী, তুমি জগৎকে ঐশআশিসধারা দানে আনন্দিত করেছ। তোমার আগমনের অনুগ্রহে আমাদের প্রাণ আনন্দিত করে তোল।

-হে বিশ্বত্রাতা, তোমার আগমনে আমরা দেখতে পেলাম, ঈশ্বর আপন প্রতিশ্রুতি পূরণে বিশ্বস্ত। আশীর্বাদ কর, আমরাও যেন দীক্ষাস্নানের প্রতিশ্রুতি পূরণে একই বিশ্বস্ততা দেখাতে পারি।

-তুমি স্বর্গদূতদের মাধ্যমে মানুষের কাছে শান্তির কথা ঘোষণা করেছ। আমাদের জীবন তোমার শান্তিতে রক্ষা কর।

-তুমি সত্যকার আঙুরলতা, যে লতা অনন্ত পরিত্রাণের ফল ফলায়। সাহায্য কর, আমরা যেন জীবন্ত ও ফলপ্রসূ শাখার মত তোমার সঙ্গে সদা সংযুক্ত থাকতে পারি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ ইসা ১১:১-২ক

যেসের মূলকান্ড থেকে এক পল্লব উৎপন্ন হবেন; তার শিকড় থেকে এক নবাঙ্কুর অঙ্কুরিত হবেন। প্রভুর আত্মা—প্রজ্ঞা ও সুবুদ্ধির আত্মা, সুমন্ত্রণা ও পরাক্রমের আত্মা, সুবিবেচনা ও প্রভুভয়ের আত্মা তাঁর উপর অধিষ্ঠান করবে।

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;
℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ ইসা ৪২:১

এই যে আমার সেই দাস, আমি নিজেই যাঁর নির্ভর; তিনি আমার মনোনীতজন, আমার প্রাণ তাঁতেই প্রসন্ন। আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি; সকল দেশের কাছে তিনি নিয়ে যাবেন সুবিচার।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;
℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো: আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ ইসা ৪৯:৬

প্রভু আমাকে একথা বললেন: 'যাকোবের সমস্ত গোষ্ঠী পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য, ইস্রায়েলের অবশিষ্টাংশ ফিরিয়ে আনার জন্যই যে তুমি আমার দাস, তা তোমার পক্ষে যথেষ্ট নয়। তাই আমি তোমাকে দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করব, তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।'

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

সন্ধ্যারতি

বাণী পাঠ শিষ্য ১০:৩৭-৩৮

যোহন-প্রচারিত দীক্ষাস্নানের পর থেকে গালিলেয়াতে আরম্ভ ক'রে সমস্ত যুদেয়ায় সম্প্রতি কী ঘটেছে, আপনারা তা জানেন: অর্থাৎ, কেমন করে ঈশ্বর নাজারেথের সেই যীশুকে পবিত্র আত্মায় ও পরাক্রমে অভিষিক্ত করেছিলেন। তিনি মানুষের মঙ্গল সাধন করতে করতে ঘুরে বেড়াচ্ছিলেন এবং শয়তানের শক্তির অধীনে থাকা যত মানুষকে সুস্থ করে তুলছিলেন, কারণ ঈশ্বর তাঁর সঙ্গে ছিলেন।

শ্লোক

℣ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℟ বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
℣ তিনি আমাদের মাঝে বাস করলেন।

ট্র আল্লেলুইয়া, আল্লেলুইয়া।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
ট্র বাণী হলেন মাংস। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: স্বর্গ থেকে * এক কণ্ঠস্বর ধ্বনিত হচ্ছে,
ইনিই আমার প্রিয়তম পুত্র, এঁতে আমি প্রসন্ন।

মিনতি নিবেদন

যিনি আমাদের জন্য জন্ম নিলেন, আসুন, সর্বসৃষ্টির সঙ্গে ভক্তিভরে আমাদের সেই ভাই ও ত্রাণকর্তা যীশুকে পূজা করে বলি:

তোমার জন্মদিনের ফলে, প্রভু, জগৎ যেন দেখতে পায় শান্তি।

-তোমার জন্মের জন্য মণ্ডলী আজ অত্যন্ত আনন্দিত। তোমার অশেষ আশিসধারায় তাকে ধন্য করে তোল।

-হে আমাদের উত্তম পালক ও পরিচালক, পোপ মহোদয় ও বিশপবর্গকে প্রজ্ঞাদানে ধন্য কর, তাঁরা যেন তোমার অনুগ্রহদান বিশ্বস্তভাবে বিতরণ করতে পারেন।

-হে শাশ্বতকালীন রাজা, মানুষ হওয়ায় তুমি মানবজীবনের অনিত্য আয়ুষ্কালের অভিজ্ঞতা করতে ইচ্ছা করেছ। কৃপা কর, আমরা যেন চিরকালের মতই তোমার সনাতন আনন্দলোকে স্থান পেতে পারি।

-কাল পূর্ণ হলে তুমি কুলপতি ও নবীদের সকল প্রত্যাশা পূর্ণ করেছ। যাঁরা এখনও তোমার আগমনের অপেক্ষায় আছেন, তাঁদের কাছে পরিত্রাতারূপে আত্মপ্রকাশ কর।

-তুমি মানবজাতিকে পাপ ও মৃত্যু থেকে মুক্ত করে দিয়েছ। আমাদের পরলোকগত ভাইবোনদের তোমার অমৃতধামে গ্রহণ কর।

৭ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার একমাত্র পুত্রের আগমন দ্বারা তুমি জগতের উপরে এক নবীন আলো ছড়িয়ে দিয়েছ। আশীর্বাদ কর: কুমারী-গর্ভে জন্মগ্রহণের ফলে তিনি যেমন আমাদের মানবজীবনের সহভাগী হলেন, তেমনি আমরাও যেন তাঁর অনুগ্রহ-রাজ্যের অংশী হতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র এই দিনগুলিতে ঈশ্বর আমাদের কাছে সেই পুত্রে কথা বলেছেন
ট্র যাঁর দ্বারা যুগগুলো রচনা করলেন।
২য় পর্ব প্র পুত্র স্বয়ং পিতার গৌরবের প্রভা ও তাঁর স্বরূপের মুদ্রাঙ্কন,
ট্র নিজের পরাক্রান্ত বচনে বিশ্বচরাচর ধারণ করে আছেন।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ ইসা ৯:৫

এক শিশু জন্ম নিয়েছেন আমাদের জন্য, এক পুত্রসন্তানকে দেওয়া হয়েছে আমাদের, তাঁর কাঁধে রয়েছে

আধিপত্য-ভার, তাঁর নাম রাখা হল 'আশ্চর্য মন্ত্রণাদাতা, শক্তিশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ'।

শ্লোক

℣ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ আপন ধর্মময়তা করেছেন প্রকাশ।

℟ আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ প্রভু জ্ঞাত করেছেন আপন পরিত্রাণ। * আল্লেলুইয়া, আল্লেলুইয়া।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: ইনি সত্যি সেই ব্যক্তি, * যাঁর বিষয়ে নবীরা বলেছিলেন,
খ্রীষ্ট ইস্রায়েলে জন্ম নেবেন, তাঁর রাজ্য হবে অন্তহীন।

মিনতি নিবেদন

যাঁর মধ্যে পৃথিবীর সকল প্রান্ত ঈশ্বরের পরিত্রাণ দেখেছে, আসুন, সেই মুক্তিদাতা খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

হে খ্রীষ্ট, তোমার গৌরব হোক!

-হে মুক্তিদাতা, ইহুদী ও অনিহুদীদের মধ্যে যে বিচ্ছিন্নতার প্রাচীর ছিল, তুমি তা ভেঙে দিয়েছ। যত বিচ্ছিন্নতা আজও মানবমর্যাদা ক্ষুণ্ণ করে, তোমার আশীর্বাদে আমরা যেন তা ধ্বংস করতে সচেষ্ট থাকি।

-তোমার দেহধারণে তুমি আমাদের মাঝে তাঁবু স্থাপন করলে। প্রেরণা দান কর, আমরা যেন মণ্ডলীতে ও সকল মানুষে তোমার উপস্থিতি অনুভব করতে পারি।

-তুমি আমাদের কাছে পিতার কথা প্রকাশ করেছ। সহায়তা কর, আমরা যেন তোমার বাণীর আহ্বানে জীবনের মধ্য দিয়েই সাড়া দিই।

-তুমি নবসৃষ্টির সূচনা ও তার ভিত্তিস্বরূপ। আমাদের প্রাণ, কথা ও কর্ম নবায়ন কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: শিশুটি সম্বন্ধে * এই সব কথা শুনে
যোসেফ ও যীশুর মাতা মারীয়া আশ্চর্য হলেন।

বাণী পাঠ **দ্বিঃবিঃ ৪:৭**

এমন কোন্ বড় দেশ আছে, যার দেবতা তার তত নিকটবর্তী, আমাদের পরমেশ্বর প্রভু আমাদের যত নিকটবর্তী যখনই আমরা তাঁকে ডাকি?

℣ প্রভু ইস্রায়েলকুলের প্রতি, আল্লেলুইয়া;

℟ আপন কৃপা ও বিশ্বস্ততা করেছেন স্মরণ। আল্লেলুইয়া।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: মারীয়া * এই সকল ঘটনা গেঁথে রেখে হৃদয়গভীরে করতেন ধ্যান।

বাণী পাঠ **ইসা ১২:৫-৬**

প্রভুর স্তবগান কর, তিনি যে সাধন করেছেন মহিমময় কাজ, সারা পৃথিবী জুড়ে একথা জ্ঞাত হোক। সানন্দে চিৎকার কর, জাগাও হর্ষধ্বনি, সিয়োন অধিবাসী, কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।

℣ পৃথিবীর সকল প্রান্ত দেখেছে, আল্লেলুইয়া;

℟ আমাদের পরমেশ্বরের পরিত্রাণ। আল্লেলুইয়া।

অপরাহ্ন প্রহর

ধুয়ো : আমার চোখ * দেখেছে তোমার সেই পরিত্রাণ,
যা তুমি প্রস্তুত করেছ সকল জাতির সামনে।

বাণী পাঠ **তোবিত ১৪:৮-৯**

বিজাতিরা তাদের যত মূর্তি পরিত্যাগ করবে, তারা যেরুসালেমে এসে বসবাস করবে। পৃথিবীর সকল রাজা ইস্রায়েলের রাজাকে আরাধনা করে যেরুসালেমে আনন্দ করবেন।

℣ কৃপা ও সত্যের হল সম্মিলন। আল্লেলুইয়া।
℟ ধর্মময়তা ও শান্তি করল পরস্পর চুম্বন। আল্লেলুইয়া।

২রা জানুয়ারীর পরবর্তী রবিবার অথবা ৬ই জানুয়ারী

প্রভুর আত্মপ্রকাশ

মহাপর্ব

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, আজই তুমি এক তারা দিশারী ক'রে সকল জাতির মানুষের কাছে তোমার একমাত্র পুত্রকে প্রকাশ করেছিলে। প্রসন্ন হয়ে আশীর্বাদ কর : আমরা যারা ইতিমধ্যে বিশ্বাসের মাধ্যমে তোমাকে চিনতে পেরেছি, যেন তোমার অপার গৌরবের সৌন্দর্য দর্শনে চালিত হতে পারি।

১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১৬০।

১ম ধুয়ো : যিনি * উষার পূর্বেই জাত, যিনি অনাদিকাল থেকেই প্রভু,
আজই আমাদের সেই পরিত্রাতা জগতে আবির্ভূত হলেন। সাম ১১০
২য় ধুয়ো : যেরুসালেম, * এবার এসেছে তোমার আলো,
তোমার উপর উদিত হল প্রভুর গৌরব।
সর্বজাতি চলবে তোমার আলোতে। আল্লেলুইয়া। সাম ১১১
৩য় ধুয়ো : রত্নপেটিকা খুলে * পন্ডিতগণ প্রভুকে উপহার দিলেন
সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস। আল্লেলুইয়া। সাম ১১২
৪র্থ ধুয়ো : অগ্নিশিখারই মত * জাজ্বল্যমান এই জ্যোতিষ্ক
রাজার রাজা সেই প্রভুকে নির্দেশ করছে ;
তা দেখে পন্ডিত তিনজন মহান রাজার কাছে
নিয়ে এলেন অর্ঘ্যদান। আল্লেলুইয়া। সাম ১১৩
৫ম ধুয়ো : সর্বজাতি এসে
তোমার সম্মুখে প্রণিপাত করবে, প্রভু। গীতিকা

খ্রীষ্ট-রহস্য **১ তি ৩:১৬**

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট মাংসে হলেন আবির্ভূত,
আত্মায় ধর্মময় বলে হলেন প্রতিপন্ন।

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট স্বর্গদূতদের দ্বারা হলেন দৃষ্ট,
বিজাতীয়দের মধ্যে হলেন ঘোষিত।

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট জগতে বিশ্বাস দ্বারা হলেন গৃহীত,
সগৌরবে হলেন ঊর্ধ্বে উপনীত।

৫ম ধুয়ো : সর্বজাতি এসে
তোমার সম্মুখে প্রণিপাত করবে, প্রভু।

বাণী পাঠ **২ তি ১:৯-১০**

ঈশ্বর আমাদের পরিত্রাণ করেছেন এবং পবিত্র আহ্বানে আহ্বানও করেছেন—আমাদের কোন সৎকর্ম দেখে নয়, বরং তাঁর সঙ্কল্প ও তাঁর সেই অনুগ্রহ অনুসারে, যে অনুগ্রহ অনাদিকাল থেকেই খ্রীষ্টযীশুতে আমাদের দেওয়া হয়েছিল, কিন্তু কেবল এখনই প্রকাশ পেয়েছে আমাদের পরিত্রাতা খ্রীষ্টযীশুর আবির্ভাবের ফলে : মৃত্যু বিনষ্ট ক'রে তিনি সুসমাচারের মাধ্যমে জীবন ও অমরত্ব উদ্ভাসিত করেছেন।

শ্লোক

℣ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℣ সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।
℟ সকল দেশ আশিসধন্য হবে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : জ্যোতিষ্কটা দেখতে পেয়ে * সেই তিনজন পন্ডিত একে অপরকে বললেন,
এ তো মহান রাজার লক্ষণ।
এসো, তাঁর অনুসন্ধানে যাই ;
তাঁকে উপহার দেব সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস। আল্লেলুইয়া।

আহ্বান সঙ্গীত সাম ৯৫

জাগরণী

১ম পর্ব

১ম ধুয়ো : প্রভুকে উপহার দান কর তোমরা, * হে ঈশ্বরের সন্তান,
তাঁর পবিত্রতার আবির্ভাবে প্রভুর সম্মুখে কর প্রণিপাত। সাম ২৯
২য় ধুয়ো : তার্সিস * ও দ্বীপপুঞ্জের রাজা সকল
রাজা প্রভুর কাছে নিয়ে আসবেন অর্ঘ্যদান। সাম ৭২
৩য় ধুয়ো : সকল দেশ এসে * তোমার সম্মুখে, প্রভু, করবে প্রণিপাত,
তারা গৌরবান্বিত করবে তোমার নাম। সাম ৮৬
℣ আকাশমন্ডল তাঁর ধর্মময়তা ঘোষণা করেছে ;
℟ সর্বজাতি দেখেছে তাঁর গৌরব।

২য় পর্ব

১ম ধুয়ো : তাঁর পবিত্রতার আবির্ভাবে, * আল্লেলুইয়া,
প্রভুর সম্মুখে কর প্রণিপাত। আল্লেলুইয়া। সাম ৯৬

২য় ধুয়ো : প্রভুকে * পূজা কর, তাঁর সকল স্বর্গদূত।
আল্লেলুইয়া, আল্লেলুইয়া। সাম ৯৭
৩য় ধুয়ো : প্রভু * জ্ঞাত করেছেন, আল্লেলুইয়া,
আপন পরিত্রাণ। আল্লেলুইয়া। সাম ৯৮
℣ প্রভু আমাদের দেখিয়ে দেবেন তাঁর মার্গসকল,
℟ আমরা যেন তাঁর সকল পথ ধরে চলতে পারি।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১০০।

ধুয়ো : কুমারী-গর্ভে জাত * ঈশ্বরের পুত্রের কাছে
আজ পন্ডিতগণ ভক্তির সঙ্গে দান করেন উপহার।
যিনি আমাদের মুক্তি সাধন করলেন,
এসো, তাঁর সম্মুখে আমরাও করি জানুপাত।

℣ এদিন উজ্জ্বল এক দিন;
℟ এইদিনে পরিত্রাতা জগতে আত্মপ্রকাশ করেছেন।

স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ১০২।
সুসমাচার ঘোষণা, যোহন ১:১-১৮ অথবা যোহন ২:১-১২।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ১০৩।

প্রভাতী বন্দনা

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : জেনে রেখ : * প্রভুই স্বয়ং পরমেশ্বর,
তাঁর নাম চিরস্থায়ী।
২য় ধুয়ো : যেরুসালেম, * এবার এসেছে তোমার আলো,
তোমার উপর উদিত হল প্রভুর গৌরব।
সর্বজাতি চলবে তোমার আলোতে। আল্লেলুইয়া।
৩য় ধুয়ো : রত্নপেটিকা খুলে * পন্ডিতগণ প্রভুকে উপহার দিলেন
সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস। আল্লেলুইয়া।
৪র্থ ধুয়ো : সমুদ্র-সাগর ও নদনদী বল, * প্রভু ধন্য;
জলের উৎসধারা, প্রভুর উদ্দেশে স্তবগান কর। আল্লেলুইয়া।
৫ম ধুয়ো : অগ্নিশিখারই মত * জাজ্বল্যমান এই জ্যোতিষ্ক
রাজার রাজা সেই প্রভুকে নির্দেশ করছে;
তা দেখে পন্ডিত তিনজন মহান রাজার কাছে
নিয়ে এলেন অর্ঘ্যদান। আল্লেলুইয়া।

বাণী পাঠ **ইসা ৫২:৭-১০**

আহা, কত না সুন্দর পাহাড়পর্বতের উপরে তারই চরণ যে শুভসংবাদ প্রচার করে, শান্তি ঘোষণা করে, মঙ্গলের শুভসংবাদ প্রচার করে, ঘোষণা করে পরিত্রাণ, সিয়োনকে বলে, 'তোমার পরমেশ্বর রাজত্ব করেন।' এক কণ্ঠস্বর! উচ্চকণ্ঠে তোমার প্রহরীরা ডাকছে, একসঙ্গে তারা সানন্দে চিৎকার করছে, কারণ তারা স্বচক্ষে দেখতে পাচ্ছে প্রভু সিয়োনে ফিরে আসছেন। হে যেরুসালেমের ধ্বংসস্তূপ, তোমরা মিলে গান কর, আনন্দে ফেটে পড়, কারণ প্রভু তাঁর আপন জাতিকে সান্ত্বনা দিলেন, যেরুসালেমের মুক্তি পুনঃসাধন করলেন। প্রভু তাঁর আপন পবিত্র হাত সকল জাতির দৃষ্টিগোচরে অনাবৃত করেছেন; পৃথিবীর সকল প্রান্ত দেখতে পেয়েছে আমাদের পরমেশ্বরের পরিত্রাণ।

শ্লোক

℣ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℣ সকল দেশ তাঁকে সেবা করবে ;

℟ প্রভুকে প্রণাম করবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো : আজ মণ্ডলী * স্বর্গীয় বরের সঙ্গে মিলিতা হল,
কারণ খ্রীষ্ট যর্দন নদীর জলে তার যত পাপ থেকে তাকে ধৌত করলেন ;
পন্ডিতগণ রাজার বিবাহোৎসবে উপহার নিয়ে ছুটে আসছেন,
জল আঙুররসে পরিণত হল ব'লে বিবাহ-অতিথিরা আনন্দিত। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি বিধর্মীদের কাছে আপন গৌরব প্রকাশ করে ঈশ্বরের প্রেমের মহাপরিকল্পনা ব্যক্ত করেছেন, আসুন, আমাদের ত্রাণকর্তা সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি :

পিতার জ্যোতি খ্রীষ্ট, জগৎকে উদ্ভাসিত কর।

-দেহধারণ করায়ই তুমি নিজেকে প্রকাশ করেছিলে। বিশ্বাস ও প্রার্থনার মাধ্যমে তোমার বাণীগুণে আমাদের পবিত্র করে তোল।

-পবিত্র আত্মা তোমাকে ধর্মিষ্ঠ দাস বলে প্রতিপন্ন করেছিলেন। পাপাত্মা ও ভুলভ্রান্তি থেকে আমাদের জীবন মুক্ত কর।

-স্বর্গদূতেরা তোমার দর্শন পেলেন। তোমার আশীর্বাদে আমরা যেন ইহলোকেও স্বর্গীয় সুখ ভোগ করতে পারি।

-তোমার কথা বিধর্মীদের কাছে প্রচার করা হল। পবিত্র আত্মার অনুগ্রহ দ্বারা মানুষের হৃদয়দুয়ার খুলে দাও, সকলে যেন তোমার বাণী গ্রহণ করতে পারে।

-মানুষ তোমার উপর বিশ্বাস রাখল। তোমার ভক্তদের বিশ্বাস নবীকৃত করে তোল।

-তুমি ঐশমহিমায় উন্নীত হলে। আমাদের অন্তরে তোমার রাজ্যের আকাঙ্ক্ষা জাগিয়ে রাখ।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : যেরুসালেম, * এবার এসেছে তোমার আলো,
তোমার উপর উদিত হল প্রভুর গৌরব।
সর্বজাতি চলবে তোমার আলোতে। আল্লেলুইয়া।

বাণী পাঠ **প্রত্যা ১৫:৪**

কেইবা ভীত হবে না, প্রভু? কেইবা করবে না তোমার নামের গৌরবগান? কারণ একমাত্র তুমিই পবিত্র! সর্বজাতি এসে তোমার সম্মুখে প্রণিপাত করবে।

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন

℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : রত্নপেটিকা খুলে * পন্ডিতগণ প্রভুকে উপহার দিলেন
সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস। আল্লেলুইয়া।

বাণী পাঠ **ইসা ৪৯:৬**

প্রভু আমাকে একথা বললেন: 'যাকোবের সমস্ত গোষ্ঠী পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য, ইস্রায়েলের অবশিষ্টাংশ ফিরিয়ে আনার জন্যই যে তুমি আমার দাস, তা তোমার পক্ষে যথেষ্ট নয়। তাই আমি তোমাকে দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করব, তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।'

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে;

℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ন প্রহর

ধুয়ো: অগ্নিশিখারই মত * জাজ্বল্যমান এই জ্যোতিষ্ক
রাজার রাজা সেই প্রভুকে নির্দেশ করছে;
তা দেখে পন্ডিত তিনজন মহান রাজার কাছে
নিয়ে এলেন অর্ঘ্যদান। আল্লেলুইয়া।

বাণী পাঠ **জাখা ২:১৫**

সেদিন অনেক দেশ প্রভুতে যোগ দেবে; তারা আমার আপন জনগণ হবে আর আমি বাস করব তোমার অন্তঃস্থলে। তখন তুমি জানবে যে, সেনাবাহিনীর প্রভু আমাকে তোমার কাছে প্রেরণ করেছেন।

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য;

℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

২য় সন্ধ্যারতি

১ম ধুয়ো: যিনি * উষার পূর্বেই জাত, যিনি অনাদিকাল থেকেই প্রভু,
আজই আমাদের সেই পরিত্রাতা জগতে আবির্ভূত হলেন। সাম ১১০
২য় ধুয়ো: যেরুসালেম, * এবার এসেছে তোমার আলো,
তোমার উপর উদিত হল প্রভুর গৌরব।
সর্বজাতি চলবে তোমার আলোতে। আল্লেলুইয়া। সাম ১১১
৩য় ধুয়ো: রত্নপেটিকা খুলে * পন্ডিতগণ প্রভুকে উপহার দিলেন
সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস। আল্লেলুইয়া। সাম ১১২
৪র্থ ধুয়ো: অগ্নিশিখারই মত * জাজ্বল্যমান এই জ্যোতিষ্ক
রাজার রাজা সেই প্রভুকে নির্দেশ করছে;
তা দেখে পন্ডিত তিনজন মহান রাজার কাছে
নিয়ে এলেন অর্ঘ্যদান। আল্লেলুইয়া। সাম ১১৩
৫ম ধুয়ো: সর্বজাতি এসে
তোমার সম্মুখে প্রণিপাত করবে, প্রভু। গীতিকা—প্রত্যা ১৫

বাণী পাঠ **তীত ৩:৪-৫**

যখন মানবজাতির প্রতি আমাদের ত্রাণকর্তা ঈশ্বরের করুণা ও ভালবাসা প্রকাশিত হল, তখন তা যে আমাদের নিজেদের কোন সৎকর্মের ফলে ঘটেছে, তেমন নয়, বরং নিজ দয়া গুণেই তিনি নবজন্মের জলপ্রক্ষালন ও পবিত্র আত্মার নবীকরণ দ্বারা আমাদের পরিত্রাণ করলেন।

শ্লোক

℣ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

℣ সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।

℟ সকল দেশ আশিসধন্য হবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: তিনটে বিস্ময়কর কাজ * আজকের দিনটির ভূষণ:
আজ জ্যোতিষ্কটা পন্ডিতদের গোশালায় চালিত করল;
আজ বিবাহোৎসবে জল আঙুররসে পরিণত হল;
আজ আমাদের পরিত্রাণের জন্য
খ্রীষ্ট যর্দন নদীতে যোহন দ্বারা দীক্ষাস্নাত হলেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যাঁকে আজ সেই তিনজন পন্ডিত পূজা করলেন, আসুন, আমাদের ত্রাণকর্তা সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

হে প্রভু, তোমার ভক্তদের ত্রাণ কর।

-হে সর্বজাতির রাজা, তুমি চাইলে তোমার জন্মলগ্নে তিনজন বিধর্মী পন্ডিত তোমাকে পূজা করবেন, যেন প্রথম থেকেই প্রকাশ পায় যে একদিন সকল বিধর্মী জাতি তোমাকে গ্রহণ করবে। আমরাও যেন ভক্তিভরে তোমাকে পূজা করি।

-হে গৌরবের রাজা, তুমি তোমার জনগণকে ন্যায়নীতিতেই শাসন কর। তোমার আশীর্বাদে সকল মানুষ যেন শান্তির যুগ দেখতে পায়।

-হে শাশ্বতকালীন রাজা, তোমার রাজত্ব সর্বযুগস্থায়ী। তোমার বাণীর জীবনময় জল দ্বারা আমাদের প্রাণ সঞ্জীবিত কর।

-হে ধর্মরাজ, তুমি তো অসহায় নিঃস্বকে উদ্ধার কর। অত্যাচারিত নিরুপায় সকল মানুষকে তোমার প্রতাপে সহায়তা কর।

-হে প্রভু, তোমার নাম যুগযুগ ধরে প্রশংসিত। আমাদের পরলোকগত ভাইবোনেরা যেন তোমার প্রেমের মাধুর্য আস্বাদন করতে পারেন।

আত্মপ্রকাশ পর্বের পরবর্তী সপ্তাহ

সোমবার অথবা ৭ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে প্রভু, আকাশমন্ডলের অলঙ্কার যিনি, তোমার সেই সনাতন বাণী কুমারী মারীয়া থেকে দেহ গ্রহণ ক'রে আমাদের ভঙ্গুরতা আপন করে নিয়েছেন। অনুনয় করি: যিনি আমাদের মাঝে ঐশসত্যের দীপ্তি বলে আত্মপ্রকাশ করেছেন, তিনি যেন আপন প্রতাপের পূর্ণতায় জগতের মুক্তিদানের জন্য এগিয়ে চলেন।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ তাঁর পবিত্রতার আবির্ভাবে
℟ প্রভুর সম্মুখে কর প্রণিপাত।

২য় পর্ব ℣ আকাশমন্ডল তাঁর ধর্মময়তা ঘোষণা করেছে;
℟ সর্বজাতি দেখেছে তাঁর গৌরব।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৯:৫**

এক শিশু জন্ম নিয়েছেন আমাদের জন্য, এক পুত্রসন্তানকে দেওয়া হয়েছে আমাদের, তাঁর কাঁধে রয়েছে আধিপত্য-ভার, তাঁর নাম রাখা হল 'আশ্চর্য মন্ত্রণাদাতা, শক্তিশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ'।

শ্লোক

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℣ সকল দেশ তাঁকে সেবা করবে;

℟ প্রভুকে প্রণাম করবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: পণ্ডিতগণ * পুব থেকে বেথলেহেমে এলেন প্রভুকে পূজা করার জন্য।
রত্নপেটিকা খুলে তাঁরা তাঁকে মূল্যবান উপহার দিলেন:
মহান রাজা ব'লে সোনা, সত্যময় ঈশ্বর ব'লে ধূপধুনো,
আর তাঁর সমাধির জন্য গন্ধনির্যাস। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যাঁর মধ্যে পৃথিবীর সকল প্রান্ত ঈশ্বরের পরিত্রাণ দেখতে পেল, আসুন, সেই মুক্তিদাতা খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

হে খ্রীষ্ট, তোমার গৌরব হোক!

-হে মুক্তিদাতা, ইহুদী ও অনিহুদীদের মধ্যে যে বিচ্ছিন্নতার প্রাচীর ছিল, তুমি তা ভেঙে দিয়েছ। যত বিচ্ছিন্নতা আজও মানবমর্যাদা ক্ষুণ্ন করে, তোমার আশীর্বাদে আমরা যেন তা ধ্বংস করতে সচেষ্ট থাকি।

-তোমার দেহধারণে তুমি আমাদের মাঝে তাঁবু স্থাপন করলে। প্রেরণা দান কর, আমরা যেন মণ্ডলীতে ও সকল মানুষে তোমার উপস্থিতি অনুভব করতে পারি।

-তুমি আমাদের কাছে পিতার কথা প্রকাশ করেছ। সহায়তা কর, আমরা যেন তোমার বাণীর আহ্বানে জীবনের মধ্য দিয়েই সাড়া দিই।

-তুমি নবসৃষ্টির সূচনা ও তার ভিত্তিস্বরূপ। আমাদের প্রাণ, কথা ও কর্ম নবায়ন কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: ঈশ্বরের যে পরিকল্পনা * যুগের পর যুগ রহস্যাবৃত ছিল,
তা এখন আমাদের কাছে প্রকাশিত হল।

বাণী পাঠ **দ্বিঃবিঃ ৪:৭**

এমন কোন্ বড় দেশ আছে, যার দেবতা তার তত নিকটবর্তী, আমাদের পরমেশ্বর প্রভু আমাদের যত নিকটবর্তী যখনই আমরা তাঁকে ডাকি?

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন

℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : খ্রীষ্ট এসে * দূরবর্তী এই তোমাদের কাছে শান্তির,
এবং নিকটবর্তীদেরও কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছেন।

বাণী পাঠ **ইসা ১২:৫-৬**

প্রভুর স্তবগান কর, তিনি যে সাধন করেছেন মহিমময় কাজ, সারা পৃথিবী জুড়ে একথা জ্ঞাত হোক। সানন্দে চিৎকার কর, জাগাও হর্ষধ্বনি, সিয়োন অধিবাসী, কারণ তোমাদের মধ্যে মহানই ইস্রায়েলের সেই পবিত্রজন।

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে ;
℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ন প্রহর

ধুয়ো : আমি তোমাকে * দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করেছি,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

বাণী পাঠ **তোবিত ১৪:৮-৯**

বিজাতিরা তাদের যত মূর্তি পরিত্যাগ করবে, তারা যেরুসালেমে এসে বসবাস করবে। পৃথিবীর সকল রাজা ইস্রায়েলের রাজাকে আরাধনা করে যেরুসালেমে আনন্দ করবেন।

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য ;
℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

সন্ধ্যারতি

বাণী পাঠ **২ পি ১:৩-৪**

তাঁর ঐশপরাক্রম গুণে খ্রীষ্ট আমাদের জীবন ও ভক্তি সংক্রান্ত সমস্ত কিছুই দান করেছেন ; তা করেছেন তাঁরই বিষয়ে আমাদের জ্ঞানলাভ দ্বারা, যিনি আপন গৌরব ও মাহাত্ম্যে আমাদের আহ্বান করেছেন। এ দ্বারাই তাঁর মহামূল্যবান ও সুমহান যত প্রতিশ্রুতি আমাদের দান করা হয়েছে, উচ্ছৃঙ্খল দুর্মতির কারণে জগতে উপস্থিত সেই অবক্ষয় এড়িয়ে তোমরা যেন তোমাদের পাওয়া সেই প্রতিশ্রুতি দ্বারা ঐশস্বরূপের সহভাগী হয়ে উঠতে পার।

শ্লোক

℣ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℣ সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।
℟ সকল দেশ আশিসধন্য হবে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : জ্যোতিষ্কটা দেখতে পেয়ে * পন্ডিতগণ মহা আনন্দে আনন্দিত হলেন ;
ঘরে ঢুকে তাঁরা প্রভুকে সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস উপহার দিলেন।

মিনতি নিবেদন

যারা অন্ধকারে ও মৃত্যু-ছায়ায় বসে ছিল, তাদের কাছে যিনি আলো দিতে এলেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি :

হে খ্রীষ্ট, তোমার আলোতে জগৎকে আলোকিত কর।

-তোমার আগমনে তুমি মন্ডলীকে জন্ম দিয়েছ। কৃপা কর, সে যেন ভ্রাতৃপ্রেমে নিত্য সুসংগঠিত হয়।

-তুমি স্বর্গমর্তের অধিপতি। সর্বজাতি যেন তোমার রাজ-অধিকার স্বীকার করে।

-দেহধারণ করায় তুমি হলে চিরকালীন মহাযাজক। আশীর্বাদ কর, মণ্ডলীর পালকেরা যেন তোমার মুক্তিকর্মের যোগ্য সেবক হতে পারেন।

-কুমারী মারীয়ার গর্ভে তুমি আত্মিক বিবাহ-বন্ধনে ঐশস্বরূপ আর মানবস্বরূপ মিলিত করেছ। সন্ন্যাসিনীদের আশীর্বাদ কর।

-মরদেহ ধারণ করে তুমি মৃত্যুকে বিনাশ করেছ। আমাদের পরলোকগত ভাইবোনেরা যেন মৃত্যু থেকে অনন্ত জীবনধামে পার হতে পারেন।

মঙ্গলবার অথবা ৮ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার একমাত্র পুত্র আমাদেরই মত রক্তমাংসের মানুষরূপে দেখা দিয়েছিলেন। আশীর্বাদ কর: যাঁকে আমরা আমাদের সদৃশ মানুষ বলে স্বীকার করি, তাঁর দ্বারা যেন অভ্যন্তরে নবরূপায়িত হতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ সমগ্র পৃথিবী তোমাকে পূজা করুক, তোমার উদ্দেশে স্তবগান করুক;

℟ করুক তোমার নামের স্তবগান।

২য় পর্ব ℣ হে যেরুসালেম, প্রভুর মহিমাকীর্তন কর;

℟ তিনি তো এ পৃথিবীতে পাঠিয়ে দেন তাঁর বচন।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ ইসা ৪:২-৩

সেদিন প্রভুর সেই বীজাঙ্কুর কান্তিতে ও গৌরবে বেড়ে উঠবে; ইস্রায়েলের যারা রেহাই পাবে, তখন দেশভূমির ফল হবে তাদের গর্ব, তাদের ভূষণ। সিয়োনে যাদের অবশিষ্ট রাখা হবে, যেরুসালেমে যে কেউ বাকি থাকবে, তারা পবিত্র বলে অভিহিত হবে,—অর্থাৎ তারা, যেরুসালেমে জীবিত থাকবে বলে যাদের নাম লেখা আছে।

শ্লোক

℣ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℣ সকল দেশ তাঁকে সেবা করবে;

℟ প্রভুকে প্রণাম করবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: সেই তিনজন পণ্ডিত * ঈশ্বরপুত্র মহান রাজা প্রভুকে তিনটে উপহার দিলেন:
সোনা, ধূপধুনো ও গন্ধনির্যাস। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

খ্রীষ্ট আমাদের মাঝে এলেন, মানুষ যেন মৃত্যুর বন্দিদশা থেকে উদ্ধার পেয়ে ঈশ্বরের সন্তান-উচিত মুক্তি পেতে পারে। আসুন, বিনীতভাবে তাঁর কাছে প্রার্থনা করি:

তোমার জন্মের খাতিরে, প্রভু, অনিষ্ট থেকে আমাদের উদ্ধার কর।

-অনাদিকাল থেকে বিরাজমান হয়েও তুমি একদিন মানবজন্ম গ্রহণ করেছিলে। তোমার জন্মের মাহাত্ম্যে আমাদের মানবস্বরূপ নবায়ন কর।

-তোমার ঐশস্বরূপে অভিন্ন হয়েও তুমি মানবেতিহাসের অনিত্য অবস্থার সহভাগী হতে চেয়েছিলে। তোমার মাধ্যমে আমরা যেন গভীরতর ভাবে তোমার ঐশজীবনের অংশী হতে পারি।

-তুমি সর্বজাতির আলো, তুমি পবিত্রতার দীক্ষাগুরু। তোমার বাণীর আলোতে আমাদের চরণ আলোকিত কর।

-ঐশবাণী হয়েও তুমি ধন্যা মারীয়ার গর্ভে মানুষ হয়েছিলে। প্রসন্ন হয়ে, বিশ্বাস ও অনুগ্রহের মাধ্যমে আমাদের হৃদয়গুহায় নিত্য বিরাজ কর।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : ঈশ্বরের যে পরিকল্পনা * যুগের পর যুগ রহস্যাবৃত ছিল,
তা এখন আমাদের কাছে প্রকাশিত হল।

বাণী পাঠ ইসা ৪৫:১৩

আমিই এই মানুষকে জাগিয়ে তুলেছি ধর্মময়তার উদ্দেশ্যে, আমি তার সকল পথ সরল করব। সে আমার নগরী পুনর্নির্মাণ করবে, আমার নির্বাসিতদের ফিরিয়ে দেবে, বিনামূল্যে, বিনা পুরস্কারেই তাদের ফিরিয়ে দেবে; একথা বলছেন সেনাবাহিনীর প্রভু।

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন
℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : খ্রীষ্ট এসে * দূরবর্তী এই তোমাদের কাছে শান্তির,
এবং নিকটবর্তীদেরও কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছেন।

বাণী পাঠ ইসা ৪৮:২০

আনন্দোচ্ছ্বাসের কণ্ঠে একথা ঘোষণা কর, তা প্রচার কর, পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত কথাটা ব্যাপ্ত কর; বল: ‘প্রভু তাঁর আপন দাস যাকোবের মুক্তি পুনঃসাধন করেছেন।’

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে;
℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমি তোমাকে * দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করেছি,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

বাণী পাঠ ইসা ৬৫:১

যারা আমার কাছে কোন যাচনা রাখত না, তাদের আমি নিজের উদ্দেশ পেতে দিয়েছি; যারা আমার খোঁজ করত না, তাদের আমি নিজেকে খুঁজে পেতে দিয়েছি; যে জাতি আমার নাম করত না, আমি তাকে বলেছি, ‘এই যে আমি আছি, এই যে আমি আছি।’

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য;
℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

সন্ধ্যারতি

বাণী পাঠ **এফে ২:৩খ-৫**

অন্যান্য সকলের মত আমরাও স্বভাবত ঐশক্রোধের পাত্র ছিলাম। কিন্তু ঈশ্বর, দয়ায় ঐশ্বর্যবান হওয়ায়, যে মহা ভালবাসায় আমাদের ভালবাসলেন, অপরাধের ফলে মৃত ছিলাম যে আমরা এই আমাদের তিনি খ্রীষ্টের সঙ্গে সঞ্জীবিত করে তুললেন—অনুগ্রহেই তোমরা পরিত্রাণকৃত!

শ্লোক

প্র খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
উ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
প্র সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।
উ সকল দেশ আশিসধন্য হবে।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: জ্যোতি-থেকে-জ্যোতি হয়েই * তুমি আবির্ভূত হলে, খ্রীষ্ট।
পন্ডিতগণ তোমার চরণে উপহার রাখছেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

বিশ্বমন্ডলীর সঙ্গে একত্রিত হয়ে, আসুন, পরম পিতার প্রশংসা করে তাঁর সাহায্য প্রার্থনা করি:

হে পুণ্যময় পিতা, তোমার সন্তানদের যাচনা গ্রহণ কর।

-হে পিতা, যাঁরা তোমাকে না জেনে সৃষ্টজীবদের মধ্যে তোমার অন্বেষণ করেন, সহায়তা দান ক'রে তাঁদের মন সুসমাচারের আলোতে উদ্বুদ্ধ কর।

-যাঁরা তোমাকে একেশ্বর বলে আরাধনা করেন ও শেষদিনের বিচারকর্তারূপে স্বীকার করেন, তোমার কৃপায় তাঁরা যেন তোমার প্রেমের পরিচয় পেতে পারেন।

-তুমি তো তোমার সৃষ্ট সকল সন্তানকে তোমার মঙ্গলদানে পরিতৃপ্ত কর। কেউই যেন তোমা থেকে দূরে না সরে যায়।

-পথযাত্রীদের উপর দৃষ্টিপাত কর। তাদের নিরাপদে রাখ, অকস্মাৎ মৃত্যু থেকে তাদের রক্ষা কর।

-ইহলোকে যাঁদের তুমি তোমার সত্যের আলোতে আলোকিত করেছিলে, আমাদের সেই মৃত ভাইবোনদের দাও তোমার শ্রীমুখের দর্শন।

বুধবার অথবা ৯ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

সর্বজাতির জ্যোতির্দাতা হে সনাতন ঈশ্বর, সকল দেশের মানুষকে পরম শান্তি ভোগ করতে দাও; যে আলোতে তুমি আমাদের পূর্বপুরুষদের মন বিভাসিত করেছিলে, আমাদের অন্তরে সেই দিব্য আলো সঞ্চার কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র জাতিসকল তোমার আলোতে চলবে;
উ চলবেন রাজা সকল তোমার উদয়ের বিভায়।

২য় পর্ব ℣ প্রভু আমাদের দেখিয়ে দেবেন তাঁর মার্গসকল,

℟ আমরা যেন তাঁর সকল পথ ধরে চলতে পারি।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৪৯:৮-৯**

আমি তোমাকে গড়েছি, জনগণের জন্য সন্ধিরূপে তোমাকে নিযুক্ত করেছি, তুমি যেন দেশের পুনরুত্থান সাধন কর, যেন সেই উৎসন্ন সম্পদ পুনরধিকার কর, তুমি যেন বন্দিদের বল, 'বেরিয়ে এসো,' যারা অন্ধকারে রয়েছে, তাদের যেন বল, 'আলোতে এসো।'

শ্লোক

℣ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℣ সকল দেশ তাঁকে সেবা করবে;

℟ প্রভুকে প্রণাম করবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: প্রাচ্য দেশে * তাঁর জ্যোতিষ্কটা দেখে
আমরা উপহার নিয়ে প্রভুর সামনে প্রণিপাত করতে এসেছি।

মিনতি নিবেদন

কাল পূর্ণ হলে যিনি মানবদেহ গ্রহণ করেছিলেন, আসুন, পরম পিতার সেই সনাতন বাণীর প্রশংসাবাদ করে বলি:

হে প্রভু, তুমি ধন্য!

-হে জীবনময় ঈশ্বরের পুত্র, হে বিশ্বস্রষ্টা, তুমি আমাদের পরিত্রাণের জন্য এ পৃথিবীতে এসেছিলে। আমাদের করে তোল তোমার সুসমাচারের সাক্ষী।

-হে ন্যায়ের সূর্য, পিতার বুক থেকেই তোমার আলোর উদ্ভাস, জগতের উপরে তোমার আলো বিকশিত। যারা অন্ধকারে ও মৃত্যু-ছায়ায় বাস করে, তুমি তাদের উদ্ভাসিত কর।

-হে গৌরবের রাজা, বেথলেহেমে তুমি একটি গোশালায় জন্ম নিয়েছিলে। সাহায্য কর, আমরা যেন সরল শিশুর মত ঈশ্বরের উপর ভরসা রাখি।

-হে অনন্ত জীবনের রুটি খ্রীষ্ট, আমাদের ক্ষুধার্ত প্রাণ তোমার দেহরক্ত দানে পরিতৃপ্ত কর।

পূর্বাহ্ন প্রহর

ধুয়ো: ঈশ্বরের যে পরিকল্পনা * যুগের পর যুগ রহস্যাবৃত ছিল,
তা এখন আমাদের কাছে প্রকাশিত হল।

বাণী পাঠ **১ তি ১:১৫**

একথা বিশ্বাস্য ও সম্পূর্ণ গ্রহণযোগ্য যে, খ্রীষ্টযীশু এই জগতে এলেন পাপীদের পরিত্রাণ করতে।

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন

℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : খ্রীষ্ট এসে * দূরবর্তী এই তোমাদের কাছে শান্তির,
এবং নিকটবর্তীদেরও কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছেন।

বাণী পাঠ **প্রত্যা ২১:২৩-২৪**

সেই নগরীতে আলো দেবার জন্য সূর্য বা চাঁদের দরকার হয় না, কেননা স্বয়ং ঈশ্বরের গৌরব নগরীকে উদ্ভাসিত করে রাখে এবং স্বয়ং মেষশাবকই তার প্রদীপ। নগরীর সেই আলোতে সর্বজাতি চলতে থাকবে, এবং পৃথিবীর রাজারা নিজেদের ঐশ্বর্য নিয়ে আসবেন।

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে ;
℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমি তোমাকে * দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করেছি,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

বাণী পাঠ **১ যোহন ১:৫**

যে সংবাদ তাঁর কাছ থেকে শুনেছি ও তোমাদের কাছে জানাচ্ছি, তা এ : ঈশ্বর আলো, তাঁর মধ্যে কোন অন্ধকার নেই।

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য ;
℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

সন্ধ্যারতি

বাণী পাঠ **কল ১:১৩-১৫**

ঈশ্বর অন্ধকারের কর্তৃত্ব থেকে আমাদের নিস্তার করে তাঁর সেই প্রিয়তম পুত্রের রাজ্যে স্থানান্তর করেছেন, যাঁর দ্বারা আমরা ভোগ করি মুক্তি, অর্থাৎ পাপমোচন। তিনি তো অদৃশ্য ঈশ্বরের প্রতিমূর্তি, তিনি তো নিখিল সৃষ্টির প্রথমজাত।

শ্লোক

℣ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℣ সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।
℟ সকল দেশ আশিসধন্য হবে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : হেরোদ রাজা * পণ্ডিতদের জিজ্ঞাসা করলেন,
এই নবজাত শিশু সম্বন্ধে আপনারা কী লক্ষণ পেয়েছেন?
আমরা এমন জাজ্বল্যমান জ্যোতিষ্ক দেখেছি,
যার বিভায় সারা বিশ্ব উদ্ভাসিত।

মিনতি নিবেদন

যিনি আমাদের পাপরাশির অতল থেকে আমাদের বের করে আনলেন, আসুন, আশ্বাস নিয়ে সেই ঐশবাণীর প্রশংসাবাদ করে বলি :

দেখাও, প্রভু, তোমার দয়া!

-হে চিরকালীন মহাযাজক, পৃথিবীতে প্রবেশ করে তুমি সত্যকার স্তুতি-নৈবেদ্য প্রবর্তন করেছ। মণ্ডলীর মাধ্যমে সকল মানুষকে তোমার রাজকীয় যাজকত্বের অংশীদার করে তোল।

-তুমি দেহ আত্মা দু'টোর আরোগ্যদাতা, তুমি মানবজাতির ক্ষত নিরাময় করতে এ জগতে এসেছিলে। আমাদের অসুস্থ ভাইবোনদের সুস্থ করে তোল।

-তোমার জন্মের ফলে বিশ্বজগৎ আনন্দে পরিপূর্ণ হয়ে উঠল। পাপীদের প্রতি করুণা দেখাও, সকলকে তোমার বন্ধুত্বের সহভাগী কর।

-হে পরাক্রমশালী রাজা, তুমি প্রাক্তন বন্দিদশার শৃঙ্খল ছিন্ন করেছ। দেহে ও আত্মায় যারা এখনও সেই বন্দিদশায় বন্দি, তুমি তাদের মুক্তি দান কর।

-তুমি স্বর্গের দিকে সত্যকার পথ। মৃত সকলকে শাশ্বত আনন্দধামে গ্রহণ কর।

বৃহস্পতিবার অথবা ১০ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে ঈশ্বর, তোমার পুত্রের দ্বারা তুমি সকল জাতির মানুষের কাছে তোমার মহত্ত্বের আলো প্রকাশ করেছিলে। অনুনয় করি: তোমার জনগণকে সেই মুক্তিসাধকের পূর্ণ দীপ্তি চিনতে দাও, তেমন দীপ্তি-পথে এগিয়ে চ'লে তারা যেন সনাতন জ্যোতির্লোকে পৌঁছতে পারে।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব ℣ এসো, প্রণত হই; এসো, প্রণিপাত করি;

℟ তিনি যে আমাদের পরমেশ্বর প্রভু।

২য় পর্ব ℣ ঈশ্বরের পুত্র এসে

℟ সত্যময় ঈশ্বরকে জানবার জ্ঞান আমাদের দিয়েছেন।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৬২:১১-১২**

সিয়োন কন্যাকে তোমরা বল, 'দেখ, তোমার পরিত্রাতা আসছেন! দেখ, তাঁর মজুরি আছে তাঁর সঙ্গে; তাঁর আগে আগে চলছে তাঁর আপন পুরস্কার।' তারা এই নামেই আখ্যাত হবে: পবিত্র জাতি, প্রভুর বিমুক্ত।

শ্লোক

℣ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℣ সকল দেশ তাঁকে সেবা করবে;

℟ প্রভুকে প্রণাম করবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: বহু জাতি * দূর থেকে আসছে;

তারা সঙ্গে নিয়ে আসছে উপহার। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি আপন পুত্রের জন্মের মধ্য দিয়ে আপন জাতিকে সান্ত্বনা দিয়েছিলেন, আসুন, সেই মহেশ্বরের মাহাত্ম্য স্বীকার করে তাঁর প্রশংসাবাদ করি :

ঊর্ধ্বলোকে ঈশ্বরের গৌরব!

-হে প্রভু, স্বর্গদূত, কুলপতি ও নবীদের সঙ্গে আমরা তোমার প্রশংসাবাদ করি।

-ঈশ্বরজননী ধন্যা কুমারী মারীয়ার সঙ্গে আমাদের প্রাণ তোমার মহিমাকীর্তন করে।

-প্রেরিতদূত ও সুসমাচার-রচয়িতাদের সঙ্গে আমরা তোমাকে ধন্যবাদ জানাই।

-খ্রীষ্টের সাক্ষ্যমরবৃন্দের সঙ্গে আমরা জীবন্ত বলিরূপে নিজেদের দেহ তোমার চরণে উৎসর্গ করি।

-মণ্ডলীর নিখিল সাধুসাধ্বীর সঙ্গে আমাদের জীবন তোমার হাতে তুলে দিই।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : ঈশ্বরের যে পরিকল্পনা * যুগের পর যুগ রহস্যাবৃত ছিল,
তা এখন আমাদের কাছে প্রকাশিত হল।

বাণী পাঠ **ইসা ২:৩-৪**

সিয়োন থেকেই বেরিয়ে আসবে নির্দেশবাণী, যেরুসালেম থেকেই প্রভুর বাণী। তিনি দেশে দেশে বিচার সম্পাদন করবেন, বহু জাতির বিবাদ মিটিয়ে দেবেন। তারা নিজেদের খড়্গ পিটিয়ে পিটিয়ে করবে লাঙলের ফলা, নিজেদের বর্শাকে করবে কাস্তে। এক দেশ অন্য দেশের বিরুদ্ধে খড়্গ উঁচু করবে না, তারা রণশিক্ষাও আর করবে না।

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন
℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : খ্রীষ্ট এসে * দূরবর্তী এই তোমাদের কাছে শান্তির,
এবং নিকটবর্তীদেরও কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছেন।

বাণী পাঠ **ইসা ৯:১**

যে জাতি অন্ধকারে পথ চলত, তারা মহান এক আলো দেখতে পেল; যারা মৃত্যু-ছায়ার দেশে বসে ছিল, তাদের উপর আলো জ্বলে উঠল।

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে;
℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমি তোমাকে * দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করেছি,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

বাণী পাঠ **ইসা ৬০:৪-৫**

হে যেরুসালেম, তোমার সন্তানেরা দূর থেকে আসবে, তোমার কন্যাদের বাহুতে ক'রে বহন করা হবে। তা দেখে তুমি উজ্জ্বল হয়ে উঠবে, তোমার অন্তর দুলে উঠবে, উথলেই উঠবে, কারণ সমুদ্রের যত ধন তোমার কাছে ভেসে আসবে, দেশগুলির ঐশ্বর্য তোমার কাছে এসে পৌঁছবে।

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য;
℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

সন্ধ্যারতি

বাণী পাঠ **১ যোহন ১:৫খ,৭**

ঈশ্বর আলো, তাঁর মধ্যে কোন অন্ধকার নেই। আমরা যদি আলোতে চলি—আলোতেই আছেন তিনি!—তাহলে পরস্পরের সঙ্গে আমাদের সহভাগিতা আছে আর তাঁর পুত্র যীশুর রক্ত সমস্ত পাপ থেকে আমাদের শোধন করে।

শ্লোক

প্র খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
উ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
প্র সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।
উ সকল দেশ আশিসধন্য হবে।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: সাবা দেশের * সকল মানুষ এসে
সোনা ও ধূপধুনো নিয়ে আসবে। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

বিশ্বব্যাপী বিস্তৃত খ্রীষ্টমণ্ডলীর সঙ্গে একাত্ম হয়ে, আসুন, আমাদের স্বর্গীয় পিতাকে ডাকি:

আমাদের দেখাও, প্রভু, তোমার দয়া।

-হে পবিত্রতম পিতা, অনেকে এখনও শুধু জ্ঞানের আলোতেই তোমাকে চেনেন। তাঁদের মন যেন সুসমাচারের উজ্জ্বল আলোতে উদ্ভাসিত হয়।

-খ্রীষ্টবিশ্বাসী না হয়েও যাঁরা মানুষকে ব্যথা ও দুর্দশা থেকে মুক্ত করতে সচেষ্ট আছেন, তাঁরা যেন খ্রীষ্টে পথ, সত্য ও জীবন খুঁজে পান।

-যাঁরা নিজ নিজ ধর্ম সততার সঙ্গে পালন করেন, তোমার সহায়তায় তাঁরা যেন খ্রীষ্টের অম্লান জ্যোতিতে গিয়ে পৌঁছতে পারেন।

-আমাদের মৃত ভাইবোনদের প্রতি করুণা দেখাও; তাঁদের ভূষিত কর তোমার গৌরবের প্রভায়।

শুক্রবার অথবা ১১ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান ঈশ্বর, আশীর্বাদ কর: যেমন একদিন তুমি এক তারা দিশারী করে জগৎত্রাতার জন্মবার্তা প্রকাশ করেছিলে, তেমনি আজ আমাদের অন্তরেও সেই জন্ম-রহস্যের কথা প্রকাশ কর, সেই রহস্যের আলোতে আমাদের মন উত্তরোত্তর উদ্বুদ্ধ কর।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব প্র তাঁর মধ্যে ছিল জীবন,
উ জীবন ছিল মানুষের আলো।
২য় পর্ব প্র তিনিই ছিলেন সত্যকার আলো,
উ যা প্রত্যেক মানুষকে আলোকিত করে।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ **ইসা ৪৫:২২-২৩**

আমার দিকে ফিরে তাকাও, তবেই ত্রাণ পাবে তোমরা, হে পৃথিবীর সকল প্রান্ত, কারণ আমিই ঈশ্বর, আর কেউ নয়! নিজের দিব্যি দিয়ে করেছি শপথ, আমার মুখ থেকে যে সত্য বাণী বের হয় তার অন্যথা হবে না— প্রতিটি জানু আমার সম্মুখে আনত হবে, প্রতিটি জিহ্বা আমার দিব্যি দিয়ে শপথ করবে।

শ্লোক

℣ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

℣ সকল দেশ তাঁকে সেবা করবে;

℟ প্রভুকে প্রণাম করবে।

℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

℟ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: যারা * তোমাকে তুচ্ছ করত,
তারা এসে তোমার চরণে করবে প্রণিপাত।

মিনতি নিবেদন

যিনি নবমানুষকে সৃষ্টি করতে এসেছিলেন, আসুন, সেই খ্রীষ্টের প্রশংসাবাদ করে বলি:

তোমার জন্মের মাহাত্ম্যে আমাদের নবীকৃত কর, প্রভু।

-তুমি আমাদের মানবস্বরূপ গ্রহণ করায় আমরা তোমাতে পিতাকে দেখতে পাই। আশীর্বাদ কর, আমরা যেন তোমার বাণী ও দেহরক্তের মাহাত্ম্যে তোমাকে চিনতে পারি।

-হে মানবস্রষ্টা, কুমারীর গর্ভে জন্ম নিয়ে তুমি আমাদের মত মানুষ হয়েছিলে। ধন্যা কুমারী মারীয়ার প্রার্থনার পুণ্য ফলে আমরা যেন তোমার ঐশজীবনের অংশী হতে পারি।

-হে মানবত্রাতা, তুমি শিশিরের মত এ পৃথিবীতে অবতীর্ণ হয়েছিলে। তোমার পবিত্র আত্মা দানে আমাদের প্রাণের তৃষ্ণা মিটিয়ে দাও।

-আমরা যারা তোমার জন্মের মাহাত্ম্য উদ্‌যাপন করছি, তোমার সহায়তায় যেন খ্রীষ্টীয় জীবনযাপনে পরিপক্ক হয়ে উঠি।

পূর্বাহ্ন প্রহর

ধুয়ো: ঈশ্বরের যে পরিকল্পনা * যুগের পর যুগ রহস্যাবৃত ছিল,
তা এখন আমাদের কাছে প্রকাশিত হল।

বাণী পাঠ **যেরে ৩১:৭-৮**

যাকোবের জন্য তোমরা সানন্দে চিৎকার কর, সর্বদেশের মধ্যে প্রধান যে দেশ তার উদ্দেশে উচ্চধ্বনি তোল, ঘোষণা কর, প্রশংসাবাদ কর, চিৎকার করে বল: প্রভু তাঁর আপন জনগণকে, ইস্রায়েলের অবশিষ্ট অংশকে ত্রাণ করেছেন। দেখ, আমি উত্তর দেশ থেকে তাদের ফিরিয়ে আনছি, পৃথিবীর প্রান্তসীমা থেকে তাদের জড় করছি।

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন

℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : খ্রীষ্ট এসে * দূরবর্তী এই তোমাদের কাছে শান্তির,
এবং নিকটবর্তীদেরও কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছেন।

বাণী পাঠ **যেরে ৩১:১১-১২**

প্রভু যাকোবের মুক্তি সাধন করলেন, তার চেয়ে শক্তিশালীর হাত থেকে তাকে উদ্ধার করলেন। তারা এসে সিয়োনের উঁচুস্থানে সানন্দে চিৎকার করবে, প্রভুর মঙ্গলময়তার জন্য তারা উজ্জ্বল হয়ে উঠবে।

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে;
℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমি তোমাকে * দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করেছি,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

বাণী পাঠ **জাখা ৮:৭-৮**

দেখ, আমি পুব ও পশ্চিম দেশ থেকে আমার আপন জনগণকে ত্রাণ করব: আমি তাদের ফিরিয়ে আনব আর তারা যেরুসালেমের অন্তঃস্থলে বাস করবে; তারা হবে আমার আপন জনগণ, আর আমি হব বিশ্বস্ততায় ও ধর্মময়তায় তাদের আপন পরমেশ্বর।

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য;
℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

সন্ধ্যারতি

বাণী পাঠ **রো ৮:৩-৪**

ঈশ্বর পাপময় মাংসের সাদৃশ্যে পাপার্থে বলিরূপে আপন পুত্রকে পাঠিয়ে মাংসে পাপের উপরে বিচার সম্পন্ন করেছেন, যেন বিধানের লক্ষ্য সেই যে ধর্মময়তা, তা আমাদেরই মধ্যে পূর্ণতা লাভ করে, যারা মাংসের বশে নয়, বরং আত্মারই বশে চলি।

শ্লোক

℣ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।
℣ সর্বজাতি তাঁর মহিমাকীর্তন করবে।
℟ সকল দেশ আশিসধন্য হবে।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ খ্রীষ্টযীশুতে * সকল দেশ আশিসধন্য হবে।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো : স্বপ্নে * এক স্বর্গদূত দ্বারা আদেশ পেয়ে
পন্ডিতগণ অন্য পথ দিয়ে নিজেদের দেশে ফিরে গেলেন।

মিনতি নিবেদন

যিনি খ্রীষ্টকে সর্বজাতির আলোরূপে প্রতিষ্ঠিত করেছেন, আসুন, সেই পরম পিতার কাছে মিনতি নিবেদন করি:

হে পিতা, আমাদের প্রার্থনা শোন।

-তোমার মণ্ডলীকে বিশ্বের চারপ্রান্তে বিস্তারিত কর, যেন সকল মানুষের কাছে তোমার পুত্রের গৌরব প্রকাশিত হতে পারে।

-তুমি সেই তিনজন পন্ডিতকে তোমার পুত্রের সেই গোশালায় চালিত করেছিলে। যাঁরা সত্যের অন্বেষণ করেন, তাঁদের দেখাও ত্রাণকর্তা খ্রীষ্টের শ্রীমুখ।

-সকল জাতিকে তোমার রাজ্যের আলোতে আহ্বান কর, যেন যীশু-নামে প্রতিটি জানু আনত হয়।

-তোমার শস্যখেতে কর্মী প্রেরণ কর, তাঁরা যেন দীনদুঃখী মানুষের কাছে খ্রীষ্টের সুসমাচারের পরিত্রাণদায়ী বাণী প্রচার করেন।

-মৃত সকল মানুষকে মুক্তির পূর্ণতা মঞ্জুর কর, তাঁরা যেন তোমার পুত্রের বিজয়ের সহভাগী হতে পারেন।

শনিবার অথবা ১২ই জানুয়ারী

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, তোমার একমাত্র পুত্রের দ্বারা তুমি আমাদের নবসৃষ্টিরূপে গড়ে তুলেছ। আশীর্বাদ কর: যাঁর মধ্যে আমাদের মানবস্বরূপ তোমার সঙ্গে মিলিত, তোমার অনুগ্রহে আমরা যেন সেই খ্রীষ্টে রূপান্তরিত হতে পারি।

আহ্বান সঙ্গীত

জাগরণী

১ম পর্ব   *প্র*   তিনিই ছিলেন সত্যকার আলো,

উ   যা প্রত্যেক মানুষকে আলোকিত করে।

২য় পর্ব   *প্র*   নবীরা যাঁর কথা পূর্বে বলেছিলেন,

উ   সেই জগৎত্রাতা আবির্ভূত হলেন।

স্মরণ উপলক্ষে পৃঃ ১০৯৫।

প্রভাতী বন্দনা

বাণী পাঠ   **প্রজ্ঞা ৭:২৬-২৭**

প্রজ্ঞা সনাতন জ্যোতির প্রতিবিম্ব, ঈশ্বরের কর্মসাধনার কলঙ্কমুক্ত দর্পণ, তাঁর মঙ্গলময়তার প্রতিমূর্তি। যদিও একক, তবু সবকিছুই করতে সক্ষম; নিজে অভিন্ন হয়ে থেকেও সবকিছু নবীন করে তোলে, ও যুগের পর যুগ পুণ্যবানদের প্রাণে প্রবেশ ক'রে তাদের করে তোলে ঈশ্বরের বন্ধু, তাদের করে তোলে নবী।

শ্লোক

প্র পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

উ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

প্র সকল দেশ তাঁকে সেবা করবে;

উ প্রভুকে প্রণাম করবে।

প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।

উ পৃথিবীর সকল রাজা * প্রভুকে প্রণাম করবেন।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: গালিলেয়ার কানা নগরে * এক বিবাহোৎসব হল;
যীশুর মা সেখানে ছিলেন।

মিনতি নিবেদন

যিনি পিতা ঈশ্বরের প্রতিমূর্তি, আসুন, সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে ঈশ্বরের পুত্র খ্রীষ্ট, আমাদের যাচনা মঞ্জুর কর।

-হে ঈশ্বরের পুত্র, তুমি আমাদের কাছে পিতার ভালবাসা প্রকাশ করেছ। তোমার আশীর্বাদে মানুষ যেন আমাদের ভ্রাতৃপ্রেমে তোমাকে চিনতে পারে।

-তোমার অলৌকিক কাজের মধ্য দিয়ে তুমি জীবনেশ্বর বলে আত্মপ্রকাশ করেছিলে। আমাদের অন্তরে তোমার অনন্ত জীবন পূর্ণ মাত্রায় সঞ্চার কর।

-সহায়তা কর, আমরা যেন সবসময় ও সর্বস্থানে তোমার মৃত্যু বহন করতে পারি, যেন আমাদের মরদেহে তোমার অনন্ত জীবন প্রকাশিত হয়।

-তোমার পবিত্র আত্মার আলোতে আমাদের অন্তর আলোকিত কর। যে গৌরব তোমার শ্রীমুখ উজ্জ্বল করে, সেই গৌরবের বিভায় আমাদের উদ্ভাসিত করে তোল।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো : ঈশ্বরের যে পরিকল্পনা * যুগের পর যুগ রহস্যাবৃত ছিল,
তা এখন আমাদের কাছে প্রকাশিত হল।

বাণী পাঠ **এজে ২০:৪১-৪২**

যখন জাতিসকলের মধ্য থেকে তোমাদের বের করে আনব, যখন তোমাদের জড় করব সেই সমস্ত দেশ থেকে যেখানে তোমরা বিক্ষিপ্ত ছিলে, তখন আমি সুরভিত সুগন্ধির মত প্রসন্নতার সঙ্গে তোমাদের গ্রহণ করে নেব: জাতিগুলির দৃষ্টিগোচরে আমি তোমাদের দ্বারা নিজেকে পবিত্র বলে দেখাব। তখন তোমরা জানবে যে, আমিই প্রভু।

℣ তিনি পৃথিবীতে দৃশ্যমান হলেন
℟ ও মানুষদের মাঝে জীবন কাটালেন।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো : খ্রীষ্ট এসে * দূরবর্তী এই তোমাদের কাছে শান্তির,
এবং নিকটবর্তীদেরও কাছে শান্তির শুভসংবাদ জানিয়েছেন।

বাণী পাঠ **এজে ৩৪:১১-১২**

আমি নিজেই আমার মেষপাল খোঁজ করব, তার দিকে দৃষ্টি রাখব। বিক্ষিপ্ত পালের মধ্যে থাকার সময়ে পালক যেমন মেষগুলির খোঁজখবর রাখে, তেমনি আমি আমার মেষগুলির খোঁজখবর রাখব। মেঘাচ্ছন্ন ও অন্ধকারময় দিনে তারা যেখানে বিক্ষিপ্ত হয়ে পড়েছিল, সেই সমস্ত জায়গা থেকে আমি তাদের উদ্ধার করব।

℣ জাতিসকল তোমার ধর্মাত্মাকে দেখতে পাবে;
℟ সকল রাজা তোমার গৌরবান্বিতজনকে দেখতে পাবেন।

অপরাহ্ণ প্রহর

ধুয়ো : আমি তোমাকে * দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করেছি,
তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।

বাণী পাঠ **মিখা ২:১২**

হে যাকোব, আমি নিশ্চয়ই তোমার সমস্ত লোকজনকে জড় করব; হে ইস্রায়েলের অবশিষ্ট অংশ, আমি নিশ্চয়ই তোমাকে সংগ্রহ করব। ঘেরিতে মেষগুলির মত, চারণভূমিতে গবাদি পশুর মত আমি তাদের একত্রে মিলিত করব।

℣ জাতিসকল, আমাদের পরমেশ্বরকে বল ধন্য;
℟ শোনা যাক তাঁর প্রশংসাগানের সুর।

প্রভুর দীক্ষাস্নান

পর্ব

প্রভুর আত্মপ্রকাশ মহাপর্ব যদি ৭ই বা ৮ই জানুয়ারীতে রবিবারেই পড়ে, তাহলে প্রভুর দীক্ষাস্নান পর্ব পরবর্তী সোমবারে পালিত হয়।

সমাপন প্রার্থনা

হে সর্বশক্তিমান সনাতন ঈশ্বর, যর্দন নদীতে দীক্ষাস্নানের পর খ্রীষ্টের উপর পবিত্র আত্মা নেমে এলে তুমি সকলের সামনে ঘোষণা করেছিলে, তিনি তোমার প্রিয়তম পুত্র। আশীর্বাদ কর: যারা জল ও পবিত্র আত্মায় নবজন্ম লাভ করেছে, তোমার সেই গৃহীত সন্তানেরা যেন তোমার প্রসন্নতার পাত্র বলেই সর্বদা জীবনযাপন করতে পারে।

১ম সন্ধ্যারতি

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২য় সন্ধ্যারতির ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১৮৩।

স্তোত্র

১। পিতা হতে তুমি বিশ্বে
কন্যার মধ্য দিয়ে আস;
জলে সবে অভিষিক্ত,
বিশ্বাসগুণে নবজাত।

২। স্বর্গ হতে হয়ে নির্গত
মানবরূপ করেছ ধারণ:
জীবনের আনন্দ পেলাম,
তব মৃত্যুই মুক্তির কারণ।

৩। মুক্তিদাতা, ক'রে কৃপা,
শোন এখন এ মিনতি:
মোদের হৃদে সঞ্চার কর
তব উজ্জ্বল ঐশজ্যোতি।

৪। মোদের সঙ্গে থেকো, প্রভু,
জড় রাত্রি কর ধ্বংসন,
পাপরাশি মোচন কর,
অশেষ দয়া কর বর্ষণ।

৫। ওগো জীবন সত্য খ্রীষ্ট,
তুমি সদা প্রশংসিত,
পিতা ও আত্মার জ্যোতি দ্বারা
আজই হলে প্রকাশিত। (১০ম শতাব্দী)

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: দীক্ষাস্নাত হবার জন্য * আজ ত্রাণকর্তা এগিয়ে এলেন,
তিনি যেন পুরানো মানুষকে করেন নবীকৃত,
যেন আমাদের পতিত সারূপ্য করেন রূপান্তরিত,
যেন অক্ষয় বস্ত্রে আমাদের করেন পরিবৃত।

আহ্বান সঙ্গীত

ধুয়ো: খ্রীষ্টই পিতার প্রিয়তম পুত্র;
এসো, প্রণিপাত করি। সাম ৯৫

জাগরণী

স্তোত্র

১। দীক্ষাগুরু দ্বারা আজই
সৃষ্টিকর্তাই হলেন স্নাত:

৩। 'মম পুত্রে আমি সত্যি
পরম প্রীত' বলেন পিতা;

যর্দন-জলে নামেন যীশু,
জলেই হবে মানুষ ত্রাত।

২। সুকুমারী যাঁরই মাতা,
দরকার নেই তাঁর স্নানকরণ,
বরং নিজেই স্নাত হয়ে
বিশ্বপাপকে করেন হরণ।

কপোত-বেশে সাক্ষীরূপে
তিনিও আছেন—পরমাত্মা।

৪। এর মর্মার্থ অতি স্পষ্ট :
মণ্ডলীর ত্রাণ প্রকাশিত ;
পরম ত্রিত্ব সকল কর্মে
একেশ্বর হয়ে প্রমাণিত।

৫। ওগো জীবন সত্য খ্রীষ্ট,
তুমি সদা প্রশংসিত,
পিতা ও আত্মার জ্যোতি দ্বারা
আজই হলে প্রকাশিত। (১০ম শতাব্দী)

১ম পর্ব

১ম ধুয়ো : প্রভুর কণ্ঠস্বর * জলরাশির উপরে বিরাজিত,
প্রভু তাঁর আপন জাতিকে শক্তি দেন। সাম ২৯
২য় ধুয়ো : তোমরা * জল তুলে আন পরিত্রাতার উৎসধারা থেকে :
সবকিছুই যে পবিত্রিত করে তুলেছেন খ্রীষ্ট আমাদের পরমেশ্বর। সাম ৬৬
৩য় ধুয়ো : একদিন * যেরুসালেম থেকে বেরিয়ে আসবে জীবন-জলধারা,
তখন প্রভু হবেন বিশ্বরাজা। সাম ৪৬

℣ আমি দেখতে পেলাম : জল মন্দিরের ডান পাশ থেকে বেরিয়ে আসছে ;
℟ যাদের কাছে এ জল বয়ে গেল, তারা সকলে পরিত্রাণ পেল।

২য় পর্ব

১ম ধুয়ো : দীক্ষাস্নাত হওয়ামাত্র * যীশু জল থেকে উঠে এলেন,
আর হঠাৎ স্বর্গ উন্মুক্ত হল। সাম ৪৮
২য় ধুয়ো : তুমি তো * আত্মা ও অগ্নিতে মানবীয় রোগ থেকে আমাদের পরিশুদ্ধ কর ;
আমরা তোমাকে ঈশ্বর ও মুক্তিদাতা বলে স্বীকার করি। সাম ৮৬
৩য় ধুয়ো : আজ * এক মহারহস্য প্রকাশিত :
সৃষ্টিকর্তা যর্দন নদীতে আমাদের অপরাধ মার্জনা করেন। সাম ৮৭

℣ বিশ্বজগতের কাছে খ্রীষ্ট সগৌরবে আবির্ভূত হলে
℟ জলের উৎসধারা পবিত্র হয়ে উঠল।

৩য় পর্ব

নিম্নলিখিত অংশগুলি ব্যতীত, ২৫শে ডিসেম্বরের জাগরণীর ৩য় পর্বের ব্যবস্থা অনুসরণযোগ্য, পৃঃ ১০০।

ধুয়ো : প্রভু জলে নামলেই
যর্দন নদী হল সঙ্কুচিত, থরথর করে কাঁপতে লাগল।
নদী থেকে বেরিয়ে ওঠে এমন নবসৃষ্টি,
যা সমগ্র বিশ্বকে উদ্ভাসিত করে।

℣ ইনিই আমার প্রিয়তম পুত্র, এঁতে আমি প্রসন্ন :
℟ তোমরা তাঁর কথা শোন।

স্তোত্র : তুমি ঈশ্বর, পৃঃ ১০২।
সুসমাচার ঘোষণা, মথি ২৮:১-১০,১৬-২০।
স্তোত্র : প্রশংসার যোগ্য, পৃঃ ১০৩।

প্রভাতী বন্দনা

স্তোত্র

১। বিশ্বত্রাতা রূপে আজই
যীশু হলেন প্রকাশিত ;
বিশ্বব্যাপী ভক্তের কণ্ঠে
তাঁরই নাম হোক বন্দিত।

২। তিরিশ বছর গেল কেটে,
মুক্তি দিতে প্রস্তুত তিনি,
দীক্ষাস্নানের নবজীবন
আজই দিতে হাজির তিনি।

৩। নিজের রক্তেই যিনি পারেন
বিশ্বপাপ করতে প্লাবিত,
যর্দন-জলে তাঁকে ধুইতে
দীক্ষাগুরু কম্পান্বিত।

৪। স্বর্গ থেকে পিতার কণ্ঠ
তাঁরই সাক্ষ্য করে বহন,
সকল পুণ্যের দাতা যিনি,
দেখ, আছেন পরম পবন।

৫। ওগো যীশু, কাতর স্বরে
তোমায় ডাকি, 'কর ত্রাণ,
অন্তর কর শুচি, শুদ্ধ,
নির্মল রাখ মোদের প্রাণ।'

৬। ওগো জীবন সত্য খ্রীষ্ট,
তুমি সদা প্রশংসিত ;
পিতা ও আত্মার জ্যোতি দ্বারা
আজই হলে প্রকাশিত।

সামসঙ্গীতমালার সংখ্যা রবিবাসরীয় ব্যবস্থা অনুসারে।

১ম ধুয়ো : বিনম্র দাস যোহন * তাঁর আপন রাজা ত্রাণকর্তা প্রভুকে দীক্ষাস্নাত করেন।
যর্দন নদীর জল অবাক হয়ে গেল,
কপোতটি সাক্ষ্য দিল,
পিতার এই কণ্ঠস্বর ধ্বনিত হল, 'ইনি আমার পুত্র।'

২য় ধুয়ো : বিশ্বজগতের কাছে * খ্রীষ্ট সগৌরবে আবির্ভূত হলে
জলের উৎসধারা পবিত্র হয়ে উঠল।
তোমরা জল তুলে আন পরিত্রাতার উৎসধারা থেকে :
সবকিছু যে পবিত্রিত করে তুলেছেন খ্রীষ্ট আমাদের পরমেশ্বর।

৩য় ধুয়ো : তৃষ্ণার্ত যারা, * তোমরা সকলে আমার কাছে এসো।
প্রভুর অন্বেষণ কর, যেহেতু তিনি নিজের উদ্দেশ পেতে দেন। আল্লেলুইয়া।

৪র্থ ধুয়ো : সমুদ্র-সাগর ও নদনদী বল, * প্রভু ধন্য ;
জলের উৎসধারা প্রভুর মহাবন্দনা কর। আল্লেলুইয়া।

৫ম ধুয়ো : এই যে আমার সেই দাস, * আমার মনোনীতজন, আমার প্রাণ তাঁতেই প্রসন্ন।
আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি।

বাণী পাঠ **ইসা ৬১:১-২ক**

প্রভু পরমেশ্বরের আত্মা আমার উপর অধিষ্ঠিত, কেননা প্রভুই আমাকে তৈলাভিষিক্ত করেছেন। তিনি আমাকে প্রেরণ করেছেন দীনদুঃখীদের কাছে শুভসংবাদ দিতে, ভগ্নহৃদয় মানুষকে সারিয়ে তুলতে, বন্দিদের কাছে মুক্তি, এবং কারারুদ্ধদের কাছে স্বাধীনতা ঘোষণা করতে, প্রভুর প্রসন্নতা-বর্ষ ঘোষণা করতে।

শ্লোক

প্র হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
উ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।
প্র তুমি তো আজ আত্মপ্রকাশ করলে ;
উ আমাদের প্রতি দয়া কর।
প্র পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
উ হে খ্রীষ্ট, জীবনময় ঈশ্বরের পুত্র, * আমাদের প্রতি দয়া কর।

জাখারিয়ার গীতিকা

ধুয়ো: আজ মণ্ডলী * স্বর্গীয় বরের সঙ্গে মিলিতা হল,
কারণ খ্রীষ্ট যর্দন নদীর জলে তার যত পাপ থেকে তাকে ধৌত করলেন;
পন্ডিতগণ রাজার বিবাহোৎসবে উপহার নিয়ে ছুটে আসছেন,
জল আঙুররসে পরিণত হল ব'লে বিবাহ-অতিথিরা আনন্দিত। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি যোহন দ্বারা যর্দন নদীর জলে দীক্ষাস্নাত হতে চাইলেন, আসুন, আমাদের ত্রাণকর্তা সেই খ্রীষ্টের কাছে মিনতি নিবেদন করি:

হে প্রভু, দয়া কর।

-হে খ্রীষ্ট, যর্দন নদীর ধারে তুমি তোমার গৌরবময় আত্মপ্রকাশের আলো আমাদের উপর বিকীর্ণ করেছ। যাদের সঙ্গে আমরা আজ দেখা-সাক্ষাৎ করব, তোমার উপস্থিতির আলোতে তাদের উদ্ভাসিত কর।

-তোমার দীক্ষাস্নানে যোহনের কাছে নিজেকে নমিত ক'রে তুমি আমাদের বিনম্রতার একটি উজ্জ্বল আদর্শ দিয়েছিলে। সেই আদর্শে আমরাও যেন আমাদের ভাইবোনদের প্রতি মঙ্গলানুভবতা ও কোমলতা দেখাতে পারি।

-দীক্ষাস্নানে তুমি পাপদন্ড থেকে আমাদের মুক্ত ক'রে আমাদের করে তুলেছ ঈশ্বরের সন্তান। যাঁরা তোমার অন্বেষণ করেন, তাঁদেরও ঈশ্বরের সন্তানের মর্যাদা দান কর।

-তোমার দীক্ষাস্নানে তুমি নিখিল সৃষ্টি পবিত্রিত করে তুলেছ এবং আমাদের জন্য পিতার কাছে যাওয়ার পথ উন্মুক্ত করেছ। তোমার আশীর্বাদে আমরা যেন মণ্ডলীতে ও বিশ্বজগতে তোমার সুসমাচারের যোগ্য সেবক হতে পারি।

-তোমার দীক্ষাস্নানে তুমি আমাদের কাছে পরম ত্রিত্বের পরিচয় দান করেছিলে: পিতা যিনি, তিনি নিজের পিতৃত্ব ঘোষণা করলেন; পুত্র রূপে তুমি নিজে দেহধারী ঐশবাণী; যিনি পবিত্র আত্মা, তিনি কপোতের বেশে তোমার উপর নেমে এসে অধিষ্ঠান করলেন। আমরা যেন আত্মা ও সত্যের শরণে সেই পরম ত্রিত্বকে ভক্তিভরে পূজা করি।

পূর্বাহ্ণ প্রহর

ধুয়ো: বিশ্বজগতের কাছে * খ্রীষ্ট সগৌরবে আবির্ভূত হলে
জলের উৎসধারা পবিত্র হয়ে উঠল।

বাণী পাঠ ইসা ১১:১-২ক

যেসের মূলকান্ড থেকে এক পল্লব উৎপন্ন হবেন; তার শিকড় থেকে এক নবাঙ্কুর অঙ্কুরিত হবেন। প্রভুর আত্মা—প্রজ্ঞা ও সুবুদ্ধির আত্মা, সুমন্ত্রণা ও পরাক্রমের আত্মা, সুবিবেচনা ও প্রভুভয়ের আত্মা তাঁর উপর অধিষ্ঠান করবে।

℣ তাঁকে উত্তরোত্তর বড় হতে হবে,
℟ আর আমাকে উত্তরোত্তর ছোট হতে হবে।

মধ্যাহ্ন প্রহর

ধুয়ো: তুমি তো * আত্মা ও অগ্নিতে মানবীয় রোগ থেকে আমাদের পরিশুদ্ধ কর,
আমরা তোমাকে ঈশ্বর ও মুক্তিদাতা বলে স্বীকার করি।

বাণী পাঠ ইসা ৪২:১

এই যে আমার সেই দাস, আমি নিজেই যাঁর নির্ভর; তিনি আমার মনোনীতজন, আমার প্রাণ তাঁতেই প্রসন্ন। আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি; সকল দেশের কাছে তিনি নিয়ে যাবেন সুবিচার।

℣ আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করব,
℟ তিনি সর্বজাতির কাছে আমার সুবিচারের কথা প্রচার করবেন।

অপরাহ্ন প্রহর

ধুয়ো : এই যে আমার দাস, * আমার মনোনীতজন ;
আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি।

বাণী পাঠ **ইসা ৪৯:৬**

প্রভু আমাকে একথা বললেন: 'যাকোবের সমস্ত গোষ্ঠী পুনঃপ্রতিষ্ঠিত করার জন্য, ইস্রায়েলের অবশিষ্টাংশ ফিরিয়ে আনার জন্যই যে তুমি আমার দাস, তা তোমার পক্ষে যথেষ্ট নয়। তাই আমি তোমাকে দেশগুলির জন্য আলোরূপে নিযুক্ত করব, তুমি যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত হও আমার পরিত্রাণ।'

℣ এই যে আমার সেই দাস, আমি নিজেই যার নির্ভর ;
℟ তিনি আমার মনোনীতজন, আমার প্রাণ তাঁতেই প্রসন্ন।

২য় সন্ধ্যারতি

স্তোত্র

১। দীক্ষাগুরু দ্বারা আজই
সৃষ্টিকর্তাই হলেন স্নাত :
যর্দন-জলে নামেন যীশু,
জলেই হবে মানুষ ত্রাত।

২। সুকুমারী যাঁরই মাতা,
দরকার নেই তাঁর স্নানকরণ,
বরং নিজেই স্নাত হয়ে
বিশ্বপাপকে করেন হরণ।

৩। 'মম পুত্রে আমি সত্যি
পরম প্রীত' বলেন পিতা ;
কপোত-বেশে সাক্ষীরূপে
তিনিও আছেন—পরমাত্মা।

৪। এর মর্মার্থ অতি স্পষ্ট :
মণ্ডলীর ত্রাণ প্রকাশিত ;
পরম ত্রিত্ব সকল কর্মে
একেশ্বর হয়ে প্রমাণিত।

৫। ওগো জীবন সত্য খ্রীষ্ট,
তুমি সদা প্রশংসিত,
পিতা ও আত্মার জ্যোতি দ্বারা
আজই হলে প্রকাশিত। (১০ম শতাব্দী)

১ম ধুয়ো : যিনি আমার পরে আসছেন, * তিনি আমার আগেও ছিলেন।
আমি তাঁর জুতোর বাঁধন খুলবার যোগ্য নই। সাম ১১০

২য় ধুয়ো : যীশু দাঁড়িয়ে * উচ্চঃস্বরে বললেন,
কেউ যদি তৃষ্ণার্ত হয়, সে আমার কাছে এসে পান করুক। সাম ১১১

৩য় ধুয়ো : তৃষ্ণার্ত যারা, * তোমরা সকলে আমার কাছে এসো।
প্রভুর অন্বেষণ কর, যেহেতু তিনি নিজের উদ্দেশ পেতে দেন। আল্লেলুইয়া।
সাম ১১২

৪র্থ ধুয়ো : তোমরা * আনন্দের সঙ্গে জল তুলে আনবে
পরিত্রাতার উৎসধারা থেকে। সাম ১১৩

৫ম ধুয়ো

১ম সন্ধ্যাঃ এই যে আমার সেই দাস, * আমার মনোনীতজন, আমার প্রাণ তাঁতেই প্রসন্ন।
আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি।

খ্রীষ্টের মর্মসত্য **১ তি ৩:১৬**

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট মাংসে হলেন আবির্ভূত,
আত্মায় ধর্মময় বলে হলেন প্রতিপন্ন।

সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট স্বর্গদূতদের দ্বারা হলেন দৃষ্ট,
বিজাতীয়দের মধ্যে হলেন ঘোষিত।
সকল জাতির মানুষ, প্রভুর স্তুতিগান কর। †
খ্রীষ্ট জগতে বিশ্বাস দ্বারা হলেন গৃহীত,
সগৌরবে হলেন ঊর্ধ্বে উপনীত।

১ম সন্ধ্যাঃ এই যে আমার সেই দাস, * আমার মনোনীতজন, আমার প্রাণ তাঁতেই প্রসন্ন।
আমি তাঁর উপর আমার আত্মা প্রেরণ করেছি।

২য় সন্ধ্যাঃ সুখী তারা,
যারা মেষশাবকের রক্তে তাদের পোশাক ধৌত করে। গীতিকা প্রত্যা ১৫

বাণী পাঠ **শিষ্য ১০:৩৭-৩৮**

যোহন-প্রচারিত দীক্ষাস্নানের পর থেকে গালিলেয়াতে আরম্ভ ক'রে সমস্ত যুদেয়ায় সম্প্রতি কী ঘটেছে, আপনারা তা জানেন: অর্থাৎ, কেমন করে ঈশ্বর নাজারেথের সেই যীশুকে পবিত্র আত্মায় ও পরাক্রমে অভিষিক্ত করেছিলেন। তিনি মানুষের মঙ্গল সাধন করতে করতে ঘুরে বেড়াচ্ছিলেন এবং শয়তানের শক্তির অধীনে থাকা যত মানুষকে সুস্থ করে তুলছিলেন, কারণ ঈশ্বর তাঁর সঙ্গে ছিলেন।

শ্লোক

℣ ইনি তো তিনি, * যিনি জল ও রক্তের মধ্য দিয়ে এসেছেন।
℟ ইনি তো তিনি, * যিনি জল ও রক্তের মধ্য দিয়ে এসেছেন।
℣ ইনিই যীশুখ্রীষ্ট, আমাদের প্রভু,
℟ যিনি জল ও রক্তের মধ্য দিয়ে এসেছেন।
℣ পিতা ও পুত্র ও পবিত্র আত্মার গৌরব হোক।
℟ ইনি তো তিনি, * যিনি জল ও রক্তের মধ্য দিয়ে এসেছেন।

কুমারী মারীয়ার গীতিকা

ধুয়ো: তিনটে বিস্ময়কর কাজ * আজকের দিনটির ভূষণ:
আজ জ্যোতিষ্কটা পন্ডিতদের গোশালায় চালিত করল;
আজ বিবাহোৎসবে জল আঙুররসে পরিণত হল;
আজ আমাদের পরিত্রাণের জন্য
খ্রীষ্ট যর্দন নদীতে যোহন দ্বারা দীক্ষাস্নাত হলেন। আল্লেলুইয়া।

মিনতি নিবেদন

যিনি যর্দন নদীর ধারে আজ যোহন দ্বারা দীক্ষাস্নাত হতে চাইলেন, আসুন, আমাদের ত্রাণকর্তা সেই খ্রীষ্টের কাছে মিনতি জানাই:

আমাদের উপর তোমার আত্মাকে বর্ষণ কর।

-হে ঈশ্বরের সেবক খ্রীষ্ট, তুমি পিতার প্রীতিভাজন। আমরা যেন পবিত্র আত্মার অনুপ্রেরণায় এমন জীবনাচরণ করতে পারি যা পিতার কাছে গ্রহণযোগ্য।

-হে ঈশ্বরের মনোনীতজন খ্রীষ্ট, তুমি নম্রহৃদয়, কোমলপ্রাণ। পাপী হয়েও যারা সরল বিশ্বাসে তোমার অন্বেষণ করে, তাদের প্রতি করুণা দেখাও।

-হে নবসন্ধির মধ্যস্থ খ্রীষ্ট, তুমি সর্বজাতির আলো হতেই পিতা দ্বারা প্রেরিত হয়েছিলে। দীক্ষাস্নানের মাধ্যমে দীক্ষাপ্রার্থীদের চোখ বিশ্বাসের পূর্ণতায় উন্মোচিত কর।

-হে খ্রীষ্ট, তুমি তোমার প্রেরণকর্মের জন্য পিতা দ্বারা পবিত্র আত্মায় অভিষিক্ত হয়েছিলে। কৃপা কর, সকল মানুষ

তোমাতে বিশ্বাস রেখে যেন অনন্ত জীবন পেতে পারে।

-হে আমাদের আশা খ্রীষ্ট, যারা অন্ধকারে বসে আছে, তুমি তাদের পরিত্রাণের আলোতে চালিত কর। আমাদের মৃত ভাইবোনদের তোমার জ্যোতির্ধামে গ্রহণ কর।